Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

547 3/177 1.3 2/231

শ্রীকৃষ্ণ চৈতন্য

সার সংগ্রহ মাধুরিমা

হরি হরয়ে নমঃ কৃষ্ণ
যাদবায় নমঃ
যাদবায় মাধবায়
কেশবায় নমঃ।
গোপাল গোবিন্দ রাম
শ্রীমধুসূদন
গিরিধারী গোপীনাথ
মদন মোহন।

হরে কৃষ্ণ হরে রাম

শ্রীরাধা গোবিন্দ

প্রভু নিত্যানন্দ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

Library

SHREE SHREE MA ANANDAMAYEE ASHRAM

Bhadaini, Varanasi-1

No 3/177.....

Book should be returned by date (last) noted below or re-issue arranged. Otherwise a fine of 10 N.P. daily shall have to be paid.

13. 3. 81

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিস্তার করিয়া গিয়াছেন, বাৎসল্যের সমাশ্রয়ে শ্রীমৎ রঙ্গপুরী প্রথিত—

অদ্বৈতঃ কলয়ামাস দাস্য সখ্যে ফলে উভে।
শ্রীমান্ রঙ্গপুরী হ্যেষ বাৎসল্যে যঃ সমাশ্রিতঃ॥

ভক্তমাল—৩য় মালা।

যে যে ভক্ত যে যে ভাবের বিলাসী তত্তৎ ভাব অনুসারেই তাহারা গতিলাভ করে। গৌরচন্দ্রোদয়েঽদ্বৈতং প্রতি গৌর বরো যথা ঃ—কেহ দাস্যভাবে, কেহ সখ্যভাবে, কেহ বা এই উভয়ভাবে অনুরক্ত, কাহারও বা রাধামাধবের প্রতি কাহারও বা দ্বারকানাথের প্রতি নিষ্ঠা, কাহারও বা বৃন্দাবননাথ বা দ্বারকাধিপতি উভয়ের প্রতি প্রীতি, কেহ বা আবার অন্যান্য অবতারে আসক্ত, আমি অখিলের সকলের মন একত্র করিয়া আমাতে আবদ্ধ করিব এবং বৃন্দাবনাসক্তির ভাব সকলকেই প্রদান করিব। পঞ্চম পুরুষার্থ প্রেমভক্তি লাভ ক'রতে হ'লে শ্রীবৃন্দাবনে গোপী অনুগত হ'য়ে শ্রীমতী রাধারাণীর কৃপা প্রার্থনা ক'রে মধুর ভাবের উপাসনা ক'রতে হবে, সদ্‌গুরুর কৃপা ছাড়া সে অবস্থা লাভ করা সম্ভব হয় না, কারণ শ্রীকৃষ্ণই সদ্‌গুরুরূপে অবতীর্ণ হ'য়ে প্রেমভক্তি দিয়া গিয়াছেন। শাস্ত্র বিশ্বাস ক'রে চ'লতে মহাজনেরা ব্যবস্থা দিয়া গিয়াছেন।

যে ত্যক্ত সর্ব্ববিষয়াঃ সুধিয়ো মহান্তঃ
শাস্ত্রান্তগাঃ পরহিতায় কৃত প্রবন্ধাঃ।
তেষাং বচো যদি ন সংশয়হারি তৎ তে
দুর্ভাণমত্র বদ কেন বিমোচনীয়ম্॥

ভক্তমাল—৩য় মালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাঁহারা সর্ব্ববিষয় পরিত্যক্ত, শাস্ত্রানুগামী, সুধী ও মহান্ত, যাঁহারা জগতের হিতের জন্য প্রবন্ধ (শাস্ত্রগ্রন্থ) রচনা করিয়াছেন, তাঁহাদিগের বাক্যেও যদি তোমার সংশয় দূর না হয়, তবে আর তোমার ভ্রান্ত ধারণা কে দূর করিবে ?

তারপর তাঁরা আবার প্রণাম করে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, বৈষ্ণবেরা অদ্বৈত প্রভুর প্রণালীমত দাস্যভাবে ভগবৎ আরাধনা করেন, সদ্‌গুরুদত্ত সাধন পেয়ে তাঁর আদেশ মত চলাই একমাত্র ভগবৎ লাভের পথ, যে যে ভাবেই তাঁর আরাধনা করুক সময়ে কৃপা লাভ ক'রবার অধিকার পাবে।

১৩ই আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম করে কাছে বস্‌লাম তাঁরা আশীর্ব্বাদ করলেন; এমন সময় সেই বৈষ্ণব পাঁচজন এলেন সাষ্টাঙ্গ প্রণাম করে ব'ললেন—মা,

সম্প্রদায় বিহীনা যে মন্ত্রাস্তে নিষ্ফলা মতাঃ।
সাধনৌঘৈর্নসিধ্যন্তি কোটীকল্প শতৈরপি॥

পাদ্মে তথা গৌতমীয়ে তথা নারদ পঞ্চরাত্রে—
ভক্তমাল ৫ম মালা।

সম্প্রদায় শূন্য মন্ত্র নিষ্ফল, কোটীকল্প কাল সাধনা দ্বারাও তাহা সিদ্ধ হয় না।

মহাপ্রসাদে গোবিন্দে নামব্রহ্মণি বৈষ্ণবে।
স্বল্পপূণ্যবতাং রাজন্ বিশ্বাসো নৈব জায়তে॥

পাদ্মে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে রাজন, যাহারা স্বল্প পূণ্যশীল, মহাপ্রসাদে, গোবিন্দে, নামব্রহ্ম ও বৈষ্ণবে কিছুতেই তাহাদের বিশ্বাস জন্মে না।

পূজনীয় বিষ্ণু বিগ্রহকে শিলা, গুরুদেবকে মানব এবং বৈষ্ণবকে জাতি বলিয়া যে ব্যক্তি জ্ঞান করে, বিষ্ণুর বা বৈষ্ণবের সেই কলি কলুষ নাশক পাদোদককে যে ব্যক্তি সামান্য বারি বলিয়া জ্ঞান করে, সকল পাপ নাশক শ্রীবিষ্ণুর নাম ও মন্ত্রকে যে ব্যক্তি সামান্য শব্দ মাত্র জ্ঞান করে অথবা যে ব্যক্তি সেই সর্ব্বেশ্বরের সহিত তদিতরগণের সমতা বুদ্ধিসম্পন্ন, সে ব্যক্তি নিরয়গামী হয়।

ভক্তিরষ্টবিধা হ্যেষা যস্মিন্ ম্লেচ্ছেঽপি বর্ত্ততে।
স বিপ্রেন্দ্রো মুনিঃ শ্রীমান্ স যতিঃ স চ পণ্ডিতঃ।
তস্মৈদেয়ং ততো গ্রাহ্যং স চ পূজ্যো যথা হরিঃ॥

গারুড়ে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

অষ্টবিধা ভক্তি যে ম্লেচ্ছে বিদ্যমান আছে, সে ম্লেচ্ছ বিপ্রশ্রেষ্ঠ, মুনি ও শ্রীসম্পন্ন, সেও যতি, সেও পণ্ডিত। যাহা (শ্রীহরিকে) দেয়, তাহা সেই ম্লেচ্ছকে দিবে; এবং যাহা (শ্রীহরির নিকট হইতে গ্রহণীয়; তাহা সেই ম্লেচ্ছের নিকট হইতে গ্রহণ করিবে; সেই ম্লেচ্ছও শ্রীহরির ন্যায় পূজনীয়॥

তারপর তাঁরা চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, আজ এই পর্য্যন্ত যা হ'ল লিখে রাখ, অসুস্থ শরীরে বিশ্রাম আবশ্যক। এই-সব সংস্কৃত লেখার বাঙ্গালা অনুবাদ পরে পাবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৪ই আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম করে কাছে বসলাম তাঁরা আশীর্ব্বাদ করলেন। এমন সময় সেই বৈষ্ণব পাঁচজন এলেন, সাষ্টাঙ্গ প্রণাম ক'রে ব'সলেন; বললেন—মা, শ্রবণ কর ভগবৎ ভক্তরাই বৈষ্ণব নামে খ্যাত।

শূদ্রং বা ভগবদ্ভক্তং নিষাদং শ্বপচং তথা।
বীক্ষতে জাতিসামান্যাৎ স যাতি নরকং ধ্রুবম্॥

ইতিহাস সমুচ্চয়—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

ভগবন্নিষ্ঠ ব্যক্তিকে যদি কেহ শূদ্র, ব্যাধ, অথবা চণ্ডাল প্রভৃতি সামান্য জাতির তুল্য দেখে সে নিশ্চয় নরকগামী হয়।

বৈষ্ণবান্ ভজ কৌন্তেয় মা ভজস্বান্য দেবতাঃ॥
পুনন্তি বৈষ্ণবাঃ সর্ব্বে সর্ব্বদেবানিদং জগৎ॥

দ্বারকামাহাত্ম্যে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

হে কৌন্তেয়! তুমি বৈষ্ণবদিগের ভজনা কর, অন্য দেবতাদিগের ভজনা করিওনা, বৈষ্ণববৃন্দই সর্ব্বদেবতা এবং এই জগতকে পবিত্র করিতেছেন।

মদ্ভক্তো দুর্ল্লভো যস্য স এব মম দুর্ল্লভঃ।
তৎপরো দুর্ল্লভো নাস্তি সত্যং সত্যং ধনঞ্জয়॥

দ্বারকামাহাত্ম্যে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

হে ধনঞ্জয়! মদীয় ভক্ত যাঁহার নিকট দুর্লভ তিনি মৎসকাশেও দুর্লভ, সত্য সত্যই তদপেক্ষা দুর্লভ আমার অন্য কেহ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হরিভক্তিপরাণান্তু সঙ্গিনাং সঙ্গমাত্রতঃ।
মুচ্যতে সর্ব্বপাপেভ্যো মহাপাতকবানপি॥

বৃহন্নারদীয়ে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

হরিভক্তিনিষ্ঠদিগের সঙ্গীদিগের সঙ্গলাভে মহাপাপীগণের সর্ব্বপাপ মোচন হয়।

কলৌ ভাগবতং নাম যস্য পুংসঃ প্রজায়তে।
জননী পুত্রিণী তেন পিতৃণান্তু ধুরন্ধরঃ॥

সৌপর্ণে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

যে ব্যক্তি এই কলিযুগে ভাগবৎ বৈষ্ণব নামে কথিত, সেই ব্যক্তি পিতৃগণের ধুরন্ধর এবং তাহার জননী প্রকৃত পুত্রবতী।

কলৌ ভাগবতং নাম দুর্লভং নৈব লভ্যতে।
ব্রহ্মরুদ্রপদ্যোৎকৃষ্টং গুরুণা কথিতং মম॥

সৌপর্ণে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

আমার গুরুদেব বলিয়াছেন, কলিযুগে ভাগবত নাম দুর্লভ, উহা প্রাপ্ত হওয়া কঠিন, ব্রহ্মপদ ও রুদ্রপদ অপেক্ষাও উহা শ্রেষ্ঠ।

যস্য ভাগবতং চিহ্নং দৃশ্যতে তু হরির্মুনে।
গীয়তে চ কলৌ দেবা জ্ঞেয়াস্তে নাস্তি সংশয়ঃ॥

সৌপর্ণে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

হে মুনিপ্রবর! যাঁহার দেহে ভাগবৎ চিহ্ন দৃষ্ট হয় এবং যাঁহারা হরিগুণ গান করেন তাঁহাদিগকে দেবতা জ্ঞান করিবে, তদ্বিষয়ে সন্দেহ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্বপচোঽপি মহীপাল! বিষ্ণোর্ভক্তো দ্বিজাধিকঃ।
বিষ্ণুভক্তিবিহীনো যো যতিশ্চ শ্বপচাধিকঃ॥

নারদীয়ে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

হে রাজন্! হরিভক্ত চণ্ডালও ব্রাহ্মণ অপেক্ষা শ্রেষ্ঠ এবং হরিভক্তি শূন্য ব্রাহ্মণও চণ্ডাল অপেক্ষা হীন।

তাবদ্ ভ্রমন্তি সংসারে পিতরঃ পিণ্ডতৎপরাঃ
যাবৎ কুলে ভক্তিযুক্তঃ সুতো নৈব প্রজায়তে॥

স্কান্দে রেবাখণ্ডে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

যাবৎ বংশে হরিভক্ত পুত্র জন্মগ্রহণ না করে তাবৎ বংশে পিতৃপুরুষগণ পিণ্ড প্রার্থী হইয়া সংসার সাগরে ভ্রমণ করেন।

নামযুক্তজনাঃ কেচিৎ জাত্যন্তর-সমন্বিতাঃ।
কুর্ব্বন্তি মে যথা প্রীতিং ন তথা বেদ পারগাঃ।

স্কান্দে রেবাখণ্ডে শ্রীভগবদ্বাক্যম্—
ভক্তমাল ৬ষ্ঠ মালা।

বেদপারগ ব্রাহ্মণগণও আমার তদ্রূপ প্রীতি সম্পাদনে সমর্থ নহেন; আমার নামযুক্ত জাত্যন্তর সমন্বিত জন (হরি-নামপর নিকৃষ্ট জাতির ব্যক্তিগণও) আমার যে প্রকার প্রীতি সাধন করেন।

মাং হি পার্থ ব্যপাশ্রিত্য যে ঽপি স্যুঃ পাপযোনয়ঃ।
স্ত্রিয়ো বৈশ্যাস্তথা শূদ্রাস্তেঽপি যান্তি পরাং গতিম্॥

শ্রীমদ্ভাগবতগীতা—৯।৩২।

হে পার্থ! স্ত্রী, বৈশ্য, শূদ্র অথবা কোন পাপযোনির লোকও আমাকে আশ্রয় করিলে পরমাগতি প্রাপ্ত হয়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁরা শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে সাষ্টাঙ্গ প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, লিখে রাখ।

১৫ই আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজ ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই ভক্ত বৈষ্ণব পাঁচ জন এসে তাঁদের সাষ্টাঙ্গ প্রণাম ক'রে বললেন—মা, শ্রবণ কর।

সতাং প্রসঙ্গান্মমবীর্য্যসম্বিদো
ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ।
তজ্জোষণাদাশ্বপবর্গ বর্ত্মনি
শ্রদ্ধারতির্ভক্তিরনুক্রমিষ্যতি॥

শ্রীমদ্ভাগবত—৩।২৫।২৫।

সাধুগণের প্রসঙ্গ মদীয় বিক্রম জ্ঞাপক, তাঁহাদিগের কথা আমার হৃদয় ও কর্ণের রসায়ণ স্বরূপ, তদ্দ্বারা আমার অপবর্গের পথে ক্রমান্বয়ে শ্রদ্ধা, রতি ও ভক্তির সমাবেশ হইবে।

সত্রযাজি সহস্রেভ্যঃ সর্ব্ববেদান্তপারগঃ।
সর্ব্ববেদান্তবিৎকোট্যা বিষ্ণুভক্তো বিশিষ্যতে।
বৈষ্ণবানাং সহস্রেভ্য একান্ত্যেকো বিশিষ্যতে॥

গারুড়ে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

সহস্র সত্রযাজি অপেক্ষা একজন সর্ব্ববেদান্তপারগ এবং কোটী সর্ব্ববেদান্তপারগ অপেক্ষা একজন বৈষ্ণব শ্রেষ্ঠ;

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আবার একান্ত কৃষ্ণভক্ত একজন সহস্র সহস্র বৈষ্ণব হইতে উৎকৃষ্ট।

অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাক্।
সাধুরেব স মন্তব্যঃ সম্যগ্ ব্যবসিতো হি সঃ॥

শ্রীমদ্ভাগবতগীতা—৯।৩০।

যে ব্যক্তি অনন্য চিত্তে আমার ভজনা করে সুদুরাচার হলেও সে সাধু বলিয়া গণনীয়, যেহেতু সে সম্যক প্রকারে মৎপ্রতি একান্ত চিত্ত।

সংকীর্ণযোনয়ঃ পূতা যে ভক্তা মধুসূদনে।
ম্লেচ্ছতুল্যাঃ কুলীনাস্তে যে ন ভক্তা জনার্দ্দনে॥

ভক্তমাল—৬ষ্ঠ মালা।

শ্রীমধুসূদনের ভক্ত হইলে নীচযোনিজ ব্যক্তিও পবিত্র হয়, কিন্তু জনার্দ্দনে ভক্তিমান না হইলে কুলীনও ম্লেচ্ছসদৃশ হয়।

বিষ্ণুভক্তিবিহীনাচ্চ ভক্তিহীনো ভবেন্নর।
শৈবাৎ শাক্তাৎ গৃহীত্বা চ হরৌ ভক্তির্ন বর্দ্ধতে॥

ব্রহ্মবৈবর্ত্তে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

হরিভক্তি শূন্য ব্যক্তির নিকট মন্ত্র গ্রহণে লোক ভক্তিশূন্য হয়, শৈব ও শাক্তের সকাশে গৃহীত মন্ত্রে কাহারও হরিভক্তি বৃদ্ধি পায় না।

যস্যাস্তি ভক্তির্ভগবত্যকিঞ্চনা
সর্ব্বৈর্গুণৈস্তত্র সমাসতে সুরাঃ।
হরাবভক্তস্য কুতো মহদ্গুণা,
মনোরথেনাসতি ধাবতো বহিঃ॥

শ্রীমদ্ভাগবত—৫।১৮।১২।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভগবানের প্রতি যাহার অকিঞ্চন ভক্তি বিদ্যমান, সুরগণ সর্ব্বগুণসহ তাঁহাতে অধিষ্ঠিত থাকেন, শ্রীহরির অভক্তদিগের মনোরথ নিরত বহির্ম্মুখে (ভক্তি হইতে দূরে) ধাবমান, তাহারা মহদ্‌গুণ কোথায় পাইবে।

তারপর তারা আবার প্রণাম ক'রে চলে গেলেন।

১৭ই আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম এমন সময় সেই বৈষ্ণব পাঁচ জন এলেন, সাষ্টাঙ্গ প্রণাম করে বসলেন, বললেন—মা শ্রবণ কর—

শ্রীমদ্ভাগবতার্থানামাস্বাদো রসিকৈঃ সহ ।
সজাতীয়াশয়ে স্নিগ্ধে সাধৌ সঙ্গঃ স্বতো বরে ॥

ভক্তমাল—১৮শ মালা।

রসিক জনের সহিত শ্রীমদ্ভাগবতার্থের আস্বাদ গ্রহণ এবং সম বাসনা পরায়ণ আপন অপেক্ষা প্রধান স্নিগ্ধমূর্ত্তি সাধুসঙ্গ ভজনের অঙ্গ।

তপন্তু তাপৈঃ প্রপতন্তু পর্ব্বতাদটন্তু তীর্থানি পঠন্তু চাগমান্।
যজন্তু যাগৈর্ব্বিবদন্তু বাদৈর্হরিং বিনা নৈব মৃতিং তরন্তি ॥

শ্রীধরস্বামি পাদানাম্—ভক্তমাল ১৮শ মালা।

তপস্যার তাপেই সন্তপ্ত হউন, গিরি হইতেই পতিত হউন, তীর্থাদিই পর্য্যটন করুন, আগমাদি অধ্যয়ন করুন, যাগযজ্ঞের অনুষ্ঠান করুন, অথবা তর্কাশ্রয়ে বিবাদই করুন,

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীহরির সাহায্য ভিন্ন কেহ মৃত্যুমুখ হইতে ত্রাণ পাইতে পারে না।

ধীরো ন মুহ্যতি মুকুন্দনিবিষ্টচেতাঃ
পুঙ্খানুপুঙ্খবিষয়েক্ষণতৎ পরোঽপি।
সঙ্গীতবাদ্যলয়তালবশংগতাপি
মৌলিস্থকুম্ভপরিরক্ষণধীন টীব॥

ভক্তমাল ১৮শ মালা।

মুকুন্দ নিবিষ্টচেতা ধীর ব্যক্তি পুঙ্খানুপুঙ্খ বিষয়কার্য্য পরিদর্শনে নিরত থাকিয়াও মোহ প্রাপ্ত হন না; যেমন নর্ত্তকী সঙ্গীতবাদ্যলয়তালবশে নিযুক্ত থাকিয়াও মস্তকস্থ কুম্ভ পরিরক্ষণে মতি স্থির রাখিয়া থাকে।

অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥

ভক্তিরসামৃতসিন্ধৌ—ভক্তমাল ১৮শ মালা।

অন্যাভিলাষিতাহীন, জ্ঞানকর্ম্মাদি দ্বারা আবৃত নহে অথচ শ্রীকৃষ্ণের জন্য যে অনুকূল অনুশীলন তাহাই উত্তমা ভক্তি।

প্রায়েণ ভক্তিযোগেন সৎসঙ্গেন বিনোদ্ধব।
নোপায়ো বিদ্যতে সম্যক্ প্রায়ণং হি সতামহম্॥

শ্রীমদ্ভাগবত—১১।১১।৪৮।

হে উদ্ধব! সাধুসঙ্গাশ্রয়ে ভক্তিযোগ ব্যতীত সংসার ত্রাণের আর উপায় নাই, আমি সাধুগণেরই পরম আশ্রয়।

তাঁরা আবার প্রণাম ক'রে চলে গেলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৯শে আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। সেই বৈষ্ণব পাঁচজন এলেন, প্রণাম ক'রে ব'সে বললেন—মা, হরিভক্তিপরায়ণ বৈষ্ণব ছাড়া দীক্ষা গ্রহণ করা উচিত নয়। নারদ পঞ্চরাত্রে তথা যামলে হরি ভক্তি বিলাস গ্রন্থ প্রসিদ্ধ।

অবৈষ্ণবোপদিষ্টেন মন্ত্রেণ নিরয়ং ব্রজেৎ।
পুনশ্চ বিধিনা সম্যক্ গ্রাহয়েদ্ বৈষ্ণবাদ্ গুরোঃ।

ভক্তমাল—৬ষ্ঠ মালা।

অবৈষ্ণবের নিকট উপদেশপ্রাপ্ত মন্ত্রের দ্বারা নরকগামী হইতে হয় সুতরাং বৈষ্ণবগুরুর নিকট সম্যক্ বিধিপূর্ব্বক মন্ত্র গ্রহণ করিবে।

মহাকুল প্রসূতোঽপি সর্ব্বযজ্ঞেষু দীক্ষিতঃ।
সহস্রশাখাধ্যায়ী চ ন গুরুঃ স্যাদবৈষ্ণবঃ॥

পাদ্মোত্তর খণ্ডে—মহাদেব উবাচ—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

অবৈষ্ণব ব্যক্তি মহাবংশে জন্মগ্রহণ করিয়াও, সর্ব্বযজ্ঞে দীক্ষিত হইয়াও এবং সহস্র শাখা অধ্যয়ন করিয়াও গুরুযোগ্য নহেন।

যস্তু মন্ত্রদ্বয়ং সম্যগধ্যাপয়তি বৈষ্ণবঃ।
স আচার্য্যস্তু বিজ্ঞেয়ো ভববন্ধবিদারকঃ॥

পাদ্মে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

যে ব্যক্তি বিষ্ণুমন্ত্রদ্বয় সম্যক্ ধারণ করিয়াছেন, তিনিই বৈষ্ণব, আচার্য্য ও ভব বন্ধনহারী বলিয়া কথিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন দানং ন তপো নেজ্যা ন শৌচং ন ব্রতানি চ।
প্রিয়তেঽমলয়া ভক্ত্যা হরিরন্যদ্বিড়ম্বনম্॥

শ্রীমদ্ভাগবত—৭।৭।৫২।

দানে নহে, তপস্যায় নহে, শৌচে নহে, ব্রতাদিতে নহে, কেবল নির্ম্মল ভক্তিতেই শ্রীহরি সন্তুষ্ট হন।

শ্রেয়ঃস্রুতিং ভক্তিমুদস্য তে বিভো।
ক্লিশ্যন্তি যে কেবলবোধলব্ধয়ে।
তেষামসৌ ক্লেশল এব শিষ্যতে।
নান্যদ্ যথা স্থূলতুষাবঘাতিনাম্॥

শ্রীমদ্ভাগবত—১০।১৪।৪।

হে বিভো! ভবদীয় ভক্তিমার্গে কল্যাণ স্রোত প্রবাহিত, যাহারা কেবল জ্ঞানমার্গানুসারী তাহারা ক্লেশই পাইয়া থাকে, স্থূল তুষাবঘাতীরা যেমন বৃহত্তর দর্শনে আগড়ায় অবঘাত করে তাহারাও সেইরূপ বৃথা ক্লেশ পায়।

আলিঙ্গনং বরং মন্যে ব্যালব্যাঘ্রজলৌকসাম্।
ন সঙ্গঃশল্যযুক্তানাং নানা দেবৈকসেবিনাম্॥

বিষ্ণুরহস্যে—ভক্তমাল ১৮শ মালা।

সর্প, ব্যাঘ্র ও জলৌকার আলিঙ্গন বরং শ্রেয়ঃ বলিয়া জ্ঞান করি কিন্তু, নানা দেবৈকসেবী শল্যযুক্ত ব্যক্তিগণের সঙ্গ কখনও ভাল বলিয়া জ্ঞান করি না।

তারপর তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, এই সব লেখা সময়ে প্রকাশ হবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২০শে আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচ জন এলেন সাষ্টাঙ্গ প্রণাম ক'রে ব'সলেন, বললেন—মা শ্রবণ কর।

গৃহীত বিষ্ণুদীক্ষাকো বিষ্ণুপূজাপরো নরঃ।
বৈষ্ণবোঽভিহিতোঽভিজ্ঞৈরিতরোঽস্মাদবৈষ্ণবঃ॥

হরিভক্তি বিলাসে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

বিষ্ণুমন্ত্র গৃহীতা, বিষ্ণুপূজারত ব্যক্তিই বিজ্ঞব্যক্তিসমূহ কর্ত্তৃক বৈষ্ণব নামে কথিত, তদ্ব্যতীত অন্য সমস্ত লোক অবৈষ্ণব।

চিদানন্দাকরাং জলদরুচিসারং শ্রুতিগিরাং
ব্রজস্ত্রীণাং হারং ভবজলধিপারং কৃতধিয়াম্।
বিহন্তুং ভূভারং বিদধদবতারং মুহুরহো
হরিং বারং বারং ভজত কুশলারম্ভকৃতিনঃ॥

শ্রীমধুসূদনাচার্য্যস্য ভাষ্যে—ভক্তমাল ১৮শ মালা।

শ্রুতিবাণী যাঁহাকে চিদানন্দরূপ জলদশ্যামলকান্তি বলিয়া নিরূপণ করিয়াছেন, ব্রজাঙ্গনাদিগের যিনি কণ্ঠহারস্বরূপ আত্মসংযমিগণের যিনি ভবসাগরের একমাত্র কর্ণধার, যিনি ভূভার হরণার্থ যুগে যুগে নানা অবতাররূপ পরিগ্রহ করিয়াছেন, হে হিতব্রতানুষ্ঠাতৃগণ! তোমরা সেই শ্রীহরিকে বার বার ভজনা কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বংশীবিভূষিতকরাৎ নবনীরদাভাৎ
পীতাম্বরাৎ অরুণবিম্বফলাধরৌষ্ঠাৎ।
পূর্ণেন্দুসুন্দরমুখাৎ অরবিন্দনেত্রাৎ
কৃষ্ণাৎ পরং কিমপি তত্ত্বমহং ন জানে॥

শ্রীমধুসূদনাচার্য্যস্য ভাষ্যে—ভক্তমাল ১৮শ মালা।

বংশী বিভূষিত হস্ত, জলদকান্তি, পীতবাস, অরুণ বিম্বাধরোষ্ঠ, পূর্ণেন্দুসুন্দর মুখ, কমললোচন সেই শ্রীকৃষ্ণ ব্যতীত কোন পরম তত্ত্বই আমি জানি না।

ঈশ্বরঃ পরমঃ কৃষ্ণঃ সচ্চিদানন্দবিগ্রহঃ।
অনাদিরাদির্গোবিন্দঃ সর্ব্বকারণকারণম্॥

ব্রহ্মসংহিতায়াম্—ভক্তমাল ১৮শ মালা।

শ্রীকৃষ্ণই পরমেশ্বর, সচ্চিদানন্দ মূর্ত্তি, আদি ও অনাদি, গোবিন্দ এবং সর্ব্ব কারণকারণ।

দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া।
মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে।

শ্রীমদ্ভাগবতগীতা—৭।১৪।

আমার মায়া দৈবী গুণময়ী দুর্লঙ্ঘ্য, যাঁহারা আমার শরণ গ্রহণ করেন তাঁহারা এই মায়া হইতে উত্তীর্ণ হন।

যদ্রাজ্যে ন নৃপঃ কার্ষ্ণো বিদ্বান্ বিপ্রস্তথৈব চ।
তত্র পাষণ্ডিনো লোকা ভবন্তি নাত্র সংশয়॥

পাদ্মে—ভক্তমাল ১৮শ মালা।

যে রাজ্যে রাজা কৃষ্ণভক্ত এবং ব্রাহ্মণ বিদ্বান না হন, সে রাজ্যে লোক পাষণ্ডী হয়, সন্দেহ নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, নাম নিয়মমত না ক'রলে কি ক'রে নামের অনুভূতি বুঝতে পারবে। শক্তিপূর্ণ নাম সবাই পায় নাই, আবার যারা পেয়েছে সাধন না করাতে শক্তি জাগ্রত হ'তে পারে নাই, "উপদেশামৃত"তে তো সব কথাই বলা হ'য়েছে। এই সব লেখা প্রকাশ হবে কিছু বিলম্ব আছে।

২১শে আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম করে কাছে ব'সলাম তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। শ্রীশ্রীগোঁসাইজী ব'ললেন—মা, জগন্নাথ দেব বললেন, তুমি ঘরে ব'সেই তাঁর দর্শন পাবে। যেখানে শ্রীব্রজলীলা প্রকাশ হয় সেই স্থানই শ্রীবৃন্দাবন, তুমি তো নিত্যলীলায় ডুবে আছে, ছুটোছুটীর প্রয়োজন নাই, সুবিধামত যেও, কাল দর্শন তো পেলে ব্যাকুল হ'য়ে ডাকতে পারলে তিনি নিজে এসেই দেখা দেন।

আমি—যেতে না পারাতে মনে কষ্ট হচ্ছিল তারপর দর্শন পেয়ে মনপ্রাণ আনন্দে ভরে গেল। সেই বৈষ্ণব পাঁচজন এলেন প্রণাম ক'রে ব'সে বললেন—মা শ্রবণ কর।

শিবঃ শক্তিযুতঃ শশ্বৎ ত্রিলিঙ্গো গুণ সংবৃতঃ।
হরির্হি নির্গুণঃ সাক্ষাৎ পুরুষঃ প্রকৃতেঃ পরঃ॥
শ্রীমদ্ভাগবত—১০।৮৮।৩।৫]।

শিব শক্তি সমন্বিত এবং ত্রিবিধগুণসম্পন্ন; শ্রীহরি নির্গুণ দৃশ্যমান প্রকৃতির অতীত পুরুষ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিম্নগানাং যথা গঙ্গা দেবনামচ্যুতো যথা।
বৈষ্ণবানাং যথা শম্ভুঃ পুরাণানামিদং তথা॥

শ্রীমদ্ভাগবত—১২।১৩।১৬।

গঙ্গা যেমন নদীসমূহের, নারায়ণ যেমন দেবতাদিগের এবং শম্ভু যেমন বৈষ্ণবগণের মধ্যে শ্রেষ্ঠ, এই শ্রীমদ্ভাগবত গ্রন্থ তদ্রূপ পুরাণের মধ্যে প্রথিত।

সর্ব্বধর্ম্মান্ পরিত্যজ্য মামেকং শরণং ব্রজ।
অহং ত্বাং সর্ব্বপাপেভ্যো মোক্ষয়িষ্যামি মা শুচঃ॥

শ্রীমদ্ভাগবতগীতা—১৮।৬৬।

সর্ব্বধর্ম্ম বিসর্জ্জনপূর্ব্বক একমাত্র আমার শরণ লও, আমি তোমার সর্ব্বপাপ দূর করিব, শোক করিও না।

ত্যক্ত্বা স্বধর্ম্মং চরণাম্বুজং হরে-
র্ভজন্নপক্কোঽথ পতেত্ততো যদি।
যত্র ক্ব বাঽভদ্রমভূদমুষ্য কিং।
কো বার্থ আপ্তোঽভজতাং স্বধর্ম্মতঃ॥

শ্রীমদ্ভাগবত—১।৫।১৭।

যদি কেহ স্বধর্ম্ম পরিত্যাগে শ্রীহরির পাদপদ্ম ভজনায় অসিদ্ধ অবস্থায় পতিত হয় তবে তাহার অভদ্রত্ব হেতুই বা কি অশুভ হয়, আর যাহারা শ্রীহরির ভজনা করেনা মাত্র স্বধর্ম্ম হতেই বা তাহাদের কি অর্থলাভ হয়।

আজ্ঞায়ৈবং গুণান্ দোষান্ ময়াদিষ্টানপি স্বকান্।
ধর্ম্মান্ সন্ত্যজ্য যঃ সর্ব্বান্ মাং ভজেৎ স চ সত্তমঃ॥

শ্রীমদ্ভাগবত—১১।১১।৩২।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মৎ কর্ত্তৃক আজ্ঞাপ্রাপ্ত হইয়াও মদাদিষ্ট ধর্ম্মের দোষগুণ বিদিত হইয়াও সম্যক্‌রূপে স্বধর্ম্ম পরিত্যাগ করিয়া যিনি আমার ভজনা করেন তিনিই সত্তম।

তীর্থান্যশ্বত্থতরবো গাবো বিপ্রাস্তথা স্বয়ম্।
মদ্ভক্তাশ্চেতি বিজ্ঞেয়াঃ পঞ্চৈতে তনবো মম॥

হরিভক্তি সুধোদয়ে শ্রীভগবদ্ ব্রহ্ম সংবাদে—
ভক্তমাল ৬ষ্ঠ মালা।

তীর্থসমূহকে, অশ্বত্থ বৃক্ষসকলকে, গো, বিপ্রদিগকে এবং মদীয় ভক্তগণকে—এই পাঁচটিকে আমার স্বকীয় দেহ বলিয়া জানিবে

অবিস্মিতং তং পরিপূর্ণকামং
স্বেনৈব লাভেন সমং প্রশান্তম্।
বিনোপসর্পত্যপরং হি বালিশঃ।
শ্বলাঙ্গুলেনাতিতিতর্ত্তি সিন্ধুম্॥

শ্রীমদ্ভাগবত—৬।৯।২২।

যিনি বিস্ময়ের অতীত, যিনি আত্মলাভেই পূর্ণকাম, যিনি প্রশান্ত ও সমভাব বিশিষ্ট, তাঁহাকে বিসর্জ্জনপূর্ব্বক যে ব্যক্তি অপরের আশ্রয়াকাঙ্ক্ষী হয়, সে মূর্খ সারমেয়পুচ্ছ ধারণে মহাসাগর পার হইতে বাসনা করে।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, এই সব বৈষ্ণবতত্ত্ব মূল গ্রন্থ থেকে দিচ্ছেন, একটু একটু ক'রে বহুদিন ধরে দেবেন, লিখে রাখ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২২শে আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসলেন, বললেন—মা, শ্রবণ কর।

অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতম্।
আনুকূল্যেন কৃষ্ণানুশীলনং ভক্তিরুত্তমা॥

ভক্তিরসামৃতসিন্ধৌ—ভক্তমাল ১৮শ মালা।

অন্যাভিলাষিতাহীন জ্ঞান, কর্ম্মাদিদ্বারা আবৃত নহে, অথচ শ্রীকৃষ্ণের জন্য যে অনুকূল অনুশীলন তাহাই উত্তমা ভক্তি।

যদা গারেহ কৃষ্ণসেবা কার্য্যসেবা তথৈব চ।
শ্মশান তুল্যং তদ্‌গৃহং স এব শ্বপচাধমঃ॥

পাদ্মে—ভক্তমাল ১৮শ মালা।

যাহার গৃহে শ্রীকৃষ্ণের ও কৃষ্ণভক্তের সেবা না হয়, তাহার গৃহ শ্মশান সদৃশ এবং সে ব্যক্তি চণ্ডালাধম।

তন্মন্দিরং চিতাতুল্যং তদ্বর্ণনং খরোপমম্।
শুনতুল্যং তদাস্যং যঃ কার্য্যকৃষ্ণবহির্ম্মুখঃ॥

পাদ্মে—ভক্তমাল ১৮শ মালা।

যে ব্যক্তি কৃষ্ণভক্তদিগের ও শ্রীকৃষ্ণের প্রতি বিমুখ তাহার গৃহ চিতাসদৃশ, তাহার পরিচয় গর্দ্দভ তুল্য এবং তাহার বদন কুক্কুর তুল্য।

সকৃদেব প্রপন্নোযস্তবাস্মীতি চ যাচতে।
অভয়ং সর্ব্বদা তস্মৈ দদাম্যেতদ্ ব্রতং মম॥

হরিভক্তি বিলাস—শ্রীচৈতন্যচরিতামৃত ম.—২২।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমারই হইলাম বলিয়া আমার শরণাপন্ন হইয়া যে ব্যক্তি প্রার্থনা করে আমি নিরন্তর তাহাকে অভয়প্রদান করি ইহাই আমার ব্রত।

যথা কাঞ্চনতাং যাতি কাংস্যং রসবিধানতঃ।
তথা দীক্ষাবিধানেন দ্বিজত্বং জায়তে নৃণাম্॥

পাদ্মে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

রস বিধান নিবন্ধন দ্রব্য সংযোগে কাংস্য যেরূপ কাঞ্চনত্ব প্রাপ্ত হয়, সেইরূপ লোক দীক্ষাবিধানদ্বারা ব্রাহ্মণত্ব লাভ করে।

পিতৃগোত্রেণ যা কন্যা স্বামিগোত্রেণ গোত্রিকা।
তথা দীক্ষাপ্রভাবেণ দ্বিজত্বং জায়তে নৃণাম্॥

ভক্তমাল—৬ষ্ঠ মালা।

কন্যা যেমন পিতৃগোত্র হইতে পতিগোত্র প্রাপ্ত হয়, দীক্ষা প্রভাবে মনুষ্যেরাও তদ্রূপ দ্বিজত্ব লাভ করে।

তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা।
মৎকথা শ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে॥

শ্রীমদ্ভাগবত—১১।২০।৯।

যাবৎ নির্ব্বেদ ভাব অর্থাৎ আমার (কৃষ্ণের) কথা ছাড়া অন্য কথায় বিরক্তি উপস্থিত না হয়, অথবা যাবৎ পর্য্যন্ত আমার কথা শ্রবণাদিতে শ্রদ্ধা না জন্মে, তাবৎ কর্ম্মাদি (সে পর্য্যন্ত শাস্ত্র নির্দ্দিষ্ট কর্ম্মাদি) কর্ত্তব্য।

ইন্দ্রো মহেশ্বরো ব্রহ্মা পরং ব্রহ্মতদৈব হি।
শ্বপচোঽপি ভবত্যেব যদা তুষ্টোঽসি কেশব॥

ভক্তমাল—৬ষ্ঠ মালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে কেশব! ভবদীয় তুষ্টিতে ইন্দ্র, মহেশ্বর, ব্রহ্মা ও পরম-ব্রহ্মের পদ চণ্ডালও লাভ করে।

ব্রাহ্মণঃক্ষত্রিয়ো বৈশ্যঃশূদ্রো বা যদি বেতরঃ।
বিষ্ণুভক্তি সমাযুক্তো জ্ঞেয়ঃ সর্ব্বোত্তমোত্তমঃ॥

স্কান্দেরেবাখণ্ডে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র বা তদিতর জাতিও যদি বিষ্ণু-ভক্তি নিষ্ঠ হয় সে সর্ব্বোত্তমোত্তম বলিয়া গণ্য।

যে মে ভক্তজনাঃ পার্থ ন মে ভক্তাশ্চ তে জনাঃ।
মদ্ভক্তানাঞ্চ যে ভক্তাস্তে মে ভক্ততমা মতাঃ॥

লঘুভাগবতামৃতে উত্তরখণ্ডে আদিপুরাণবচনম্—
শ্রীচৈতন্যচরিতামৃত—ম. ১১।

হে পার্থ! যাঁহারা কেবল মদীয় ভক্ত তাঁহারা আমার প্রকৃত ভক্ত নহেন, যাঁহারা মদীয় ভক্তের ভক্ত তাঁহারাই আমার শ্রেষ্ঠ ভক্তরূপে কথিত।

আয়ুঃ শ্রিয়ং যশোধর্ম্মং লোকানাশিষ এব চ।
হন্তি শ্রেয়াংসি সর্ব্বাণি পুংসো মহদতিক্রমঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৪।৪৬।

মহজ্জনের অতিক্রমকারী লোকের আয়ুঃ, শ্রী, যশঃ, ধর্ম্ম, দেবাদিলোক, বাঞ্ছনীয় বস্তু এবং সর্ব্বপ্রকার মঙ্গল বিনষ্ট হয়।

তারপর তাঁরা প্রণাম করে চ'লে গেলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৩শে আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। সেই বৈষ্ণব পাঁচজন এলেন, বললেন, মা শ্রবণ কর—

হরিভক্তিরসাস্বাদমুদিতা যে নরোত্তমাঃ।
নমস্করোম্যহং তেষাং তৎসঙ্গী মুক্তিভাগ্ যতঃ॥

শ্রীমদ্ভাগবতে স্তবাক্যং—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

হরিভক্তি রসাস্বাদে যে মানবশ্রেষ্ঠগণ পুলকিত, আমি তাঁহাদিগকে নমস্কার করিতেছি, কেন না তাঁহাদিগের সঙ্গীরাও মুক্তি লাভ করে।

নহ্যম্ময়ানি তীর্থানি ন দেবা মৃচ্ছিলাময়াঃ।
তে পুনন্ত্যুরুকালেন দর্শনাদেব সাধবঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৮৪।১১।

সলিলাদি (জাহ্নবী প্রভৃতি) তীর্থাদি এবং মৃৎশিলাময় দেবাদি বহুদিন পরে পবিত্র করেন কিন্তু সাধুগণের দর্শন মাত্রেই পবিত্রতা সাধিত হয়।

আরাধনানাং সর্ব্বেষাং বিষ্ণোরারাধনং পরম্।
তস্মাৎ পরতরং দেবি! তদীয়ানাং সমর্চ্চনম্॥

পাদ্মে উত্তরখণ্ডে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

সর্ব্ব আরাধনার মধ্যে বিষ্ণুর আরাধনাই শ্রেষ্ঠ। কিন্তু হে দেবি! যাঁহারা বৈষ্ণব তাঁহাদের আরাধনা তদপেক্ষা প্রধান।

যেষাং স্মরণমাত্রেণ পাপলক্ষশতানি চ।
দহ্যন্তে নাত্র সন্দেহো বৈষ্ণবানাং মহাত্মনাম্॥

নারদীয়ে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৈষ্ণব মহাত্মাগণের স্মরণ মাত্র লক্ষ শত কলুষ ভস্মীভূত হয় তদ্বিষয়ে সংশয় নাই।

সর্ব্বত্র বৈষ্ণবাঃ পূজ্যাঃ স্বর্গে মর্ত্তে রসাতলে।
দেবতানাং মনুষ্যাণাং তথৈবোরগরক্ষসাম্॥

নারদীয়ে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

স্বর্গ, মর্ত্ত ও রসাতলে সুর, নর, পন্নগ, রাক্ষস সকলেরই নিকট বৈষ্ণবেরা পূজার্হ।

বিষ্ণুভক্তিবিহীনা যে চণ্ডালাঃ পরিকীর্ত্তিতাঃ।
চণ্ডালা অপি বৈ শ্রেষ্ঠা হরিভক্তিপরায়ণাঃ॥

স্কান্দে রেবাখণ্ডে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

বিষ্ণুভক্তিশূন্য ব্যক্তি চণ্ডাল বলিয়া পরিকীর্ত্তিত হয় এবং হরিভক্তি সমন্বিত চণ্ডালও শ্রেষ্ঠ হয়।

বিপ্রাদ্দ্বিষড়্‌গুণ যুতাদরবিন্দনাভ-
পাদারবিন্দবিমুখাৎ শ্বপচং বরিষ্ঠম্।
মন্যে তদর্পিতমনোবচনেহিতার্থ-
প্রাণং পুনাতি স কুলং ন তু ভূরিমানঃ॥

শ্রীমদ্ভাগবত—৭।৯।১০

দ্বাদশগুণসম্পন্ন অথচ পদ্মনাভ জনার্দ্দনের চরণকমলে বিমুখ ব্রাহ্মণ অপেক্ষাও যে চণ্ডাল স্বীয় যাবৎ অঙ্গ কায় মনঃ প্রাণ ভগবানে অর্পণ করিয়াছে, সে শ্রেষ্ঠ, সেই চণ্ডালই নিজ বংশ পবিত্র করে কিন্তু গর্ব্বী ব্রাহ্মণ পারেন না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৪শে আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, আশীর্ব্বাদ করলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—পাঠক ভক্তিমান বটে তবে ব্যবসায়ী উপায়ে যারা অর্থ উপার্জ্জন করে তারা নিষ্কাম ভাবে ভজনা ক'রতে পারে না, সেইজন্য কর্ণরসায়ণ হ'লেও প্রাণের ভিতর সেই অনুভূতি জাগে না, বা সে ভাব স্থায়ী হয় না।

এমন সময় সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন, মা শ্রবণ কর—

দর্শনস্পর্শনালাপসহবাসাদিভিঃ ক্ষণাৎ।
ভক্তাঃ পুনন্তি কৃষ্ণস্য সাক্ষাদপি চ পুক্কশম্॥

ব্রহ্মাণ্ডপুরাণে—ভক্তমাল ৬ষ্ঠ মালা।

দর্শন, স্পর্শন, আলাপ এবং সহবাসাদির দ্বারা সাক্ষাৎ পুক্কশকেও (যবনকেও) ভক্তগণ আশু পবিত্র করেন।

শ্রেয়ঃস্থিতিং ভক্তিমুদস্য তো বিভো।
ক্লিশ্যন্তি যে কেবলবোধলব্ধয়ে॥

শ্রীমদ্ভাগবত—১০।১৪।৪

হে বিভো, ভবদীয় ভক্তিপথে মঙ্গল স্রোত প্রবাহিত সেই পথ পরিত্যাগ করিয়া যাহারা কেবল জ্ঞানলাভের ইচ্ছা করে তাহারা ক্লেশ পায়।

যেঽপ্যন্যদেবতা ভক্তা যজন্তে শ্রদ্ধয়ান্বিতাঃ।
তেঽপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকম্।

শ্রীমদ্ভাগবদ্গীতা—৯।২৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে কুন্তী নন্দন! যাহারা অপরাপর দেবতার ভক্ত হইয়া শ্রদ্ধা সহকারে ভজনা করে, তাহারাও আমারই ভক্ত সত্য, তবে তাহাদিগের ভজনা বিধিপূর্ব্বক সম্পন্ন নহে।

যদা তে মোহকলিলং বুদ্ধির্ব্যতি তরিষ্যতি।
তদা গন্তাসি নির্ব্বেদং শ্রোতব্যস্য শ্রুতস্য চ॥

শ্রীমদ্ভাগবদ্গীতা—২।৫২

যখন তোমার বুদ্ধি মোহারণ্য লঙ্ঘন করিবে তখন তুমি শ্রোতব্য ও শ্রুত বিষয়ে নির্ব্বেদ প্রাপ্ত হইবে।

মায়াবাদমসচ্ছাস্ত্রং প্রচ্ছন্নং বৌদ্ধমুচ্যতে।
ময়ৈব বিহিতং দেবি! কলৌ ব্রাহ্মণমূর্ত্তিনা॥

পদ্মপুরাণে—শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৬

শিব পার্ব্বতীকে কহিয়াছিলেন, দেবি! কলিযুগে আমিই ব্রহ্মমূর্ত্তি পরিগ্রহ করিয়া মায়াবাদরূপ অসৎশাস্ত্র প্রণয়ন করি উহাই প্রচ্ছন্ন বৌদ্ধ শাস্ত্র বলিয়া অভিহিত হয়।

আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে।
কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণো হরিঃ॥

শ্রীমদ্ভাগবত—১।৭।১০

আত্মারাম মুনিগণ বিধিনিষেধের অতীত হইয়াও সেই প্রচুর পরাক্রমশালী শ্রীহরিতে অহৈতুকী (ফল কামনা শূন্য) ভক্তি করিয়া থাকেন, শ্রীহরির গুণই এই প্রকার।

তত্তেঽনুকম্পাং সুসমীক্ষমাণো
ভুঞ্জান এবাত্মকৃতং বিপাকম্।
হৃদ্বাগ্ বপুর্ভির্বিদধন্নমস্তে।
জীবেত যো মুক্তিপদে স দায়ভাক্॥

শ্রীমদ্ভাগবত—১০।১৪।৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রহ্মা ভগবানের প্রতি কহিয়াছিলেন, ভগবন্! যে হেতু তোমার গুণগান গণনার অতীত, অতএব যে ব্যক্তি একমাত্র তোমার কৃপার প্রতি দৃষ্টি রাখিয়াই স্বকীয় কর্ম্মোচিত বিবিধ কর্ম্মফল উপভোগ করিতে করিতে এবং কায়মনোবাক্যে তোমায় নমস্কার করিতে করিতে জীবনধারণ করেন সেই ব্যক্তি মুক্তির বা ভক্তির আশ্রয় স্বরূপ তোমাতে দয়াধিকার লাভ করিয়া থাকেন।

তারপর তাঁরা বললেন—মা, মহাপ্রভু কলিহত জীবকে কি দিয়া গিয়াছেন সেই সম্বন্ধে তাঁর কথা এইবার জান্‌তে পারবে। তাঁরা প্রণাম করে চলে গেলেন।

শ্রীশ্রীগোঁসাইজী বললেন,—মা এইবার মহাপ্রভুর কথা ও লীলা ব'লবেন।

২৫শে আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই পাঁচজন বৈষ্ণব এসে প্রণাম ক'রে বসলেন, বললেন, মা শ্রবণ কর—

অনর্পিতচরীং চিরাৎ করুণয়াবতীর্ণঃ কলৌ
সমর্পয়িতুমুন্নতোজ্জ্বলরসাং স্বভক্তিশ্রিয়ম্।
হরিঃ পুরটসুন্দরদ্যুতিকদম্বসন্দীপিতঃ
সদা হৃদয়কন্দরে স্ফুরতু বঃ শচীনন্দন॥

শ্রীবিদগ্ধমাধবে—শ্রীচৈতন্যচরিতামৃত—আ-১

যিনি করুণার বশবর্ত্তী হইয়া সকলকে অন্য অবতার কর্ত্তৃক অনর্পিত মুখ্য উজ্জ্বল রসগর্ভ স্বীয় উপাসনা সম্পত্তিরূপ ভক্তি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রদর্শনার্থ কলিযুগে অবতীর্ণ হইয়াছেন। যিনি সুবর্ণাপেক্ষাও অধিকতর কান্তিমান্ সেই শচীনন্দন হরি তোমাদিগের হৃদয়রূপ পর্ব্বত কন্দরে অবতীর্ণ হইয়া সিংহ যেরূপ তত্রত্য গজযূথকে বিনিপাত করে, শচীনন্দনরূপ সিংহও সেইরূপ তোমাদিগের হৃদয় গুহায় অভ্যুদিত হইয়া তত্রত্য কামাদি অরিকুলরূপ করি-বৃন্দকে সংহার করুন।

রাধা কৃষ্ণপ্রণয়বিকৃতির্হ্লাদিনীশক্তিরস্মা-
দেকাত্মানাবপি ভুবি পুরা দেহভেদং গতৌ তৌ।
চৈতন্যাখ্যং প্রকটমধুনা তদ্দ্বয়ঞ্চৈক্যমাপ্তং
রাধাভাবদ্যুতিসুবলিতং নৌমি কৃষ্ণস্বরূপম্॥

শ্রীস্বরূপগোস্বামী করচায়াং—
শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-১

শ্রীমতী রাধিকাই কৃষ্ণপ্রেমের বিলাসরূপিনী হ্লাদিনী শক্তি, সুতরাং রাধাকৃষ্ণ একাত্মা হইয়াও অনাদিকাল হইতে বিলাসবাসনায় জগতীতলে দেহ ভেদ স্বীকার করিয়াছিলেন, সম্প্রতি তাঁহারা উভয়ে একত্ব প্রাপ্ত হইয়া চৈতন্যরূপে আবির্ভূত হইয়াছেন, এইজন্যই রাধাভাব ও রাধাকান্তি বিশিষ্ট কৃষ্ণ স্বরূপ কৃষ্ণচৈতন্যদেবকে নমস্কার করি।

শ্রীরাধায়াঃ প্রণয়মহিমা কীদৃশো বানয়ৈবা-
স্বাদ্যো যেনাদ্ভুতমধুরিমা কীদৃশো বা মদীয়ঃ।
সৌখ্যং চাস্যা মদনুভবতঃ কীদৃশং বেতি লোভা-
ত্তদ্ভাবাঢ্যঃ সমজনি শচীগর্ভসিন্ধৌ হরীন্দুঃ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীমতী রাধিকার প্রেমমহিমা কিরূপ, শ্রীমতী প্রেম সহকারে যাহা আস্বাদন করেন মদীয় সেই বিচিত্র মাধুর্য্যাধিক্যই বা কীদৃশ এবং মদীয় অনুভব বশতঃ শ্রীমতী যে আনন্দ অনুভব করেন সেই আনন্দই বা কি প্রকার, এই তিনটি বিষয়ে লোভ বশবর্ত্তী হইয়া শচীগর্ভরূপ সমুদ্রে রাধাভাব সমন্বিত কৃষ্ণরূপ চন্দ্র আবির্ভূত হইলেন।

তয়োরপ্যুভয়োর্মধ্যে রাধিকা সর্ব্বথাধিকা।
মহাভাবস্বরূপেয়ং গুণৈরতিবরীয়সী॥

শ্রীমদুজ্জ্বলনীলমণৌ—
শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-৪

গোপিকাগণ মধ্যে রাধিকা ও চন্দ্রবতী. প্রধান। এই উভয়ের মধ্যে আবার রাধিকাই সর্ব্বশ্রেষ্ঠা, ইনি মহাভাব স্বরূপিণী ও গুণে গরীয়সী।

বাচা সূচিতশর্ব্বরীরতিকলাপ্রাগল্‌ভ্যয়া রাধিকাং
ব্রীড়াকুঞ্চিতলোচনাং বিরচয়ন্নগ্রে সখীনামসৌ।
তদ্ বক্ষোরুহচিত্রকেলিমকরীপাণ্ডিত্যপারং গতঃ
কৈশোরং সফলীকরোতি কলয়ন্ কুঞ্জে বিহারং হরিঃ॥

ভক্তিরসামৃতসিন্ধৌ—
শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-৪

একদা শ্রীমতী কুঞ্জ মধ্যে সখীগণে পরিবেষ্টিত হইয়া আছেন, ইত্যবসরে শ্রীকৃষ্ণ তথায় উপস্থিত হইলেন। তিনি আসনে উপবেশন পূর্ব্বক সহচরী বর্গের সম্মুখে প্রগল্‌ভ বাক্যে গত রাত্রির রতিকলা সম্বন্ধীয় বিবরণ বর্ণন করিতে আরম্ভ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিলেন। রাধা লজ্জাবশে নেত্র কুঞ্চিত করিলেন। হরি এইরূপ রাসলীলা দ্বারা কুঞ্জাভ্যন্তরে বিহার পূর্ব্বক কৈশোর বয়স সফল করেন।

হরিরেষ ন চেদবাতরিষ্য-
ন্মথুরায়াং মধুরাক্ষি রাধিকা চ।
অভবিষ্যদিয়ং বৃথা বিসৃষ্টি-
র্মকরাঙ্কস্তু বিশেষতস্তদাত্র॥

শ্রীবিদগ্ধমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-৪

হে মধুরনয়না বৃন্দে! যদি এই কৃষ্ণ ও রাধা মথুরায় অবতীর্ণ না হইতেন তাহা হইলে সৃষ্টি কর্ত্তার এই বিশ্ব সংসারের, অধিকন্তু কামের সৃষ্টি বিফল হইয়া যাইত।

তারপর তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, এইসব মধুররস-যুক্ত মনোরম কথা মহাপ্রভুর কৃপায় প্রকাশ হইয়াছে। তাঁর ভক্তরা প্রকাশ করে গিয়েছেন, কলিহত জীব নিতে পারছে না। নিজ নিজ মন মত ক'রে তাঁর দেওয়া সত্যকে ঢেকে ফেলেছে। সেইজন্য মহাপ্রভুর ইচ্ছায় আবার তাঁর শক্তিসমন্বিত এই সব বাণী প্রচার হবে, সেইজন্য লেখা প্রয়োজন।

২৬শে আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, আশীর্ব্বাদ ক'রলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে বললেন, মা শ্রবণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যা তে লীলারসপরিমলোদ্‌গারিবন্যাপরীতা
ধন্যা ক্ষৌণী বিলসতি বৃতা মাথুরী মাধুরীভিঃ।
তত্রাস্মাভিশ্চটুলপশুপীভাবমুগ্ধান্তরাভিঃ
সংবীতস্ত্বং কলয়বদনোল্লাসিবেণুর্বিহারম্ ॥

ললিতমাধবে—

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১

শ্রীরাধা কৃষ্ণকে কহিয়াছিলেন, চটুল চঞ্চল স্বভাব শ্রীকৃষ্ণ! তুমি একবার মথুরামণ্ডলমধ্যগত ব্রজভূমিতে যাহা তোমার লীলাস্থান সমূহের পরিমল প্রকাশ করিতেছে, এইরূপ কানন সমূহে পরিবৃত এবং মাধুর্য্য রাশিতে পরিব্যপ্ত হইয়া সমধিক শোভা সম্পন্ন হইতেছে সেই প্রেমধন সমৃদ্ধ ব্রজভূমিতে গমন করিয়া গোপাঙ্গনা ভাবে বিমুগ্ধ চিত্ত আমাদিগের দ্বারা পরিবৃত হইয়া ও অধরে মধুর মুরলী সংযোজিত করিয়া বিহার কর।

কা কৃষ্ণস্য প্রণয়জনিভূঃ শ্রীমতী রাধিকৈকা
কাস্য প্রেয়স্যনুপমগুণা রাধিকৈকা ন চান্যা।
জৈহ্মং কেশে দৃশি তরলতা নিষ্ঠুরত্বং কুচেঽস্যাঃ
বাঞ্ছাপূর্ত্ত্যৈ প্রভবতি হরেঃ রাধিকৈকা ন চান্যা ॥

শ্রীগোবিন্দলীলামৃতে—

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৮

শ্রীকৃষ্ণের প্রেমের জন্মভূমি কে? একা শ্রীমতী রাধিকা। শ্রীকৃষ্ণের অনুপম গুণবতী প্রেয়সী কে? একা শ্রীমতী রাধিকা, অন্য কেহ নহে। কেশে কুটীলতা, নেত্রে তরলা, স্তনে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিষ্ঠুরতা এই রাধিকারই আছে, একমাত্র শ্রীমতী রাধাই হরির বাসনা পূর্ত্তি করিতে সমর্থ অপর কেহ নহে।

শ্রীরাধিকায়াঃ প্রিয়তা স্বরূপতা
সুশীলতা নর্ত্তনগানচাতুরী।
গুণালিসম্পৎ কবিতা চ রাজতে
জগন্মনোমোহনচিত্তমোহিনী।

শ্রীগোবিন্দলীলামৃতে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৭

শ্রীরাধিকার প্রেম, স্বরূপতা, সুশীলতা, নৃত্যগীত পটুতা, গুণ, ঐশ্বর্য্য এবং কবিত্ব শক্তি জগন্মনোমোহন চিত্তরঞ্জন।

শ্রীরাধেব হরেস্তদীয়সরসী প্রেষ্ঠাদ্ভুতৈঃ স্বৈগুণৈ-
র্যস্যাং শ্রীযুতমাধবেন্দুরনিশং প্রীত্যা তয়া ক্রীড়তি।
প্রেমাস্মিন্ বত রাধিকেব লভতে যস্যাং সকৃৎস্নানকৃৎ
তস্যা বৈ মহিমা তথা মাধুরিমা কেনাপ্ত বর্ণ্যঃ ক্ষিতৌ॥

শ্রীগোবিন্দলীলামৃতে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৮

শ্রীরাধাকুণ্ডের গুণ পরাদ্ভুত, এই হেতুই শ্রীমতীর ন্যায় উহা শ্রীকৃষ্ণের পরমপ্রিয়, শ্রীকৃষ্ণ রাধিকার সহিত সর্ব্বদা এই কুণ্ডে ক্রীড়া করেন। যে ব্যক্তি একবার ইহাতে স্নান করে, রাধিকার ন্যায় শ্রীকৃষ্ণে তাহার প্রেম বিকাশ হয়। এই কুণ্ডের মহিমা ও মধুরিমা কীর্ত্তন করিতে পারে ক্ষিতি তলে তাদৃশ ব্যক্তি নাই।

তাঁরা চ'লে গেলেন, শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, এই সব লীলা মহাপ্রভু প্রকাশ করে গিয়েছেন, নানা গ্রন্থে নানা ভাবে লেখা আছে, এঁরা মূল গ্রন্থ থেকে দিচ্ছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৭শে আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম, সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সলেন, বললেন,—মা শ্রবণ কর—মহাপ্রভুর বিরহজনিত প্রলাপাদির বিষয় বর্ণনা করছি।

শ্রীকৃষ্ণরূপাদিনিষেবণং বিনা
ব্যর্থানি মেঽহান্যখিলেন্দ্রিয়াণ্যলম্।
পাষাণশুষ্কেন্ধনভারকাণ্যহো
বিভর্ম্মি বা তানি কথং হতত্রপঃ॥

গোস্বামিপাদোক্তঃ শ্লোকঃ—
শ্রীচৈতন্যচরিতমৃত—মধ্য-২

শ্রীকৃষ্ণরূপাদির সেবন ব্যতিরেকে আমার সমস্ত ইন্দ্রিয় ও সমস্ত সময় (জীবন) অতিশয় বৃথাই হইতেছে। আহা আমি নির্লজ্জ, পাষান ও শুষ্ককাষ্ঠ সদৃশ সেই সকল ইন্দ্রিয়াদিকে কেমন করিয়া ধারণ করিতেছি!

কৈ অবরহি অং পেম্মং নহি হোই মানুষে লোএ।
জই হোই কস্স বিরহো বিরহে হোন্তম্মি কো জী অই॥

শ্রীমদ্ভাগবতে ১০।৩১।১ তোষণী
কৃতব্যাখ্যায়ং ধৃতো ন্যায়ঃ—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২

এই মনুষ্য জগতে কৈতব বিহীন প্রতিদানের আকাঙ্ক্ষা শূন্য প্রেম হয় না, যদি হইত তাহা হইলে কি কাহারও বিরহ ঘটিত আর এইরূপ প্রেমে বিরহ হইলেই বা কে বাঁচিয়া থাকিতে পারে?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন প্রেমগন্ধোঽস্তিদরাপি মে হরৌ
ক্রন্দামি সৌভাগ্যভরং প্রকাশিতুম্।
বংশীবিলাস্যাননলোকনং বিনা
বিভর্ম্মি যৎ প্রাণপতঙ্গকান্ বৃথা॥

মহাপ্রভুশ্রীমুখোক্তঃ শ্লোকঃ—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২

আমি যখন সেই মুরলীধারীর মুরলীমনোহর-আনন অবলোকন না করিয়া পতঙ্গের ন্যায় অতি তুচ্ছ প্রাণ বৃথা ধারণ করিতে পারিতেছি তখন নিশ্চয়ই বুঝিতে হইবে যে শ্রীহরিতে আমার প্রেমের ঈষৎ গন্ধ মাত্র নাই, তবে ক্রন্দন করি সে কেবল স্বকীয় সৌভাগ্যের আতিশয্য প্রকাশ করিবার নিমিত্ত।

পীড়াভির্নবকালকূট কটুতাগর্ব্বস্য নির্ব্বাসনো
নিঃস্যন্দেন মুদাং সুধামধুরিমাহঙ্কারসঙ্কোচনঃ
প্রেমা সুন্দরি! নন্দনন্দনপরো জাগর্ত্তি যস্যান্তরে
জ্ঞায়ন্তে স্ফুটমস্য বক্রমধুরাস্তেনৈব বিক্রান্তয়ঃ॥

শ্রীবিদগ্ধমাধবে—
শ্রীচৈতন্যরচিতামৃত—মধ্য-২

শ্রীনন্দনন্দন বিষয়ক প্রেম যাহার অন্তরে জাগরূক হয় (বিক্রান্তয়ঃ) এই প্রেমের বক্র অথচ মধুর বিক্রম সেই ব্যক্তি স্পষ্টরূপে জানিতে পারে, এ প্রেমের এমনি পীড়া যে, সে নতুন কালকূট বিষের কটুত্ব গর্ব্বও বিদূরিত করিয়া দেয়, আবার যখন এ প্রেমের আনন্দ ধারা ক্ষরিত হইতে থাকে তখন তাহা অমৃতের মাধুর্য্যজনিত অহঙ্কারকেও সঙ্কুচিত করিয়া থাকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্বচ্ছৈশবং ত্রিভুবনাদ্ভুতমিত্যবেহি
মচ্চাপলঞ্চ তব বা মম বাধিগম্যম্।
তৎ কিং করোমি বিরলং মুরলীবিলাসি
মুগ্ধং মুখাম্বুজমুদীক্ষিতুমীক্ষণাভ্যাম্॥

শ্রীকৃষ্ণকর্ণামৃতে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২

নাথ! তোমার শৈশব ও আমার এই চাপল্য দুইকে ত্রিভুবন মধ্যে অদ্ভুত বলিয়া জান, এ দুইটী তোমার বা আমারই জানিবার যোগ্য অন্য কাহারও নহে, এখন তোমার সেই বংশী বিলাস সম্পন্ন মনোহর মুখকমল, দুইটী নয়ন ভরিয়া বিরলে দেখিবার নিমিত্ত কি উপায় করি বল দেখি।

তাঁরা প্রণাম করে চলে গেলেন।

২৮শে আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই পাঁচজন বৈষ্ণব এসে প্রণাম ক'রে ব'সে বললেন, মা শ্রবণ কর।

হে দেব, হে দয়িত, হে ভুবনৈকবন্ধো
হে কৃষ্ণ, হে চপল, হে করুণৈকসিন্ধো।
হে নাথ, হে রমণ, হে নয়নাভিরাম
হা হা কদানু ভবিতাসি পদং দৃশোর্মে॥

শ্রীকৃষ্ণকর্ণামৃতে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে দেব, হে দয়িত, হে ভুবনের একমাত্র বন্ধু, হে কৃষ্ণ, হে চপল, হে করুণাময় অপার সাগর, হে নাথ, হে রমণ, হে নয়নানন্দ দায়ক, তুমি কবে আমার নয়ন গোচর হইবে।

দর্শনে মহাপ্রভুর ভাব বর্ণন—

মারঃ স্বয়ং নু মধুরদ্যুতিমণ্ডলং নু
মাধুর্য্যমেব নু মনোনয়নামৃতং নু।
বেণীমৃজো নু মম জীবিতবল্লভো নু
কৃষ্ণোঽয়মভ্যুদয়তে মম লোচনায়॥

শ্রীকৃষ্ণকর্ণামৃতে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২

ইনি কি স্বয়ং কন্দর্পমধুরদ্যুতি সমূহ, কি মাধুর্য্য, কি মনোনয়নের অমৃত, কি আমার বেণী সংস্কারকারী (প্রবাস প্রত্যাগত কান্ত), না না সখি! এ যে আমার জীবিতবল্লভ শ্রীকৃষ্ণচন্দ্রই লোচনসুখ সম্পাদনার্থ সমুদিত হইতেছেন।

মধুরং মধুরং বপুরস্য বিভো-
র্মধুরং মধুরং বদনং সুমধুরম্॥
মধুগন্ধি মৃদুস্মিতমেতদহো
মধুরং মধুরং মধুরং মধুরম্॥

কর্ণামৃতে (৯২)—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২১

বিল্বমঙ্গল বলিয়াছেন, অহো! এই ভগবান্ কৃষ্ণের দেহ অতীব মধুর, আননপদ্ম অতীব মধুর, মৃদু হাস্যই বা কি মনোহরগন্ধি! কি আশ্চর্য্য! ইঁহার সমস্তই মধুর! মধুর! মধুর!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাধায়া ভবতশ্চ চিত্তজতুনী স্বেদৈর্বিলাপ্য ক্রমাদ্-
যুঞ্জন্নদ্রিনিকুঞ্জকুঞ্জরপতে নির্ধূত ভেদভ্রমম্।
চিত্রায় স্বয়মম্বরঞ্জয়দিহ ব্রহ্মাণ্ডহর্ম্ম্যোদরে
ভূয়োভির্নবরাগহিঙ্গুলভরৈঃ শৃঙ্গারকারুঃ কৃতী॥

শ্রীউজ্জ্বলনীলমণৌ—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৮।

হে গোবর্দ্ধন গিরি! নিকুঞ্জবাসিকুঞ্জরপতে! শ্রীমতী রাধিকার ও তোমার চিত্তরূপ লাক্ষাকে স্বেদ (সাত্ত্বিক বিকাররূপ ঘর্ম্ম) দ্বারা দ্রবীভূত করিয়া উভয়ের ভেদভ্রম অপসারণ করত শৃঙ্গার শাস্ত্র বিশারদ বিধি, ব্রহ্মাণ্ডরূপ অট্টালিকাভ্যন্তরে নবরাগরূপ হিঙ্গুল দ্বারা স্বয়ং জগতের বিস্ময় বর্দ্ধনার্থ অনুরঞ্জিত করিয়াছেন।

বিভুরপি সুখরূপঃ স্বপ্রকাশোঽপি ভাবঃ
ক্ষণমপি ন হি রাধাকৃষ্ণয়োর্যা ঋতে স্বাঃ।
প্রবহতি রসপুষ্টিং চিদ্বিভূতীরিবেশঃ
শ্রয়তি ন পদমাসাং কঃ সখীনাং রসজ্ঞঃ॥

শ্রীগোবিন্দলীলামৃতে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৮।

শ্রীমতী রাধা ও কৃষ্ণ উভয়ের ভাব স্বপ্রকাশ ও সুখ বিভু (অনন্ত) হইলেও যাহাদিগের সহায়তা ভিন্ন ক্ষণমাত্রও রসপুষ্টি বহন করিতে পারে না, কোন্ রসবিৎ ব্যক্তি স্বীয় চিদ্বিভূতি স্বরূপ সেই সকল সখীদিগের পদাশ্রয় না করেন?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তত্রাতিশুশুভে তাভির্ভগবান্ দেবকীসুতঃ।
মধ্যে মণীনাং হৈমানাং মহামারকতো যথা॥

শ্রীমদ্ভাগবত ১০।৩৩।৬।

হৈমমাণসমূহের মধ্যে মহামারকত যেমন শোভা পায়, সেইরূপ দেবকীনন্দন ভগবান ব্রজরমণীগণের সঙ্গে অতিশয় শোভা পাইয়াছিলেন।

তাঁরা প্রণাম করে চলে গেলেন।

২৯শে আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম করে কাছে বসলাম, সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম করে ব'ল্লেন, মা শ্রবণ কর—

মণির্যথা বিভাগেন নীলপীতাদিভির্যুতঃ।
রূপভেদমবাপ্নোতি ধ্যানভেদাত্তথাচ্যুতঃ॥

লঘুভাগবতামৃতে তথা নারদ পঞ্চরাত্রে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৯।

একই মণি যেমন আধার ভেদে নীল পীতাদি নানা বর্ণে রঞ্জিত হইয়া ভিন্ন ভিন্ন প্রতীয়মান হয়, তদ্রূপ ভগবান অচ্যুতও ধ্যান ভেদে রূপ ভেদ প্রাপ্ত হইয়া থাকেন।

গচ্ছন্ বৃন্দাবনং গৌরো ব্যাঘ্রেভৈণখগান্ বনে।
প্রেমোন্মত্তান্ সহোন্মৃত্যান্ বিদধে কৃষ্ণজল্পিনঃ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৭।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীগৌরাঙ্গদেব বৃন্দাবনে গমন করিতে করিতে ব্যাঘ্র, হস্তী, হরিণ ও পক্ষিগণকে কৃষ্ণনাম লওয়াইলে তাহারা প্রেমোন্মত্ত হইয়া প্রভুর সহিত নৃত্য করিতেছিল।

নামচিন্তামণিঃ কৃষ্ণশ্চৈতন্যরসবিগ্রহঃ।
পূর্ণঃ শুদ্ধো নিত্যমুক্তোঽভিন্নাত্মা নামনামিনাম্॥

শ্রীহরিভক্তিবিলাসে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৭।

শ্রীকৃষ্ণ চৈতন্য রসের বিগ্রহ স্বরূপ পূর্ণশুদ্ধ নিত্যমুক্ত (সদা বিস্ময়), তিনি নাম ও নামীর অভিন্নাত্মা অর্থাৎ নাম ও নামীর স্বরূপে কোন ভেদ নাই।

তথাপি তে দেব! পদাম্বুজদ্বয়
প্রসাদলেশানুগৃহীত এব হি।
জানাতি তত্ত্বং ভগবন্মহিম্নো
ন চান্য একোঽপি চিরং বিচিন্বন্॥

শ্রীমদ্ভাগবত ১০।১৪।২৯।

দেব! যদিও তোমার মহিমা জগতে প্রকাশিত রহিয়াছে, তথাপি যিনি তোমার চরণকমলকৃপাকণা লাভ করিয়া অনুগৃহীত হইয়াছেন, ভগবান্ তিনিই তোমার মহিমার স্বরূপ কিছু কিছু অনুভব করিয়া থাকেন। আর যিনি, তাহা নহেন, তিনি বিষয়বাসনাহীন হইয়া চিরদিন অন্বেষণ করিলেও জানিতে পারেন না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শুষ্কং পর্য্যুষিতং বাপি নীতং বা দূরদেশতঃ।
প্রাপ্তমাত্রেণ ভোক্তব্যং নাত্র কালবিচারণা॥
ন দেশ নিয়মস্তত্র ন কালনিয়মস্তথা।
প্রাপ্তমন্নং দ্রুতং শিষ্টৈর্ভোক্তব্যং হরিরব্রবীৎ॥

পদ্মপুরাণে—

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৬।

মহাপ্রসাদ শুষ্ক হউক পর্য্যুষিত হউক অথবা দূরদেশ হইতে আনীতই হউক প্রাপ্তি মাত্র ভক্ষণ করিবে, ইহাতে কোনরূপ বিচার করিবে না। ইহাতে দেশের (স্থানের) নিয়ম নাই, কালের নিয়ম নাই, প্রাপ্ত মাত্র শিষ্টব্যক্তিগণ তৎক্ষণাৎ উহা ভক্ষণ করিবেন, স্বয়ং শ্রীহরি ইহা বলিয়াছেন।

নান্তং বিদাম্যহমমী মুনয়োঽগ্রজাস্তে
মায়াবলস্য পুরুষস্য কুতোঽপরে যে।
গায়ন্ গুণান্ দশশতানন আদিদেবঃ
শেষোঽধুনাপি সমবস্যতি নাস্য পারম্॥

শ্রীমদ্ভাগবত ২।৭।৪১।

ব্রহ্মা নারদকে বলিয়াছিলেন, আমি ব্রহ্মা হইয়াও সেই ভগবানের মায়াবলের অন্ত জানিতে পারি নাই। ত্বদীয় অগ্রজ এই মুনিরাও জানেন না, তোমার পশ্চাজ্জাত কনিষ্ঠেরা কি প্রকারে জানিতে পারিবে? আদিদেব অনন্ত সহস্র মুখে নিরন্তর তদীয় গুণকীর্ত্তন করিতেছেন, কিন্তু অধুনাও তাহার পার প্রাপ্ত হইতে পারে নাই।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গুণাত্মনস্তেঽপি গুণান্ বিমাতুং
হিতাবতীর্ণস্য ক ঈশিরেঽস্য
কালেন যৈর্ব্বা বিমিতাঃ সুকল্পৈ
র্ভূপাংশবঃ খে মিহিকা দ্যুভাসঃ ॥

শ্রীমদ্ভাগবত ১০।১৪।৭।

হে ভগবন্! আপনি নিখিল গুণের অধিষ্ঠান স্থল, আপনি বিবিধ গুণ প্রকাশ পূর্ব্বক বিশ্বের রক্ষণার্থ অবতীর্ণ হইয়া থাকেন, কোন্ শক্তি আপনার গুণ পরিমাণ করিতে সমর্থ? অতি বিচক্ষণ ব্যক্তিরা বহু জন্মে বরং ধরণীর পরমাণুকণা, শূন্যের হিমকণা এবং নক্ষত্রাদির পরিমাণ করিতে পারেন, কিন্তু আপনার গুণ পরিমাণে কখনই সমর্থ হয় না।

তাঁরা প্রমাণ ক'রে চ'লে গেলেন।

৩০শে আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন, সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম করে ব'সে ব'ললেন, মা শ্রবণ কর। ভগবৎ কৃপাতেই এই সব শ্লোক লিখ্‌বার সৌভাগ্য লাভ ক'রেছ।

হরের্গুণাক্ষিপ্তমতির্ভগবান্ বাদরায়ণিঃ।
অধ্যগান্মহদাখ্যানং নিত্যং বিষ্ণুজনপ্রিয়ঃ ॥

শ্রীমদ্ভাগবত ১।৭।১১।

ভজন প্রিয় ভগবান শুকদেব, হরিগুণে আকৃষ্টমনা হইয়াই শ্রীমদ্ভাগবত রূপ বিস্তৃত আখ্যান অধ্যয়ন করিয়াছিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রূহি যোগেশ্বরে কৃষ্ণে ব্রহ্মণ্যে ধর্ম্মবর্ম্মণি।
স্বাং কাষ্ঠামধুনোপেতে ধর্ম্মঃ কং শরণং গতঃ॥

শ্রীমদ্ভাগবত ১।১।২৩।

ঋষিগণ সূতের প্রতি জিজ্ঞাসা করিয়াছিলেন, হে সূত, ধর্ম্মরক্ষাকর্ত্তা যোগেশ্বর হরি অধুনা নিত্য-ধামে প্রয়াণ করিয়াছেন তবে অধুনা কোন্ ব্যক্তির শরণ লইবে বল।

কৃষ্ণে স্বধামোপগতে ধর্ম্মজ্ঞানাদিভিঃ সহ।
কলৌ নষ্টদৃশামেষঃ পুরাণার্কোঽধুনোদিতঃ॥

শ্রীমদ্ভাগবত ১।৩।৪৫।

শৌনকাদি ঋষিগণের নিকট সূত বলিয়াছিলেন, ভগবান হরি, ধর্ম্ম জ্ঞানাদির সহিত স্বধামে প্রস্থান করিলে অজ্ঞানান্ধ মানবের সম্বন্ধে পুরাণসূর্য্যরূপ ভাগবত অভ্যুদিত হইয়াছে।

তাঁরা প্রণাম করে চলে গেলেন।

৩১শে আষাঢ়—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। সেই পাঁচজন বৈষ্ণব এসে প্রণাম করে বসে ব'ললেন, মা শ্রবণ কর। এই বাণী মহাপ্রভু রায় রামানন্দের কাছে শ্রবণ ক'রেছিলেন।

সর্ব্বভূতেষু যঃ পশ্যেৎ ভগবদ্ভাবমাত্মনঃ।
ভূতানি ভগবত্যাত্মন্যেষ ভাগবতোত্তমঃ॥

শ্রীমদ্ভাগবত ১১।২।৪৫।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যিনি সর্ব্বভূতে আত্মার ভগবদ্ভাব দর্শন করেন এবং আত্মস্বরূপ ভগবানে সর্ব্বভূতকে দেখিতে পান তিনি ভাগবত শ্রেষ্ঠ।

বনলতাস্তরব আত্মনি বিষ্ণুং
ব্যঞ্জয়ন্ত্য ইব পুষ্পফলাঢ্যাঃ।
প্রণতভারবিটপা মধুধারাঃ
প্রেমহৃষ্টতনবো ববৃষুঃ স্ম॥

শ্রীমদ্ভাগবত ১০।৩৫।৯।

পুষ্পফল ভারান্বিত বনলতিকা এবং প্রেমপলুকিত দেহময় বনস্পতিবৃন্দ আত্মগত কৃষ্ণকে প্রকট করিয়া মধুধারা বর্ষণ করিয়াছিলেন।

সহস্রনাম্নাং পুণ্যানাং ত্রিরাবৃত্ত্যা তু যৎফলম্।
একাবৃত্ত্যা তু কৃষ্ণস্য নামৈকং তৎ প্রযচ্ছতি॥

শ্রীহরিভক্তিবিলাসে—
শ্রীচৈতন্যচরিতামৃতে—মধ্য-৯

পবিত্র সহস্র নামের ত্রিরাবৃত্তিদ্বারা যে ফল হয়, একবার মাত্র উচ্চারিত কৃষ্ণনাম সেই ফল প্রদান করে।

হেলোদ্ধূ নিতখেদয়া বিশদয়া প্রোন্মীলদামোদয়া
শাম্যচ্ছাস্ত্রবিবাদয়া রসদয়া চিত্তার্পিতোন্মাদয়া।
শশ্বদ্ভক্তিবিনোদয়া সমদয়া মাধুর্য্যমর্য্যাদয়া
শ্রীচৈতন্য দয়ানিধে! তব দয়া ভূয়াদমন্দোদয়া॥

শ্রীচৈতন্যচন্দ্রোদয়নাটকে
—শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে কৃপানিধি চৈতন্যদেব! যাহা হেলায় নিখিল খেদ দূর করিয়া দেয়, যাহাতে সম্যক বিমলতা বিদ্যমান, যাহার পরমানন্দ অন্যান্য বিষয়সমূহ আবরণপূর্ব্বক প্রকাশ পায়, যাহার উদয়ে শাস্ত্র বিবাদের মীমাংসা হয়, যাহার রসবর্ষণ চিত্তোন্মাদকারী এবং যাহার ভক্তি বিনোদন কার্য্য নিয়ত সমতা দান করে সেই মাধুর্য্য মর্য্যাদা দ্বারা তদীয়া সুবিস্তীর্ণ দয়া মৎপ্রতি সমুদিত হউক।

অহোবত শ্বপচোঽতো গরীয়ান্
যজ্জিহ্বাগ্রে বর্ত্ততে নাম তুভ্যম্।
তেপুস্তপস্তে জুহুবুঃ সস্নুরার্য্যা
ব্রহ্মানূচুর্নাম গৃণন্তি যে তে॥

শ্রীমদ্ভাগবত ৩।৩৩।৭

প্রভো! যাহার রসনাগ্রে তোমার নাম বিদ্যমান থাকে সে শ্বপচ হইলেও শ্রেষ্ঠ, যাঁহারা তোমার নাম গান করেন তাঁহারা অখিল তপস্যা করিয়াছেন, সর্ব্ববিধ হোম করিয়াছেন, সর্ব্বতীর্থে স্নান করিয়াছেন, অতএব তাঁহারা আর্য্য বলিয়া অভিহিত হন।

মূকং করোতি বাচালং পঙ্গুং লঙ্ঘয়তে গিরিম্।
যৎ কৃপা তমহং বন্দে পরমানন্দমাধবম্॥

শ্রীধরস্বামী—শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৭

যাঁহার কৃপা মূক ব্যক্তিকে বাচাল এবং পঙ্গুকে গিরি লঙ্ঘনে সমর্থ করে আমি সেই পরমানন্দ মাধবকে বন্দনা করি।

তাঁরা প্রণাম করে চ'লে গেলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১লা শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন, মা শ্রবণ করে।

ন ময্যেকান্তভক্তানাং গুণদোষোদ্ভবা গুণাঃ।
সাধূনাং সমচিত্তানাং বুদ্ধেঃ পরমুপেয়ুষাম্॥

শ্রীমদ্ভাগবত ১১।২০।৩৬

যাঁহারা রাগাদি দোষ শূন্য, যাঁহারা সকলের প্রতি সমভাবে সমদর্শী সুতরাং যাঁহারা প্রকৃতির অতীত সেই পরমেশ্বরকে প্রাপ্ত হইয়াছেন, বিধিনিষেধ জনিত পুণ্য পাপের সহিত মদীয় সেই একান্ত ভক্তসমূহের সম্পর্ক নাই।

সিদ্ধির্ভবতি বা নেতি সংশয়োঽচ্যুতসেবিনাম্।
নিঃসংশয়স্তু তদ্ভক্তপরিচর্য্যারতাত্মনাম্॥

বরাহপুরাণে—
শ্রীচৈতন্যভাগবত—অন্ত্য-৩, ৭

যাঁহারা মাত্র সেই চ্যুতিরহিত ভগবানের সেবা করিয়া থাকেন—সিদ্ধি হয় কি না হয়, এরূপ সংশয় তাঁহাদিগেরই হইয়া থাকে; কিন্তু যাঁহাদিগের চিত্ত সেই ভগবানের ভক্তের পরিচর্য্যাতেই নিরত তাঁহাদিগের আর ঐরূপ সংশয় হয় না, কারণ ভক্ত সেবায় সিদ্ধি নিশ্চিত হইয়া থাকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অভ্যর্চ্চয়িত্বা গোবিন্দং তদীয়ান্নার্চ্চয়ন্তি যে
ন তে বিষ্ণুপ্রসাদস্য ভাজনং দাম্ভিকা জনাঃ ॥

শ্রীহরিভক্তি সুধোদয়ে—
শ্রীচৈতন্যভাগবত—অন্ত্য-৭

যে সকল ব্যক্তি গোবিন্দের পূজা করিয়া, যাহারা সেই গোবিন্দের আশ্রিত সেই সমস্ত ভক্তের পূজা না করে তাহারা শ্রীবিষ্ণুর অনুগ্রহের আস্পদ নহে, তাহারা দাম্ভিক।

ধর্ম্মব্যতিক্রমো দৃষ্ট ঈশ্বরাণাঞ্চ সাহসম্।
তেজীয়সাং ন দোষায় বহ্নেঃ সর্ব্বভুজো যথা ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩৩।২৯।

ঈশ্বরগণের যে ধর্ম্মব্যতিক্রম ও সাহস পরিলক্ষিত হইয়াছে তাহা সর্ব্বভুক অগ্নির ন্যায়, সেই তেজস্বিসমূহের দোষের নিমিত্ত হয় না।

যদ্ব্যক্ষরং নাম গিরেরিতং নৃণাং
সকৃৎ প্রসঙ্গাদঘমাশু হন্তি তৎ।
পবিত্রকীর্ত্তিং তমলঙ্ঘ্যশাসনং
ভবানহো দ্বেষ্টি শিবং শিবেতরঃ।

শ্রীমদ্ভাগবত ৪।৪।১৪

যাঁহার বর্ণদ্বয় সঙ্গাত প্রথিত শিবনাম কোন প্রসঙ্গে একবার মাত্র বাক্য দ্বারা উচ্চারিত হইয়াও লোকের নিখিল পাতক আশু বিনাশ করিয়া থাকে, যাঁহার কীর্ত্তিরাজি পরম

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পবিত্র এবং যাঁহার আদেশ অলঙ্ঘনীয়, আপনি সেই শিবের দ্বেষ করিতেছেন, অহো আপনি প্রত্যক্ষ অমঙ্গল স্বরূপ।

কথং বা ময়ি ভক্তিং স লভেত পাপপুরুষঃ।
যো মদীয়ং পরং ভক্তং শিবং সংপূজয়েন্ন হি॥

ভক্তিরত্নাকরে ৫মতরঙ্গ ২২৯ শ্লোক (আদিবরাহপুরাণে)—
শ্রীচৈতন্যভাগবত—অন্ত্য-৪

যে মদীয় পরমভক্ত শিবের সম্যক্ অর্চ্চনা না করে মূর্ত্তিমান পাপস্বরূপ সেই ব্যক্তি কিরূপে আমাতে ভক্তি লাভ করিবে ?

প্রথমং কেশবং পূজাং কৃত্বা দেবমহেশ্বরম্।
পূজনীয়া মহাভক্ত্যা যে চান্যে সন্তি দেবতাঃ।

স্কন্দপুরাণে—
শ্রীচৈতন্যভাগবত—অন্ত্য-৪

প্রথমে কেশবের এবং শূলপাণির অর্চ্চনা করিয়া অপরাপর যে সমস্ত দেবতা আছেন তাঁহাদের অর্চ্চনা করা কর্ত্তব্য।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, আমাদের এই সাধনপ্রাপ্তদের মধ্যে বহু লোক মহাদেবকে মান্য না করাতে বা দ্বেষ করাতে অপরাধে প'ড়ে গিয়েছে, সেইজন্য তাদের বুদ্ধি বিপর্য্যয় হয়ে সত্য ধ'রতে পারছে না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২রা শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন, সেই বৈষ্ণব পাঁচজন প্রণাম ক'রে বসে বললেন—মা, শ্রবণ কর—

অংহঃ সংহরদখিলং
সকৃদুয়াদেব সকললোকস্য।
তরণিরিব তিমিরজলধিং
জয়তি জগন্মঙ্গলং হরের্নাম॥

পদ্যাবল্যাং ১৬—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-৩

সূর্য্যদেব উদিত হইলেই যেমন বসুমতীর নিখিল অন্ধকার বিদূরিত হয় সেইরূপ এই ভবসাগরের তরণীস্বরূপ জগন্মঙ্গলকারী শ্রীহরির নাম উচ্চারিত হইবা মাত্রই সমস্ত পাপ বিনষ্ট করিয়া সর্ব্বোপরি বিরাজ করে।

মধুরমধুরমেতন্মঙ্গলং মঙ্গলানাং
সকলনিগমবল্লীসৎফলং চিৎস্বরূপম্।
সকৃদপি পরিগীতং হেলয়া শ্রদ্ধয়া বা
ভৃগুবর নরমাত্রং তারয়েৎ কৃষ্ণনাম॥

ভক্তমাল—২৩শ মালা

হে ভৃগুবর। কৃষ্ণনামামৃত অতিমধুর এবং সর্ব্ব কল্যাণের আলয়, সকল নিগমসমূহের পরম উপাদেয় ফল এবং চিদানন্দ-স্বরূপ সুতরাং এই মধুর কৃষ্ণনাম একটিবার মাত্রও ব্যক্তাব্যক্ত রূপে উচ্চারিত হইলে জনগণের ত্রাণ করিয়া থাকেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নাম্নামকারি বহুধা নিজসর্ব্বশক্তি-
স্তত্রার্পিতা নিয়মিতঃ স্মরণে ন কালঃ।
এতাদৃশী তব কৃপা ভগবন্মমাপি
দুর্দ্দৈবমীদৃশমিহাজনি নানুরাগঃ॥

পদ্যাবল্যাম্—
—শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-২০

হে ভগবন, তুমি বিভিন্ন স্বভাব জীবের জন্য নিজের যাবতীয় শক্তি প্রদান করিয়া কতই নাম প্রচার করিয়াছ, ঐ সমস্ত নাম স্মরণেরও কালাকাল নাই, কিন্তু আমি এতই দুর্ভাগ্য যে তোমার এরূপ কৃপা বিদ্যমানে তাদৃশ নামে আমার অনুরাগ জন্মিল না।

ন দেশনিয়মস্তস্মিন্ ন কালনিয়মস্তথা।
নোচ্ছিষ্টাদৌ নিষেধোঽস্তি শ্রীহরের্নাম্নি লুব্ধকঃ।

ভক্তমাল—২৩শ মালা

শ্রীহরির এই মহিমাময় শক্তিপূর্ণ নাম কীর্ত্তনে কোন দেশকাল নিয়ম নাই, শুচি, অশুচি, উচ্ছিষ্ট বিষয়েও কোন প্রকার নিষেধ নাই সর্ব্বদাই শ্বাসপ্রশ্বাসে নাম করার আদেশ স্বয়ং ভগবানের বাণী।

চেতোদর্পণমার্জ্জনং ভবমহাদাবাগ্নিনির্ব্বাপণং
শ্রেয়ঃকৈরবচন্দ্রিকাবিতরণং বিদ্যাবধূজীবনম্।
আনন্দাম্বুধিবর্দ্ধনং প্রতিপদং পূর্ণামৃতাস্বাদনং
সর্ব্বাত্মস্নপনং পরং বিজয়তে শ্রীকৃষ্ণসংকীর্ত্তনম্॥

পদ্যাবল্যাং ২২—
—শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাঁহার নাম প্রভাবে সংসারাণ্যের মহাদাবাগ্নি নির্ব্বাপিত হয়, যিনি অখিল মঙ্গল নিদান, যিনি বিদ্যাবধূর জীবনস্বরূপ যাঁহার নাম স্মরণে আনন্দ জলধি উথলিয়া উঠে, যাঁহার প্রতি চরণ বিক্ষেপে সুধা বর্ষণ হয়, যিনি সর্ব্বজীবকে নিজের আনন্দ বারিধি সিঞ্চনে পরিপ্লুত করেন, সেই কৃষ্ণনাম সংকীর্ত্তন সর্ব্বশ্রেষ্ঠ হইয়া শোভা পাইতেছে।

তাঁরা প্রণাম করে চ'লে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, এই যে সব লেখা হচ্ছে এতে সত্যটুকুই থাকবে।

৩রা শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম করে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম করে বসে বললেন, মা শ্রবণ কর।

রাক্ষসাঃ কলিমাশ্রিত্য জায়ন্তে ব্রহ্মযোনিষু।
উৎপন্না ব্রাহ্মণকুলে বাধন্তে শ্রোত্রিয়ান্ কুলান্॥

বরাহপুরাণে মহেশ বাক্যং—
শ্রীচৈতন্যভাগবত—আদি-১১

রাক্ষসেরা কলিযুগ অবলম্বন করিয়া বিপ্রযোনিতে জন্মগ্রহণ করে আর সেই বিপ্রকুলে জন্মিয়া কাল প্রভাবে যাহাদিগের সংখ্যা কৃশ বা ক্ষীণ হইয়া আসিয়াছে সেই শ্রোত্রিয় কুলকে বাধা প্রদান করিতে থাকে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কিমত্র বহুনোক্তেন ব্রাহ্মণা যে হ্যবৈষ্ণবাঃ।
তেষাং সম্ভাষণং স্পর্শং প্রমাদেনাপি বর্জ্জয়েৎ॥

পদ্মপুরাণে মহেশবাক্যং

শ্রীচৈতন্যভাগবত—আদি-১১

এ বিষয়ে অধিক আর কি বলিব, ব্রাহ্মণ হইয়াও যাহারা অবৈষ্ণব, প্রমাদ নিবন্ধনও তাহাদের সম্ভাষণ ও স্পর্শন বিসর্জ্জন করিবে।

মুক্তা অপি লীলয়া বিগ্রহং কৃত্বা ভগবন্তং ভজন্তে। ইতি॥

শ্রীভগবৎসন্দর্ভে—

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২৪

মুক্ত পুরুষগণও স্বেচ্ছায় শরীর পরিগ্রহ পূর্ব্বক ভগবানের ভজনা করিয়া থাকেন।

ন ভজতি কুমনীষিনাং স ইজ্যাং
হরিরধনাত্মধনপ্রিয়ো রসজ্ঞঃ।
শ্রুতধনকুলকর্ম্মণাং মদৈর্যে
বিদধতি পাপমকিঞ্চনেষু সৎসু॥

শ্রীমদ্ভাগবত—৪।৩১।২১

যে সকল ব্যক্তি বেদ, বিদ্যা, ধন সম্পদ এবং কুল ও কর্ম্মের নানাবিধ অহঙ্কারের মাদকতায় নিষ্কিঞ্চন সজ্জন বৃন্দের প্রতি পাপাচরণ করে শ্রীহরি সেই দুর্ম্মতিগণের পূজা গ্রহণ করেন না, কেন না যাঁহাদিগের আর কোন ধন নাই আত্মরূপী ভগবানই যাহাদিগের একমাত্র ধন সেই সমস্ত বাসনা বন্ধনমুক্ত অকিঞ্চনগণই শ্রীহরির একমাত্র ধন এবং প্রীতিপাত্র, কারণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁহাদিগের ঐ প্রকার প্রেমরসের মর্ম্ম তিনি না বুঝিতেছেন তাহা নহে। তিনি জানিতেছেন যে, অহো ইহারা ধন পুত্রাদির মমতা ত্যাগ করিয়া আমাকেই কেবল আপন বলিয়া জানিল।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন,—মা এবার নিত্যানন্দ প্রভুর কৃপায় বহুলোক সত্য-পথের সন্ধান পাবে।

৪ঠা শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা, শ্রবণ কর।

নান্তং বিদাম্যহমমী মুনয়োঽগ্রজাস্তে,
মায়াবলস্য পুরুষস্য কুতোঽপরে যে।
গায়ন্ গুণান্ দশশতানন আদিদেবঃ
শেষোঽধুনাপি সমবস্যতি নাস্য পারম্॥

শ্রীমদ্ভাগবত ২।৭।৪১

হে নারদ! সেই পুরুষের মায়া প্রভাব যে কত তাহা আমি অদ্যাপি পরিজ্ঞাত হইতে পারি নাই। তদীয় পূর্ব্বজ ঐ সনকাদি মুনিগণও তাহা জানেন না, অন্যের কথা দূরে থাকুক সহস্রানন আদিদেব, অশেষ গুণ গান করিতে করিতে তাহার পার প্রাপ্ত হইতেছেন না।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কো বেত্তি ভূমন্! ভগবন্! পরাত্মন্
যোগেশ্বরোতীর্ভবতস্ত্রিলোক্যাম্।
ক্বাহো কথং বা কতি বা কদেতি
বিস্তারয়ন্ ক্রীড়সি যোগমায়াম্॥

শ্রীমদ্ভাগবত ১০।১৪।২১

হে ভূমন্, হে ভগবন্, হে পরমাত্মন্ (সর্ব্ব অন্তর্য্যামিন্), হে যোগেশ্বর, তুমি ত্বদীয় স্বরূপ শক্তি যোগমায়াকে বিবিধ প্রকারে বিস্তারিত করিয়া লীলা করিয়া থাক, অহো ত্বদীয় তত্তৎলীলা কোন্ স্থানে অনুষ্ঠিত হয়, কেন হয়, কখন হয়, আর উহা কত প্রকার এই ত্রিভুবনে কোন্ ব্যক্তি তাহা বিদিত হইতে সমর্থ?

ইতি দ্বাপর উর্ব্বীশ স্তবন্তি জগদীশ্বরম্।
নানাতন্ত্রবিধানেন কলাবপি তথা শৃণু॥

শ্রীমদ্ভাগবত ১১।৫।৩১

হে পৃথিবীপতে, দ্বাপর যুগে সকলে এই বলিয়া (পূর্ব্ব কথিত রূপ) জগদীশ্বরের স্তুতি বাদ করেন। কলিকালেও সকলে নানারূপ তন্ত্রবিধি অনুসারে, যে প্রকারে তাঁহার স্তব করিয়া থাকেন তাহা বলিতেছি, আকর্ণন করুন।

কৃষ্ণবর্ণং ত্বিষাঽকৃষ্ণং সাঙ্গোপাঙ্গাস্ত্রপার্ষদম্।
যজ্ঞৈঃ সংকীর্ত্তনপ্রায়ৈর্যজন্তি হি সুমেধসঃ॥

শ্রীমদ্ভাগবত ১১।৫।৩২

যিনি অভ্যন্তরে কৃষ্ণ কিন্তু বহির্ভাগে অকৃষ্ণকান্তি (বিদ্যুদ্বৎ গৌর বরণ) সুমেধাগণ সঙ্কীর্ত্তন বহুল যজ্ঞ (অর্চ্চনা বিধি)

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দ্বারা তাঁহার অর্চ্চনা করিয়া থাকেন এবং তৎসঙ্গে তদীয় অঙ্গ (অঙ্গ সদৃশ শ্রীনিত্যানন্দ প্রভু ও শ্রীমদদ্বৈতাচার্য্য প্রভু) উপাঙ্গ (অঙ্গের অঙ্গ সদৃশ শ্রীবাস পণ্ডিত আদি) অস্ত্র (অবিদ্যাকাননচ্ছেদক অস্ত্র সদৃশ ভগবানের নাম) ও পার্ষদবৃন্দের (শ্রীগদাধর, শ্রীগোবিন্দাদিরও) পূজা করেন।

তাঁরা প্রণাম করে চলে গেলেন।

৫ই শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা শ্রবণ কর।

প্রকটঃ পতিতঃ শ্রেয়ান্ য একো যাত্যধঃ স্বয়ম্।
বকবৃত্তিঃ স্বয়ং পাপঃ পাতয়ত্যপরানপি॥

নারদীয়ে—

শ্রীচৈতন্যভাগবত—মধ্য-২০

যে ব্যক্তি প্রকাশ্যরূপে পতিত সে ব্যক্তি ভাল, কারণ সে কেবল একাকী আপনিই অধোগামী হয়, কিন্তু যে মূর্ত্তিমান পাপ বকের ন্যায় ভণ্ডবৃত্তির অনুকারী সে আবার অন্যান্য সকলকেও পাতিত করিয়া থাকে।

হরন্তি দস্যবোঽকুট্যাং বিমোহ্যাস্ত্রৈ নৃণাং ধনম্।
পবিত্রৈরতিতিক্ষাস্ত্রৈর্বাণৈরেব বকব্রতাঃ॥

নারদীয়ে—শ্রীচৈতন্যভাগবত—মধ্য-২০

দস্যুগণ গৃহের বাহিরে বিজনস্থানে নানারূপ অস্ত্রে বিমোহিত করিয়া লোকের ধনসম্পত্তি অপহরণ করে, বক-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রতগণও তদ্রূপ পবিত্র চরিত্রের নানাবিধ ভান করিয়া সেই অতি তীক্ষ্ণাগ্রশর সমূহে মোহ উৎপাদন করতঃ লোকের যথা সর্ব্বস্ব অপহরণ করিয়া থাকে।

অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে।
তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্॥

শ্রীমদ্ভাগবদ্গীতা ৯।২২

যে সমস্ত লোক একমাত্র আমারই কামনায়, আমারই ধ্যান করিতে করিতে সর্ব্বথা আমার উপাসনা করেন, সকল সময়ে এবং সকল প্রকারে আমাতেই অনুরক্ত সেই সকল লোকের যোগক্ষেম আমিই বহন করিয়া থাকি।

কস্য কে পতিপুত্রাদ্যা
মোহ এব হি কারণম্।

শ্রীমদ্ভাগবত ৮।১৬।১৯

পতিপুত্রাদি কে কাহার অর্থাৎ কেহই কাহারও নহে মোহই ঐ সকল প্রতীতির হেতু।

কৃষ্ণভক্তিরসভাবিতা মতিঃ
ক্রীয়তাং যদি কুতোঽপি লভ্যতে।
তত্র লৌল্যমপি মূল্যমেকলং
জন্মকোটীসুকৃতৈর্ন লভ্যতে॥

পদ্যাবল্ল্যাম্—শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৮

যাহা জন্মকোটীকৃত পুণ্য দ্বারাও লভ্য হয়না, আবার লোভই যাহার সামান্য মূল্য অর্থাৎ লোভরূপ সামান্য মূল্যদ্বারা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাহা প্রাপ্ত হাওয়া যায়, তাদৃশী কৃষ্ণভক্তিরসভাবিতা মতি যাহা হইতেই লাভ করিতে পার, ক্রয় কর।

তাঁরা প্রণাম করে চলে গেলেন।

৬ই শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বললেন, মা শ্রবণ কর—

প্রণমেদ্দণ্ডবদ্ভূমাবাশ্বচাণ্ডালগোখরম্।
প্রবিষ্টো জীবকলয়া তত্রৈব ভগবানিতি॥

শ্রীমদ্ভাগবত ১১।২৯।১৬ ; ৩।২৯।৩৪

ভগবান জীবরূপ অংশে সকল দেহেই প্রবিষ্ট রহিয়াছেন ইহা ভাবিয়া কুকুর, চণ্ডাল, গো এবং গর্দ্দভ সকলকেই ভূমিতে দণ্ডবৎ প্রণাম করিবেন।

সিদ্ধির্ভবতি বা নেতি সংশয়োঽচ্যুত সেবিনাম্।
নিঃসংশয়স্তু তদ্ভক্তপরিচর্য্যারতাত্মনাম্॥

বরাহপুরাণে—শ্রীচৈতন্যভাগবত—অন্ত্য-৩, ৭

কেবল মাত্র সেই চ্যুতিবিরহিত যে সমস্ত ব্যক্তি ভগবানের সেবা করেন, সিদ্ধি হয় কি না হয় এরূপ সংশয় তাহাদিগের হইয়া থাকে, কিন্তু যাহাদিগের চিত্ত সেই ভগবানভক্তের শুশ্রূষাতেই নিরত তাহাদিগের আর তাদৃশ সন্দেহ হয় না।

যথা পুমান্ ন স্বাঙ্গেষু শিরঃপাণ্যাদিষু ক্বচিৎ
পারক্যবুদ্ধিং কুরুতে এবং ভূতেষু মৎপরঃ।

শ্রীমদ্ভাগবত ৪।৭।৫৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পুরুষ যেমন কর ও মস্তকাদি নিজ অঙ্গের কোন একটি অঙ্গকেও এটি আমার নহে অন্যের, এরূপ বিবেচনা করে না; যিনি আমাকে পরাৎপররূপে স্থির করিয়াছেন তিনিও তদ্রূপ কোন প্রাণীর উপরেই এই প্রাণী কিংবা ইহার সুখ দুঃখাদি সকলই আমা হইতে ভিন্ন এইরূপ পরকীয় বুদ্ধি আরোপ করে না।

মুর্খো বদতি বিষ্ণায় ধীরো বদতি বিষ্ণবে।
উভয়োস্তু সমং পূণ্যং ভাবগ্রাহী জনার্দ্দনঃ॥

শ্রীচৈতন্যভাগবত—আদি-৭

শ্রীবিষ্ণুর প্রণাম সময়ে মূর্খ ব্যক্তি বিষ্ণায় (নমঃ) বলে ধীর ব্যক্তি বিষ্ণবে (নমঃ) বলিয়া থাকে কিন্তু পূণ্য উভয়েরই তুল্য, কারণ জনার্দ্দন ভাবগ্রাহী।

সতাং নিন্দা নাম্নঃ পরমাপরাধং বিতনুতে।
যতঃ খ্যাতিং যাতং কথমু সহতে তদ্বিগর্হাম্॥

পদ্মপুরাণ ব্রহ্মখণ্ডে—শ্রীচৈতন্যভাগবত—মধ্য-১৩

সাধুবৃন্দের নিন্দা নামের নিকট পরম অপরাধ বিস্তার করে। হায়! নাম যাঁহাদিগের হইতে খ্যাতি বা প্রসিদ্ধি প্রাপ্ত হইয়াছে তাঁহাদিগের নিন্দা তিনি কিরূপে সহ্য করেন?

যদমদিয়া ত উরুগায় বিভাবয়ন্তি।
তত্তদ্বপুঃ প্রণয়সে মদনুগ্রহায়॥

শ্রীমদ্ভাগবত ৩।৯।১১

হে উরুগায়, ত্বদীয় সেই ভক্তগণ মন দিয়া তোমার যে যে মূর্ত্তি ভাবনা করেন তুমি সেই সকল ব্যক্তিকে অনুগ্রহ করিবার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জন্য সেই সেই মূর্ত্তি হইয়া তাঁহাদিগের নিকটে সমুপস্থিত হইয়া থাকে। তাঁরা প্রণাম করে গেলেন।

৭ই শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম করে কাছে ব'সলাম তাঁরা আশীর্ব্বাদ করলেন, বললেন—মা, এসব লেখাও ছাপা হ'য়ে প্রকাশ হবে, দেরী আছে। সেই বৈষ্ণব পাঁচ জন এসে প্রণাম ক'রে ব'সে বললেন, মা শ্রবণ কর।

বৈকুণ্ঠঃ কোটী কোটী প্রগুনিতমপি নো যদ্রজো লেশমাত্রং।
প্রোন্মীলৎ সৌভগং তল্লবমপি লভতে শুদ্ধভাবোজ্জলায়াঃ॥
কুর্ব্বীরন্ ভক্তিকোটীর্ভগবতিনু তথাপ্যদ্ভুতপ্রেমমূর্ত্তেঃ।
শ্রীরাধায়া অভক্তৈরতি দুরধিগমাং নৌমি বৃন্দাটবীং তাম্॥

স্কান্দ পাতালখণ্ড মথুরামাহাত্ম্যে—
ভক্তমাল—২৬শ মালা

যে বৃন্দাবনে রজঃকণা হইতে অসীম সৌভাগ্যমহিমা প্রোন্মীলিত হইতেছে বৈকুণ্ঠকে কোটী কোটী গুণে গুণান্বিত করিলেও যে বৃন্দাবনের সেই রজঃকণার কণামাত্রও লাভ করিতে পারে না আর শ্রীকৃষ্ণ ভক্তির কোটীরূপের অবতারণা করিলেও যে বৃন্দাবন অদ্ভুত প্রেমমূর্ত্তি শ্রীরাধার অভক্ত বৃন্দের পক্ষে অতীব দুর্গম সেই বৃন্দারণ্যকে কোটী নমস্কার।

অহো অভাগ্যং লোকস্য ন পীতং যমুনাজলম্।
গো-গোপ-গোপিকা সঙ্গে যত্র ক্রীড়তি কংসহা।

স্কান্দ পাতালখণ্ড মথুরামাহাত্ম্যে—
ভক্তমাল—২৬শ মালা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যেখানে কংসারী-শ্রীকৃষ্ণ গো-গোপ-গোপিকাগণের সহিত কেলি ক্রীড়া রসে নিমগ্ন রহিয়াছেন, যে লোক সেই যমুনা জল পান না করিল, তাহার কি দুর্ভাগ্য।

রে রে সংসারমগ্নঢ্য ! শিক্ষামেকান্ততঃ শৃণু।
যদীচ্ছসি সুখং সান্দ্রং বাসং কুরু মধোঃ পুরে ॥
যদীচ্ছেঃ পারসংসারং বহিত্রং মাথুরং কুরু।
নৌকা সা প্রেরকঃ কৃষ্ণো ভোঃ শিবে পারকারকঃ ॥
অহো লোকো মহানন্ধো নেত্রযুক্তো ন পশ্যতি।
মাথুরে বিদ্যমানেঽপি সংসৃতিং ভজতে সদা ॥

মানুষীং যোনিমতুলাং লব্ধা ভাগ্যস্য যোগতঃ।
বৃথৈবায়ুর্গতং তেষাং ন দৃষ্টা মথুরাপুরী ॥
তীর্থে চৈব গৃহে বাপি চত্বরে পথি চৈব হি।
যত্র তত্র মৃতা দেবি ! মুক্তিং যান্তি ন চান্যথা ॥

স্কান্দ পাতালখণ্ড মথুরামাহাত্ম্যে—
ভক্তমাল—২৬শ মালা

রে সংসারমুগ্ধ ধনি ! অন্ততঃ মদীয় একটী উপদেশ মনোযোগ পূর্ব্বক আকর্ণন কর, যদি অপার সুখ লালসা কর, তবে মধুপুরে অবস্থিতি কর, যদি দুস্তর ভব সাগর পার হইতে চাও তবে মথুরাপুরীকেই তরণী কর, মথুরাপুরী ভবসাগর পারের একমাত্র নৌকাস্বরূপ এবং শ্রীহরিই উহার কর্ণধার, মথুরাপুরী বিদ্যমান থাকিতে ও জগজ্জন চক্ষুষ্মান হইয়াও মোহান্ধতা নিবন্ধন সংসারকেই সর্ব্বদা ভজনা করে, যাহারা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মথুরাপুরী দর্শন না করিয়াছে তাহাদের আয়ুঃ বৃথাই ক্ষয় হইয়াছে। হে দেবি! মথুরার যে কোন তীর্থে, গৃহে, চত্বরে, পথে বা যেখানে সেখানে মৃত্যু হইলে জীবগণ যে মুক্তি প্রাপ্ত হয় তাহাতে সন্দেহ নাই।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

৮ই শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা শ্রবণ কর।

বিনা সাঙ্খ্যেন যোগেন বিনা স্বাত্মবিচিন্তনম্।
বিনা ব্রততপোদানৈঃ শ্রেয়ো বৈ প্রাণিনামিহ॥
মথুরায়াং বসিষ্যামি যাস্যামি মথুরামহম্।
ইতি যস্য ভবেদ্‌বুদ্ধিঃ সোঽপি বন্ধাদ্ বিমুচ্যতে॥
সর্পদষ্টাঃ পশুহতাঃ পাবকাম্বুবিনাশিতাঃ।
লব্ধাপমৃত্যবো যে চ মাথুরে হরিলোকগাঃ॥
ত্রৈলোক্যবর্ত্তিতীর্থানাং সেবনাদ্ দুর্লভা হি যা।
পরমানন্দময়ী সিদ্ধির্মথুরা স্পর্শমাত্রতঃ॥
শ্রুতা স্মৃতা কীর্ত্তিতা চ বাঞ্ছিতা প্রেক্ষিতা গতা।
স্পৃষ্টাশ্রিতা সেবিতা চ মথুরাভীষ্টদা নৃনাম্॥

স্কান্দ পাতালখণ্ড মথুরামাহাত্ম্যে—
ভক্তমাল—২৬শ মালা

সাংখ্য যোগস্বরূপ আত্মচিন্তা, ব্রত, দান ও তপস্যা বিনা এই মথুরাধামে শ্রেয়োলাভ হইয়া থাকে। আমি মথুরায় বাস

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিব, আমি মথুরায় যাইব, যাঁহার মনে এইরূপ বুদ্ধির উদয় হয় তিনিও ভববন্ধন হইতে বিমুক্ত হন। এই মথুরাধামে সর্পদষ্ট, পশুকর্ত্তৃক নিহত, অগ্নিদগ্ধ ও জলমগ্ন হইয়া যাঁহাদের অপমৃত্যু হয় তাঁহারাও বৈকুণ্ঠে গমন করেন। ত্রৈলোক্য মধ্যবর্ত্তী সমুদয়তীর্থের সেবা করিয়াও যাহা প্রাপ্ত হওয়া যায় না, মথুরাভূমি স্পর্শ মাত্রেই পরম আনন্দময়ী প্রেম সিদ্ধিলাভ হইয়া থাকে। শ্রুতিস্মৃতি কীর্ত্তিত, বাঞ্ছিত, প্রেক্ষিত, গত স্পৃষ্ট, আশ্রিত বা সেবিত হইলে মথুরাপুরী জনগণের অভীষ্ট প্রদান করিয়া থাকে।

কৃষ্ণোঽন্যো যদুসম্ভূতো যস্তু গোপেন্দ্রনন্দনঃ।
বৃন্দাবনং পরিত্যজ্য পাদমেকং ন গচ্ছতি॥

তন্ত্রে—ভক্তমাল ২৬শ মালা।

যদুবংশ সম্ভূত শ্রীকৃষ্ণ পৃথক আর যিনি গোপেন্দ্র নন্দন শ্রীকৃষ্ণ তিনি বৃন্দাবন পরিত্যাগ করিয়া এক পাদও অন্যস্থানে গমন করেন নাই।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী ব'ললেন—মা, এইবার ব্রজলীলা বর্ণন ক'রবেন।

৯ইশ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম করে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসে বললেন—মা শ্রবণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৈকুণ্ঠাজ্জনিতোবরা মধুপুরী তত্রাপি রাসোৎসবাদ্।
বৃন্দারণ্যমুদারপাণিরমণাৎ তত্রাপি গোবর্দ্ধনঃ॥
রাধাকুণ্ডমিহাপি গোকুলপতেঃ প্রেমামৃতাপ্লাবনাৎ।
কুর্য্যাদস্য বিরাজতো গিরিতটে সেবাং বিবেকী ন কঃ॥

ভক্তমাল —২৬শ মালা।

মধুপুরী শ্রীকৃষ্ণের জন্মভূমি, এইজন্য বৈকুণ্ঠ হইতে শ্রেষ্ঠতম, তথায় শ্রীকৃষ্ণের রাসলীলা হেতু বৃন্দাবন। উদারপাণি শ্রীকৃষ্ণের লীলাস্থলী বলিয়া তাহাতে আবার গোবর্দ্ধন। গোকুলপতি শ্রীকৃষ্ণের উদ্বেলিত প্রেমামৃত সিঞ্চন হেতু এই গোবর্দ্ধন গিরিমধ্যস্থ রাধাকুণ্ড শ্রেষ্ঠ, সুতরাং কোন্ বিবেকী ব্যক্তি গোবর্দ্ধনপর্ব্বততটস্থিত এই রাধাকুণ্ডের সেবা না করিবে?

চিন্তামণিপ্রকরসদ্মসু কল্পবৃক্ষ-
লক্ষাবৃতেষু সুরভীরভিপালয়ন্তম্।
লক্ষ্মীসহস্রশতসম্ভ্রমসেব্যমানং
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি॥

ব্রহ্মসংহিতায়ম্—
শ্রীচৈতন্যচরিতামৃত-আদি-৫

চিন্তামণিসমূহে রচিত লক্ষ লক্ষ কল্প বৃক্ষোপরি মণ্ডিত মনোহর স্থানে শত সহস্র লক্ষ্মীদ্বারা সাদরে সেব্যমান, সুরভি বায়ুদ্বারা উপসেবিত অথবা বহুল গাভীগণের পালনকারী আদিপুরুষ গোবিন্দের সেবা করি।

জয়তি জননিবাসো দেবকীজন্মবাদো
যদুবরপরিষৎ স্বৈর্দোর্ভিরস্যন্নধর্ম্মম্।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চিরচরবৃজিনঘ্নঃ সুস্মিতশ্রীমুখেন
ব্রজপুরবনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবম্ ॥

শ্রীমদ্ভাগবত—১০।৯০।৪৮।

যিনি নিখিল জনসকলের আশ্রয়স্বরূপ, দেবকীগর্ভসঞ্জাত, বলিয়া যাঁহার খ্যাতি, যিনি যাদবগণের সহিত অধর্ম্ম বিনষ্ট করিয়া সমস্ত প্রাণীর সংসারদুঃখ নিরাকৃত এবং সুস্মিতশ্রীমুখের সৌন্দর্য্যে ব্রজবনিতা ও পুরস্ত্রীগণের কামদেব বর্দ্ধন করিয়াছেন সেই শ্রীকৃষ্ণ সর্ব্বোপরি বিরাজমান হইতেছে।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

১০ই শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম করে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম করে বসে বললেন, মা শ্রবণ কর।

কদাচিদথ গোবিন্দো রামশ্চাদ্ভুত বিক্রমঃ।
বিজহ্রতুর্ব্বনে রাত্র্যাং মধ্যগৌ ব্রজযোষিতাম্ ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩৪।২০।

তদন্তর কোন সময়ে রাত্রিযোগে অদ্ভুতবিক্রম শ্রীগোবিন্দ ও বলরাম ব্রজকামিনীগণের মধ্যবর্ত্তী হইয়া ব্রজসমীপস্থ কানন মধ্যে বিহার করিয়াছিলেন।

উপগীয়মানৌ ললিতং স্ত্রীরত্নৈর্ব্বদ্ধসৌহৃদৈঃ।
স্বলঙ্কৃতানুলিপ্তাঙ্গৌ স্রগ্বিনৌ বিরজোঽম্বরৌ ॥
নিশামুখং মানয়ন্তাবুদিতোড়ুপতারকম্।
মল্লিকাগন্ধমত্তালিজুষ্টং কুমুদবায়ুনা ॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

জগতুঃ সর্ব্বভূতানাং মনঃশ্রবণমঙ্গলম্।
তৌ কল্পয়ন্তৌ যুগপৎ স্বরমণ্ডল মূর্চ্ছিতম্॥

শ্রীমদ্ভাগবত—১০।৩৪।২১—২৩।

তাঁহাদিগের দুই জনেরই শরীর চন্দনচর্চ্চিত ও নানারূপ অলঙ্কারে অলঙ্কৃত; গলদেশে মাল্য দোদুল্যমান এবং পরিধানে সুবিমল অম্বর। তাঁহারা দেখিলেন অদ্যকার সন্ধ্যা অতীব মনোহর। সান্ধ্যগগনে তারানাথ ও তারকামালা সমুদিত হইয়াছে, ভ্রমরবৃন্দ মল্লিকার মধুগন্ধে উন্মত্ত হইয়া চতুর্দ্দিকে বিচরণ করিতেছে এবং গন্ধবহ কুমুদ গন্ধগ্রহণপূর্ব্বক মৃদুমন্দভাবে প্রভাবিত হইতেছে। কৃষ্ণ বলরাম সেই সন্ধ্যাকালের সংবর্দ্ধনা না করিয়া ক্ষান্ত থাকিতে পারিলেন না। তাঁহাদিগের প্রেয়সীরা তাঁহাদিগকে লক্ষ্য করিয়া তানলয় বিশুদ্ধ রমণীয় সঙ্গীত করিতে আরম্ভ করিলেন, তাঁহারা দুই জনেও সমবেত হইয়া সর্ব্বজনের মনোরঞ্জন ও শ্রুতিসুখকর স্বরগ্রামের মূর্চ্ছনা সহকারে সঙ্গীতালাপে প্রবৃত্ত হইলেন।

বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং
বিভ্রদ্‌বাসঃ কনককপিশং বৈজয়ন্তীঞ্চ মালাম্॥
রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্ গোপবৃন্দৈ-
র্বৃন্দারণ্যং স্বপদরমনং প্রাবিশদ্‌গীতকীর্ত্তিঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।২১।৫

শ্রীকৃষ্ণ ময়ূরবর্হরচিত চূড়া, শ্রুতিযুগলে কর্ণিকার পুষ্প, কনকতুল্য কপিশ বা নীল পীত মিশ্রিত বর্ণের বসন এবং পঞ্চবর্ণ পুষ্পে গ্রথিত বৈজয়ন্তী মালা ধারণ করিয়া নটবরের ন্যায় স্বীয়

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অঙ্গ নিরন্তর নূতন নূতন শোভার আবির্ভাবে সমধিক সমৃদ্ধি করিতে করিতে বৃন্দাবনে যে স্থানে তদীয় অসাধারণ পদচিহ্ন-সমূহ সকলেরই নিরতিশয় রতি বা আনন্দ সম্পাদন করিতেছে সেই বৃন্দাবনে প্রবেশ করিলেন। এদিকে গোপবৃন্দ তাঁহার যশোগান করিতে থাকিলেন।

বন্দে নন্দব্রজস্ত্রীণাং পাদরেণুমভীক্ষ্ণশঃ।
যাসাং হরিকথোদ্‌গীতং পুনাতি ভুবনত্রয়ম্॥

শ্রীমদ্ভাগবত—১০।৪৭।৬৩/৫৬

যাঁহাদিগের হরিলীলার উচ্চগান ত্রিলোক পবিত্র করিতেছে সেই নন্দব্রজবাসিনী রমণীবৃন্দের পদরেণু আমি পুনঃ পুনঃ বন্দনা করি।

তাঁরা প্রণাম ক'রে চ'লে গেলেন।

১১ই শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসে বললেন, মা শ্রবণ কর।

ভগবানপি তা রাত্রীঃ শরদোৎফুল্লমল্লিকাঃ।
বীক্ষ্য রন্তুং মনশ্চক্রে যোগমায়ামুপাশ্রিতঃ॥
তদোড়ুরাজঃ ককুভঃ করৈর্মুখং প্রাচ্যা বিলিম্পন্নরুণেশন্তমৈঃ।
স চর্ষণীনামুদগাচ্ছুচো মৃজন্ প্রিয়ঃ প্রিয়ায়া ইব দীর্ঘদর্শনঃ॥
দৃষ্ট্বা কুমুদ্বন্তমখণ্ডমণ্ডলং রমাননাভং নবকুঙ্কুমারুণম্।
বনঞ্চ তৎ কোমলগোভিরঞ্জিতং জগৌ কলং বামদৃশাং মনোহরম্॥

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নিশম্য গীতং তদনঙ্গবর্দ্ধনং ব্রজস্ত্রিয়ঃ কৃষ্ণগৃহীতমানসাঃ।
আজগ্মুরন্যোন্যমলক্ষিতোদ্যমাঃ স যত্র কান্তো জবলোলকুণ্ডলাঃ॥
দুহন্ত্যোঽভিযযুঃ কাশ্চিদ্দোহং হিত্বা সমুৎসুকাঃ।
পয়োঽধিশ্রিত্য সংযাবমনুদ্বাস্যাপরা যযুঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।১—৫

ষড়ৈশ্চর্য্যযুক্ত শ্রীকৃষ্ণও সেই সকল রজনী, যাহা শরৎকালীন বিকসিত মল্লিকাপুষ্পে সুশোভিত, তাহা অবলোকন করিয়া যোগমায়াবলম্বনে ক্রীড়া করিতে মন করিলেন অথবা কেবল যে ব্রতচারিণী কৃষ্ণনিকটে বরপ্রাপ্তা প্রসিদ্ধা গোপকন্যাগণ শরৎকালীন বিকসিত মল্লিকাশালিনী যামিনী অবলোকন করিয়া ক্রীড়া করিতে ইচ্ছা করিয়াছিল এমত নহে; ভগবানও যোগমায়ার সাহায্যে সেই সকল গোপকন্যাকে রমণ করিতে ইচ্ছা করিয়াছিলেন।

তাঁরা প্রণাম ক'রে চ'লে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন,—'মা রাসলীলা অল্প ক'রে ক'রে দেবেন। তুমি মগ্ন হ'য়ে যাচ্ছ স্থির থাকা কঠিন সংক্ষেপ ক'রেই ব'লবেন। মহাপ্রভু সর্ব্বদা এই ভাবে মগ্ন থাকতেন।'

১২ই শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—'মা, রাসের শ্লোক সংক্ষেপে বর্ণনা ক'রবেন সেই মত ব'লে দিব।' সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসলেন। শ্রীশ্রীগোঁসাইজী তাঁদের ব'ললেন—'রাসলীলা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বিস্তারিত বলার প্রয়োজন নাই। মহাপ্রভুর লীলা কীর্ত্তন করাই মুখ্য উদ্দেশ্য। রাসলীলা প্রথমে যে ভাবে আরম্ভ হ'য়েছিল সেই পর্য্যন্ত বলা হউক।' তাঁরা বললেন, 'আপনার আদেশ মত এই কাজে নিযুক্ত হয়েছি আপনিই বলাচ্ছেন আপনার ইচ্ছামতই কার্য্য হবে।' আমি তাঁদের প্রণাম করলাম, তাঁরা আশীর্ব্বাদ করে ব'ললেন, মা শ্রবণ কর—

'শ্রীকৃষ্ণ রাসলীলা করিবার মানসে যোগমায়াকে আশ্রয় করিয়া বংশীধ্বনি করিয়াছিলেন, তাঁর সেই বংশীধ্বনী শ্রবণে গোপীরা তখন যে যে অবস্থায় ছিলেন সকলেই কানন অভিমুখে গমন করিয়াছিলেন। তারপর শ্রীকৃষ্ণ অনেক পরীক্ষার পর তাঁহাদের সহিত লীলা করিয়াছিলেন, এসম্বন্ধে ভাগবতে সমস্তই বিস্তারিত আছে। প্রভুর আদেশ মত মহাপ্রভুর লীলা বর্ণন করিব। মহাপ্রভু নিজে ব্রজলীলা আস্বাদন ক'রে কলির জীবকে সেই পথ দেখিয়ে গিয়েছেন।'

কৃতে যদ্ধ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মখৈঃ।
দ্বাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ॥

শ্রীমদ্ভাগবত—১২।৩।৫২।

সত্যযুগে বিষ্ণুকে ধ্যান করে, ত্রেতাযুগে যাগযজ্ঞ করে এবং দ্বাপরযুগে সেবা করে যে ফল পাওয়া যেত, কলিযুগে কৃষ্ণকীর্ত্তন করেই তা পাওয়া যায়।

আসন্ বর্ণাস্ত্রয়ো হ্যস্য গৃহ্ণতোঽনুযুগং তনুঃ।
শুক্লো রক্তস্তথা পীত ইদানীং কৃষ্ণতাং গতঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৮।১৩।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইনি প্রতিযুগেই তনু গ্রহণ করেন। ইনি তিন যুগে শুক্ল, রক্ত ও পীত এই তিনটি বর্ণ দেহে ধারণ করেছিলেন—এখন দ্বাপরে কৃষ্ণবর্ণ ধারণ করেছেন।

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্।
কলৌ নাস্ত্যেব নাস্ত্যেব নাস্ত্যেব গতিরন্যথা॥

বৃহন্নারদীয়বচনম্ ৩৮।১২৬,—
শ্রীচৈতন্যচরিতামৃত-আদি—৭, ১৭; মধ্য—৬

কলিযুগে কেবলমাত্র হরিনাম হরিনাম হরিনামই। ইহা ছাড়া আর গতি নাই-ই নাই-ই নাই-ই।

জয়তি জয়তি দেবঃ কৃষ্ণচৈতন্যচন্দ্রো
জয়তি জয়তি কীর্ত্তিস্তস্য নিত্যা পবিত্রা।
জয়তি জয়তি ভৃত্যস্তস্য বিশ্বেশমূর্ত্তে-
র্জয়তি জয়তি নৃত্যং তস্য সর্ব্বপ্রিয়স্য॥

শ্রীমুরারিগুপ্তস্যশ্লোকৌ—
শ্রীচৈতন্যভাগবত—আদি-১

দেবলীলাময় শ্রীকৃষ্ণচৈতন্যচন্দ্র জয় যুক্ত হউন, তদীয় নিত্য পবিত্র কীর্ত্তি জয়যুক্ত হউন, সেই বিশ্বেশমূর্ত্তির ভৃত্য জয়যুক্ত হউন, সেই সকল জনপ্রিয় নৃত্য জয়যুক্ত হউন।

তাঁরা প্রণাম করে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, তুমি রাসলীলা শ্রবণ ক'রলে তাতেই মগ্ন হয়ে যাবে সেই জন্য রাসলীলা ব'লতে নিষেধ ক'রে দিলাম। বাহিরের কাজ করার শক্তি থাকবে না, এখন কিছু কাজ বাকী আছে, শেষে এই রাসলীলাতে মগ্ন হয়ে ডুবে যাবে, এখন বন্ধ ক'রতে হল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



শ্রীশ্রীযোগমায়া দেবী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১৩ই শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, মহাপ্রভুর কথা বাংলা ভাষাতেই ব'লবেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন, মা শ্রবণ কর।

নমো মহাবদান্যায় কৃষ্ণপ্রেমপ্রদায় তে।
কৃষ্ণায় কৃষ্ণচৈতন্যনাম্নে গৌরত্বিষে নমঃ॥

শ্রীরূপগোস্বামিবাক্যম্—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৯

মহাবদান্য কৃষ্ণপ্রেমদাতা কৃষ্ণচৈতন্যনামা গৌরকান্তি কৃষ্ণস্বরূপ তোমাকে নমস্কার।

শ্রীচৈতন্যপ্রভুং বন্দে বালোঽপি যদনুগ্রহাৎ।
তরেন্নানামতগ্রাহব্যাপ্তং সিদ্ধান্তসাগরম্॥

শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-২

যাঁহার কৃপায় মূঢ় ব্যক্তিও নানামতরূপগ্রাহসঙ্কুল (কুম্ভীরাদি জলজন্তু) সিদ্ধান্ত সমুত্তীর্ণ হইয়া থাকেন সেই শ্রীচৈতন্য প্রভুকে বন্দনা করি।

কৃষ্ণোৎকীর্ত্তনগাননর্ত্তনকলাপাথোজনি ভ্রাজিতা,
সদ্ভক্তাবলিহংসচক্রমধুপশ্রেণীবিহারাস্পদম্।
কর্ণানন্দিকলধ্বনির্ব্বহতু মে জিহ্বামরুপ্রাঙ্গণে,
শ্রীচৈতন্য দয়ানিধে! তব লসল্লীলাসুধাস্বর্ধুনী॥

শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে দয়াসিন্ধু চৈতন্যদেব, যাহা কৃষ্ণবিষয়ক উচ্চ কীর্ত্তন গান ও নর্ত্তন বৈদগ্ধী প্রভৃতিরূপ কমলসমূহে সমলঙ্কৃত, আর যাহা প্রেম ভক্তাধিকারী ভক্তবৃন্দ স্বরূপ হংস চক্রবাক ও অলিকুলের একমাত্র বিহার স্থল, আপনার সেই কর্ণানন্দপ্রদ কলধ্বনি সমন্বিত সুধামন্দাকিনী মদীয় মরুভূমিবৎ নীরস জিহ্বায় প্রবাহিত হউক।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

১৪ই শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, রাসলীলা লেখার পর সময় সময় প্রেমানন্দে মগ্ন থাকবে, সেই সময় কিছুদিন নির্জ্জনবাস হবে।

সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসে বললেন, মা শ্রবণ কর।

তদশ্মসারং হৃদয়ং বতেদং
যদ্‌গৃহ্যমাণৈর্হরিনামধেয়ৈঃ।
ন বিক্রিয়েতাথ যদা বিকারো
নেত্রে জলং গাত্ররুহেষু হর্ষঃ॥

শ্রীমদ্ভাগবত—২।৩।২৪

যে হৃদয় বারংবার হরিনাম গ্রহণেও দ্রবীভূত না হয়, আহা সে হৃদয় পাষাণসার বা লৌহ দ্বারা বিনির্ম্মিত, চিত্তের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust: Funding by MoE-IKS

বিকার উপস্থিত হইলে বা চিত্ত দ্রবীভূত হইলে নয়নে জল এবং শরীরে রোমোদ্গম হইয়া থাকে।

হেলোদ্ধূনিতখেদয়া বিশদয়া প্রোন্মীলদামোদয়া
শাম্যচ্ছাস্ত্রবিবাদয়া রসদয়া চিত্তার্পিতোন্মাদয়া।
শশ্বদ্ভক্তিবিনোদয়া সমদয়া মাধুর্য্যমর্য্যাদয়া
শ্রীচৈতন্য দয়ানিধে! তব দয়া ভূয়াদমন্দোদয়া॥

শ্রীচৈতন্যচন্দ্রোদয়নাটকে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১০

হে কৃপানিধি চৈতন্যদেব! যাঁহা হেলায় নিখিল খেদ দূর করিয়া দেয়, যাঁহাতে সম্যক বিমলতা বিদ্যমান, যাঁহার পরমানন্দ অন্যান্য বিষয় সমূহ আবরণ পূর্ব্বক প্রকাশ পায়, যাঁহার উদয়ে শাস্ত্রবিবাদের মীমাংসা হয়, যাঁহার ভক্তিবিনোদন কার্য্য নিয়ত সমতা দান করে সেই মাধুর্য্য মর্য্যাদা দ্বারা ত্বদীয়া সুবিস্তীর্ণ দয়া মৎপ্রতি সমুদিত হউক।

তাঁরা প্রণাম করে চলে গেলেন।

১৫ই শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম তাঁরা আশীর্ব্বাদ করলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, জগন্নাথদেব একদিন চরুভোগ দিতে বলেছিলেন। পঞ্চমীর দিন দিও। আমি বললাম, মহাপ্রভুকে অনেক দিন দেখি নাই, সেই রথের সময় দেখেছি। বললেন—প্রয়োজন হ'লেই দেখা পাবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম করে বসে বললেন, মা শ্রবণ কর।

কালান্নষ্টং ভক্তিযোগং নিজং যঃ
প্রাদুষ্কর্ত্তুং কৃষ্ণচৈতন্যনামা।
আবির্ভূতস্তস্য পদারবিন্দে
গাঢ়ং গাঢ়ং লীয়তাং চিত্তভৃঙ্গঃ॥

সার্ব্বভৌম ভট্টাচার্য্যকৃত শ্লোকঃ—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৬

যিনি কাল প্রভাবে বিলুপ্ত প্রায় স্বকীয় অসাধারণ ভক্তি-যোগ সম্পন্ন করিবার নিমিত্ত শ্রীকৃষ্ণচৈতন্য নাম ধারণ করিয়া আবির্ভূত হন, তাঁহার চরণারবিন্দে আমার মনোমধুকর প্রগাঢ়রূপে বিলীন হউক।

বৈরাগ্যবিদ্যানিজভক্তিযোগ-
শিক্ষার্থমেকঃ পুরুষঃ পুরাণঃ।
শ্রীকৃষ্ণচৈতন্যশরীরধারী,
কৃপাম্বুধির্য্যস্তমহং প্রপদ্যে॥

সার্ব্বভৌম ভট্টাচার্য্যকৃত শ্লোকঃ—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৬

যে এক করুণাবারিধি পুরাণপুরুষ বৈরাগ্য বিদ্যা এবং স্বকীয় ভক্তিযোগ শিক্ষা দিবার নিমিত্ত শ্রীকৃষ্ণচৈতন্য রূপে আবির্ভূত হইয়াছেন, আমি তাঁহারই শরণাপন্ন হইলাম।

আত্মারামাশ্চ মুনয়ো নির্গ্রন্থা অপ্যুরুক্রমে।
কুর্ব্বন্ত্যহৈতুকীং ভক্তিমিত্থম্ভূতগুণো হরিঃ॥

শ্রীমদ্ভাগবত—১।৭।১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাঁহারা বিধিনিষেধের অতীত বা যাঁহাদিগের অহঙ্কারগ্রন্থি ছিন্নভিন্ন হইয়া গিয়াছে সেই আত্মারাম মুনিগণও অতিপরাক্রম ভগবানে ফলকামনাশূন্য ভক্তির অনুষ্ঠান করিয়া থাকেন, কেননা শ্রীহরির গুণই এইরূপ।

তাঁরা প্রণাম করে চলে গেলেন।

১৬ই শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন, মা শ্রবণ কর।

জপতো হরিনামানি স্থানে শতগুণাধিকঃ।
আত্মানঞ্চ পুনাতুচ্চৈর্জপন্ শ্রোতৃন্ পুনাতি চ॥

নারদীয়ে প্রহ্লাদবাক্যং—
শ্রীচৈতন্যভাগবত—আদি-১১

হরিনাম জপ পরায়ণ ব্যক্তির অপেক্ষা উচ্চৈঃস্বরে হরিনাম জপকারী যে শতগুণে প্রধান ইহা যুক্তিযুক্ত, কারণ কেবল জপকারী আপনাকে পবিত্র করেন, আর উচ্চৈঃস্বরে জপকারী আপনাকে এবং শ্রোতৃবর্গকে সকলকেই পবিত্র করেন।

যন্নাম গৃহ্ণন্নখিলান্ শ্রোতৃনাত্মানমেব চ।
সদ্যঃ পুনাতি কিং ভূয়স্তস্য স্পৃষ্টঃ পদা হি তে॥

শ্রীমদ্ভাগবত ১০।৩৪।১৭

কেবল যাহার একটি মাত্র নাম উচ্চারণ করিতে করিতে জীব আপনাকে এবং আপনার তুল্য সমস্ত শ্রোতৃবর্গ ও সেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রোতৃবর্গের সংসারীগণকে সদাই পবিত্র করিয়া থাকেন, সেই ত্বদীয় চরণ স্পৃষ্ট হইয়া আমিও যে নিশ্চয়ই আপনাকে ও আর আর সকলকে অধিকতররূপে পবিত্র করিব তাহাতে আর কথা কি ?

যথাসৌমিত্রিভরতৌ যথা সঙ্কর্ষণাদয়ঃ।
তথা তেনৈব জায়ন্তে মর্ত্ত্যলোকং যদৃচ্ছয়া ॥
পুনস্তেনৈব যাস্যন্তি তদ্‌বিষ্ণোঃ শাশ্বতং পদম্।
ন কর্ম্মবর্দ্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিদ্যতে ॥

পাদ্মোত্তরখণ্ডে—
শ্রীচৈতন্যভাগবত অন্ত্য-৯

যেমন সুমিত্রাকুমার লক্ষ্মণ ও ভরত, যেমন সঙ্কর্ষণ প্রভৃতি, বৈষ্ণবগণও তদ্রূপ সেই ভগবানের সহিত ইচ্ছাবশে মরধামে জন্মগ্রহণ আবার তাহারই সহিত বিষ্ণুর সেই নিত্য ধামে গমন করেন। বৈষ্ণবগণের কর্ম্মসম্পর্ক জনিত জন্ম নাই।

তাঁরা প্রণাম ক'রে চ'লে গেলেন।

১৭ই শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্যরূপে কলির জীবকে মুক্তির পথ হরিনাম মহামন্ত্র দিয়া গিয়াছেন, আবার সদ্‌গুরুরূপে সেই হরিনামে শক্তিসঞ্চার ক'রে জীবকে দান করলেন। আর পূর্ণব্রহ্ম শ্রীশ্রীজগন্নাথরূপে, নীলাচলে লীলা করছেন। ভগবান

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কলিযুগের জীবের জন্য শ্রীক্ষেত্রে আবির্ভাব হ'য়ে জগতের পরম কল্যাণ সাধিত ক'রেছেন ও ক'রছেন।

সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম করে ব'সে বললেন, মা শ্রবণ কর।

বন্দে স্বৈরাদ্ভুতেহহং তং চৈতন্যং যৎ প্রসাদতঃ।
যবনাঃ সুমনায়ন্তে কৃষ্ণনামপ্রজল্পকাঃ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-১৭

যাঁহার প্রসাদে যবনগণও কৃষ্ণনাম কীর্ত্তন করিতে করিতে শুদ্ধচিত্ত হয়, যাঁহার চেষ্টা সম্পূর্ণরূপে স্বেচ্ছাধীন ও অতি অদ্ভুত আমি সেই শ্রীচৈতন্য প্রভুকে বন্দনা করি।

বিদ্যা-সৌন্দর্য্য-সদ্বেশ-সম্ভোগ-নৃত্য-কীর্ত্তনৈঃ।
প্রেমনামপ্রদানৈশ্চ গৌরো দীব্যতি যৌবনে॥

শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-১৭

শ্রীগৌরাঙ্গপ্রভু যৌবন সমাগমে বিদ্যা, সৌন্দর্য্য, সদ্‌বেশ, সম্ভোগ, নৃত্য, কীর্ত্তন এবং প্রেম ও কৃষ্ণনাম প্রদানদ্বারা ক্রীড়া করিতেছেন।

সন্ত্ববতারা বহবঃ পঙ্কজনাভস্য সর্ব্বতো ভদ্রাঃ।
কৃষ্ণাদন্যঃ কো বা লতাস্বপি প্রেমদো ভবতি॥

লঘুভাগবতামৃতে পূর্ব্বখণ্ডে—
শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-৩

শ্রীকৃষ্ণের অংশ পদ্মনাভের সর্ব্বমঙ্গলময়, বিবিধ অবতার থাকেন থাকুন কিন্তু একমাত্র কৃষ্ণ ভিন্ন আর কে আছেন যিনি লতিকাদিগকেও প্রেম প্রদান করিতে পারেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন্যাসং বিধায়োৎপ্রণয়োঽথ গৌরো
বৃন্দাবনং গন্তুমনা ভ্রমাদ্ যঃ।
রাঢ়ে ভ্রমন্ শান্তিপুরীময়িত্বা
ললাস ভক্তৈরিহ তং নতোঽস্মি ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৩

যিনি সন্ন্যাস আশ্রম স্বীকার করিয়া উৎকট প্রেমের প্রাদুর্ভাববশতঃ শ্রীবৃন্দাবন গমনের অভিলাষী হইয়া পথভ্রান্তি নিবন্ধন রাঢ়প্রদেশে ভ্রমণ করিতে করিতে শান্তিপুরে আগমন-পূর্ব্বক ভক্তবৃন্দের সহিত শোভমান হইয়াছিলেন আমি সেই গৌরাঙ্গ প্রভুকে প্রণাম করি।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

১৮ই শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন, মা শ্রবণ কর।

অম্বুজমম্বুনি জাতং ক্বচিদপি ন জাতমম্বুজাদম্বু।
মুরভিদি তদ্‌বিপরীতং পাদাম্ভোজান্মহানদী জাতা ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-১৬

জল হইতেই জলজের (কমলের) জন্ম, জলজ হইতে কখনও জলের জন্ম হয় না, কিন্তু মুরারির সকলই বিপরীত, তাঁহার পাদপদ্ম হইতেই মহানদী গঙ্গা জন্মগ্রহণ করিয়াছেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ন মৃষা পরমার্থমেব মে শৃনু বিজ্ঞাপনমেকমগ্রতঃ।
যদি মে ন দয়িষ্যসে তদা দয়নীয়স্তব নাথ দুর্ল্লভঃ॥

গোস্বামিপাদোক্তঃ শ্লোকঃ—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১

নাথ, সর্ব্বাগ্রে তোমাকে আমার এক বিজ্ঞাপন শ্রবণ করিতে হইবে, একথা মিথ্যা নহে বাস্তবিকই সত্য যে তুমি যদি আমার প্রতি দয়া প্রকাশ না কর তাহা হইলে তোমার দয়ার পাত্রই দুর্লভ হইয়া পড়িবে।

বজ্রাদপি কঠোরাণি মৃদুনি কুসুমাদপি।
লোকোত্তরাণাং চেতাংসি কো হি বিজ্ঞাতুমীশ্বরঃ॥

বীরচরিত্রস্যউত্তরচরিতে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৭

অলৌকিক ব্যক্তিগণের চিত্ত বজ্র অপেক্ষাও কঠোর এবং কুসুমাপেক্ষাও কোমল উহা কে বুঝিতে সমর্থ হয়?

নানামতগ্রাহগ্রস্তান্ দাক্ষিণাত্যজনদ্বিপান্।
কৃপারিণা বিমুচ্যৈতান্ গৌরশ্চক্রে স বৈষ্ণবান্॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৯

শ্রীগৌরচন্দ্র নানামতরূপ কুম্ভীরগ্রস্ত হস্তীরমত দাক্ষিণাত্য-বাসী লোকসমূহকে করুণাচক্রদ্বারা বিমুক্ত করিয়া তাহাদিগকে বৈষ্ণব করিয়াছিলেন।

তং বন্দে গৌরজলদং স্বস্য যো দর্শনামৃতৈঃ।
বিচ্ছেদাবগ্রহম্লানভক্ত শস্যান্যজীবয়ৎ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যিনি স্বীয় দর্শনরূপ সুধাবর্ষণ দ্বারা, ম্লান ভক্তরূপ শস্য-সমূহের জীবন দান করেন সেই গৌরচন্দ্র রূপ মেঘকে আমি বন্দনা করি।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

১৯শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন, মা জগন্নাথদেব চরু খেয়ে খুব আনন্দ ক'রছিলেন, তাঁর প্রসাদ তো মহাপ্রসাদ, তার উপর তিনি চেয়ে নিচ্ছেন, দুর্লভ জিনিষ।

সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসে ব'ললেন, মা শ্রবণ কর।

কুমনাঃ সুমনস্কং হি যাতি যস্য পদাব্জয়োঃ।
সুমনোঽর্পণমাত্রেণ তং চৈতন্যপ্রভুং ভজে ॥

শ্রীহরিভক্তিবিলাসে—

শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-১৫

যাঁহার পদপঙ্কজ যুগলে কুটীলতা শূন্য মন বা কুসুমরাশি সমর্পন মাত্রেই যাহার হৃদয় অতি কুৎসিৎ সে ব্যক্তিও শোভন মনঃ সম্পন্ন হয়, আমি সেই শ্রীচৈতন্যপ্রভুকে ভজনা করি।

পৌগণ্ডলীলা চৈতন্যকৃষ্ণস্যাতিসুবিস্তৃতা।
বিদ্যারম্ভমুখা পাণিগ্রহণান্তা মনোহরা ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-১৫

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীচৈতন্যরূপী শ্রীকৃষ্ণের পৌগণ্ডলীলা অতিবিস্তৃত ও মনোহর, বিদ্যারম্ভ উক্তলীলার আদি এবং পাণিগ্রহণই উহার অন্ত।

সঞ্চার্য্য রামাভিধভক্তমেঘে
স্বভক্তিসিদ্ধান্তচয়ামৃতানি।
গৌরাব্ধিরেতৈরমুনা বিতীর্ণে
স্তজ্ঞত্বরত্নালয়তাং প্রয়াতি॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৮

সিদ্ধান্তসুধাসাগররূপ শ্রীগৌরাঙ্গদেব রামানন্দাখ্য ভক্তমেঘে নিজ ভক্তিসিদ্ধান্ত-সুধা সঞ্চার পূর্ব্বক তৎ কর্ত্তৃক বিতীর্ণ সেই ভক্তি সিদ্ধান্ত দ্বারা পুনর্বার নিজে ভক্তিতত্ত্বজ্ঞতারূপ রত্নাকরতা (সাগরতা) প্রাপ্ত হইলেন।

ভগবদ্ভক্তিহীনস্য জাতিঃ শাস্ত্রং জপস্তপঃ।
অপ্রাণস্যেব দেহস্য মণ্ডনং লোকরঞ্জনম্॥

শ্রীহরিভক্তিসুধোদয়ে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৯

প্রাণ রহিত দেহের (পুত্তলিকার) জনবিমোহন মণ্ডনের (সজ্জার) ন্যায় ভগবদ্ভক্তিহীনের জাতি শাস্ত্র (পাণ্ডিত্য) জপ তপ প্রভৃতি সমস্তই বিফল।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, এঁরা যে সব শ্লোক বর্ণনা ক'রছেন সবই বৈষ্ণব গ্রন্থে আছে, তার মধ্যে কিছু কিছু দিচ্ছেন পরে এমন সময় আস্‌বে এই সব প্রকাশ হয়ে লোকের উপকার হবে। সহজভাবে লোকে এই সব অমূল্য রত্নের সন্ধান পাবে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২০শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসে বললেন, মা শ্রবণ কর—

অত্যুদ্দণ্ডং তাণ্ডবং গৌরচন্দ্রঃ
কুর্ব্বন্ ভক্তৈঃ শ্রীজগন্নাথগেহে।
নানাভাবালঙ্কৃতাঙ্গঃ স্বধাম্না
চক্রে বিশ্বং প্রেমবন্যানিমগ্নম্॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১১

শ্রীগৌরচন্দ্র বিবিধভাববিভূষণে সমলঙ্কৃত দেহ হইয়া স্বীয় মহিমা দ্বারা এই বিশ্বকে প্রেমবন্যানিমগ্ন করিয়াছিলেন।

নিষ্কিঞ্চনস্য ভগবদ্ভজনোন্মুখস্য
পারং পরং জিগমিষোর্ভবসাগরস্য।
সন্দর্শনং বিষয়িণামথ যোষিতাঞ্চ
হা হন্ত হন্ত বিষভক্ষণতোঽপ্যসাধু॥

শ্রীচৈতন্যচন্দ্রোদয়নাটকে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১১

যে ব্যক্তি সমস্ত বিসর্জ্জন পূর্ব্বক কেবল সংসার সমুদ্রের পার গমনার্থ ভগবদ্ভক্তিপরায়ণ জনে উন্মুখ, হায় হায় তাদৃশ নিষ্কিঞ্চন জনের পক্ষে বিষয়ী দর্শন বা নারী দর্শন বিষভক্ষণ অপেক্ষাও নিন্দিত।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীগুণ্ডিচামন্দিরমাত্মবৃন্দৈঃ
সম্মার্জ্জয়ন্ ক্ষালনতঃ স গৌরঃ।
স্বচিত্তবচ্ছীতলমুজ্জলঞ্চ
কৃষ্ণোপবেশৌপয়িকং চকার ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১২

শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু আত্মীয়বৃন্দের (ভক্তগণের) সহিত গুণ্ডিচা মন্দির সংমার্জ্জন পূর্ব্বক নিজ সুস্নিগ্ধ সমুজ্জল চিত্তের ন্যায় পরিষ্কার করত ভগবানের উপবেশন যোগ্য করিয়াছিলেন।

সজীয়াৎ কৃষ্ণচৈতন্যঃ শ্রীরথাগ্রে ননর্ত্ত যঃ।
যেনাসীজ্জগতাং চিত্রং জগন্নাথোঽপি বিস্মিতঃ ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৩

যিনি রথের সম্মুখ ভাগে নৃত্য করিয়াছিলেন, যাঁহার নৃত্য দেখিয়া নিখিল জগতের এমন কি জগন্নাথদেবেরও বিস্ময় জন্মিয়াছিল সেই শ্রীকৃষ্ণচৈতন্যপ্রভু জয় যুক্ত হউন।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন —মা, মহাপ্রভু নীলাচলে যে সব লীলা ক'রেছেন তার কিছু কিছু তুমি এবার দরশন ক'রেছ; এঁরা সেই সময় সবই দেখেছেন।

২১শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন, মা শ্রবণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আকারাদপি ভেতব্যং স্ত্রীণাং বিষয়িণামপি।
যথাহের্ম্মনসঃ ক্ষোভস্তথা তস্যাকৃতেরপি॥

শ্রীচৈতন্যচন্দ্রোদয়নাটকে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১১

যেমন সর্প ও তাঁহার আকৃতি দেখিলেও মনের ক্ষোভ (ভয়) জন্মে সেইরূপ স্ত্রীজাতির ও বিষয়ী লোকের আকার দেখিলেও ভয় হয়।

যদা যমানুগৃহ্লাতি ভগবানাত্মভাবিতঃ।
স জহাতি মতিং লোকে বেদে চ পরিনিষ্ঠিতাম্॥

শ্রীমদ্ভাগবত—৪।২৯।৪৬

যৎকালে আত্মভাবিত ভগবান যাঁহার সম্বন্ধে অনুগ্রহ করেন তখনই সেই ব্যক্তির লোকব্যবহারে ও বেদে পরিনিষ্ঠিতাবুদ্ধি পরিত্যক্ত হয়।

গচ্ছন্ বৃন্দাবনং গৌরো ব্যাঘ্রেভৈণখগান্ বনে।
প্রেমোন্মত্তান্ সহোন্নৃত্যান্ বিদধে কৃষ্ণজল্পিনঃ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৭

শ্রীগৌরাঙ্গদেব বৃন্দাবনে গমন করিতে করিতে ব্যাঘ্র, হস্তী, হরিণ ও পক্ষিগণকে কৃষ্ণনাম লওয়াইলে তাহারা প্রেমোন্মত্ত হইয়া প্রভুর সহিত নৃত্য করিতেছিল।

যত্র নৈসর্গদুর্ব্বৈরাঃ সহাসন্নৃমৃগাদয়ঃ।
মিত্রাণীবাজিতাবাসদ্রুতরুট্তর্ষণাদিকে॥

শ্রীমদ্ভাগবত—১০।১৩।৬০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাহা শ্রীকৃষ্ণের আবাসভূমি, সুতরাং লোভ রোষাদি পরিশূন্য সেই বৃন্দাবনে মনুষ্য ও মৃগাদি জীবগণ স্বভাবতঃ পরস্পর শত্রুভাবাপন্ন হইয়াও মিত্রবৎ অবস্থিত ছিল।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

২২শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম করে ব'সে বললেন, মা শ্রবণ কর।

নৌমি তং গৌরচন্দ্রং যঃ কুতর্ককর্কশাশয়ম্।
সার্ব্বভৌমং সর্ব্বভূমা ভক্তিভূমানমাচরৎ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৬

যিনি কুতর্ক কর্কশহৃদয় সার্ব্বভৌম ভট্টাচার্য্যকে ভক্তি-রসাস্বাদনচতুর করিয়াছিলেন, আমি সেই মহাপুরুষ গৌরচন্দ্রকে প্রণাম করি।

ধন্যং তং নৌমি চৈতন্যং বাসুদেবং দয়ার্দ্রধীঃ।
নষ্টকুষ্ঠং রূপপুষ্টং ভক্তিতুষ্টং চকার যঃ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-৭

যিনি করুণার্দ্র বুদ্ধি হইয়া বাসুদেব নামা (কুষ্ঠ গ্রস্ত) ভক্তকে কুষ্ঠরোগ মুক্ত করতঃ রূপপুষ্ট করিয়া, ভক্তিতুষ্ট অর্থাৎ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রেমভক্তি প্রদান দ্বারা তুষ্ট করিয়াছিলেন, সেই ধন্য চৈতন্য প্রভুকে নমস্কার করি।

মহদ্‌বিচলনং নৃণাং গৃহিণাং দীনচেতসাম্।
নিঃশ্রেয়সায় ভগবন্! কল্পতে নান্যথা ক্বচিৎ॥

শ্রীমদ্ভাগবত—১০।৮।৪

হে ভগবন্, দীনচিত্ত গৃহিগণের কল্যাণ সাধনার্থ তাঁহাদিগের গৃহে মহদ্‌ব্যক্তিদিগের গমন হইয়া থাকে, অন্য কারণে কদাচ তাঁহাদের গমন হয় না।

সদ্ধর্ম্মস্যাববোধায় যেষাং নির্ব্বন্ধিনী মতিঃ।
অচিরাদেব সর্ব্বার্থঃ সিদ্ধ্যত্যেষামভীপ্সিতম্॥

ভক্তিরসামৃতসিন্ধৌ—

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২০

যে সমস্ত সাধুর ভগবদারাধনারূপ সদ্ধর্ম্মের বিমল ভজনার্জ্জন বিষয়ে অধ্যবসায়সম্পন্ন মতি জন্মে, তাঁহাদিগের অভিলষিতার্থ অচিরেই সিদ্ধ হয়।

পঙ্গুং লঙ্ঘয়তে শৈলং মূকমাবর্ত্তয়েৎ শ্রুতিম্।
যৎ কৃপা তমহং বন্দে কৃষ্ণচৈতন্যমীশ্বরম্॥

শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

যাঁহার কৃপা পঙ্গু ব্যক্তিকে গিরিলঙ্ঘনে এবং বাক্‌শক্তি-হীনকে বেদাদি অধ্যয়নে সমর্থ করে, আমি সেই ঈশ্বর শ্রীকৃষ্ণচৈতন্যদেবকে বন্দনা করি।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৩শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম করে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা শ্রবণ কর।

গৌরঃ পশ্যন্নাত্মবৃন্দৈঃ শ্রীলক্ষ্মীবিজয়োৎসবম্।
শ্রুত্বা গোপীরসোল্লাসং হৃষ্টঃ প্রেম্না ননর্ত্ত সঃ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৪

শ্রীগৌরাঙ্গদেব নিজ ভক্তগণের সহিত লক্ষ্মীদেবীর বিজয় উৎসব দর্শনে এবং গোপিকামণ্ডলীর রসোল্লাস শ্রবণে পুলকিত মনে নৃত্য করিয়াছিলেন।

বৃন্দাবনীয়াং রসকেলিবার্ত্তাং
কালেন লুপ্তাং নিজশক্তিমুৎকঃ।
সঞ্চার্য্য রূপে ব্যতনোৎ পুনঃ সঃ
প্রভুর্বিধৌ প্রাগিব লোকসৃষ্টিম্॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৯

পরমপুরুষ সৃষ্টির পূর্ব্বে ব্রহ্মার হৃদয়ে যেরূপ শক্তি প্রেরণ করিয়াছিলেন, তদ্রূপ চৈতন্যপ্রভুও শ্রীরূপগোস্বামীতে সমুৎসুক হইয়া স্বীয় শক্তি সঞ্চারণ করতঃ কালে বিলুপ্তা বৃন্দাবন কেলিবার্ত্তা পুনরায় প্রকাশ করিলেন।

কৃষ্ণস্বরূপমাধুর্য্যৈশ্বর্য্যভক্তিরসাশ্রয়ম্।
তত্ত্বং সনাতনায়েশঃ কৃপয়োপদিদেশ সঃ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেই ঈশ্বর কৃপা করিয়া সনাতনকে কৃষ্ণস্বরূপতত্ত্বমাধুর্য্য ঐশ্বর্য্যতত্ত্ব, ভক্তি ও রসতত্ত্ব এই সমস্ত তত্ত্ব উপদেশ দিয়াছিলেন।

তাঁরা প্রণাম করে চলে গেলেন।

২৪শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে ব'ললেন—মা শ্রবণ কর। মহাপ্রভু নিজ শ্রীমুখে নিত্যানন্দ প্রভুর সম্বন্ধে বলেছেন—

গৃহ্ণীয়াদ্ যবনীপাণিং বিশেদ্ বা শৌণ্ডিকালয়ম্।
তথাপি ব্রহ্মণো বন্দ্যং নিত্যানন্দপদাম্বুজম্॥

শ্রীমুখকৃত শিক্ষাশ্লোকঃ—
শ্রীচৈতন্যভাগবত—অন্ত্য-৭

শ্রীনিত্যানন্দ যবনীর পাণিই গ্রহণ করুন, কিম্বা শৌণ্ডিক গৃহেই প্রবেশ করুন তথাপি তদীয় পাদপদ্ম ব্রহ্মার বন্দনীয়।

যস্মিন্ শাস্ত্রে পুরাণে বা হরিভক্তির্ন দৃশ্যতে।
শ্রোতব্যং নৈব তৎ শাস্ত্রং যদি ব্রহ্মা স্বয়ং বদেৎ॥

জৈমিনিভারতে—
শ্রীচৈতন্যভাগবত—মধ্য-১

যে শাস্ত্রে বা পুরাণে হরিভক্তি দৃষ্ট হয় না, যদি বিধাতা স্বয়ং আসিয়া বলেন তাহা হইলেও সেই শাস্ত্র শ্রবণ করা অকর্ত্তব্য।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা
দূরেযমা হ্যপরি নঃ স্পৃহণীয়শীলাঃ।
ভর্ত্তুর্মিথঃ সুযশসঃ কথানুরাগ-
বৈক্লব্যবাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ॥

শ্রীচৈতন্যচরিতামৃত--মধ্য-২৪

ব্রহ্মা দেবগণকে বলিয়াছিলেন, নিখিল সুরগণের শ্রেষ্ঠ ভগবান গোবিন্দের ভজনা করাতে যাঁহাদিগের নিকট হইতে যম দূরে পলায়ন করিয়াছেন, যাঁহাদিগের করুণ স্বভাব সকলের স্পৃহনীয়, যাঁহারা একত্র উপবেশন ও কথোপকথন করিতে বিবশ হইয়া পড়েন, নেত্রবারি বিসর্জ্জন করেন ও রোমাঞ্চিত হন, হে দেবগণ! শ্রবণ কর, তাঁহারা আমাদিগের উপরিতন ধামে গমন করিতে সমর্থ।

তাঁরা প্রণাম করে চলে গেলেন।

২৫শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা শ্রবণ কর।

বৃন্দাবনে স্থিরচরান্নন্দয়ন্ স্বাবলোকনৈঃ।
আত্মানঞ্চ তদালোকাদ্ গৌরাঙ্গঃ পরিতোঽভ্রমৎ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৮

শ্রীগৌরাঙ্গপ্রভু বৃন্দাবনস্থিত স্থাবর জঙ্গম সকলকে দর্শন প্রদান দ্বারা আনন্দিত করিয়া এবং তাহাদিগের দর্শনে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আপনাকে আনন্দিত বোধ করিয়া সমন্তাৎ পরিভ্রমণ করিয়াছিলেন।

অনারুরুক্ষবে শৈলং স্বস্মৈ ভক্তাভিমানিনে।
অবরুহ্য গিরেঃ কৃষ্ণো গৌরায় স্বমদর্শয়ৎ॥

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৮

গৌরচন্দ্রকে গোবর্দ্ধনারোহনে অনিচ্ছু ও অভিমানী দেখিয়া গোপালরূপী হরি স্বয়ং পর্ব্বত হইতে অবতরণ পূর্ব্বক তাঁহাকে দর্শন প্রদান করিলেন।

হন্তায়মদ্রিরবলা হরিদাসবর্য্যো
যদ্রামকৃষ্ণচরণস্পর্শপ্রমোদঃ।
মানং তনোতিসহগোগণয়োস্তয়োর্যৎ
পানীয়সূযবসকন্দরকন্দমূলৈঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।২১।১৮

বেণুগীত শুনিয়া গোপী (রাধিকা) সখীকে বলিয়াছিলেন, সখি! এই গোবর্দ্ধনগিরি কৃষ্ণভক্তগণের শ্রেষ্ঠ কারণ এই পর্ব্বতপতি রামকৃষ্ণের পাদপদ্ম স্পর্শে পুলকিত হইয়া পানীয় জল, নব নব তৃণ, শীতলছায় কন্দর ও নানাবিধ ফলমূলাদি দ্বারা সেই রামকৃষ্ণের এবং তাঁহাদিগের গবাদি ও বয়স্যগণের পূজা বিধান করিতেছেন।

বামস্তামরসাক্ষস্য ভুজদণ্ডঃ স পাতু বঃ।
ক্রীড়াকন্দুকতাং যেন নীতো গোবর্দ্ধনো গিরিঃ॥

ভক্তিরসামৃতসিন্ধৌ—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৮

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যাঁহার বাম ভুজদণ্ড কন্দুকবৎ গোবর্দ্ধন গিরিকে উত্তোলন করিয়াছিলেন, পদ্মলোচন হরির সেই ভুজদণ্ড তোমাদিগকে রক্ষা করুণ।

তাঁরা প্রণাম ক'রে চ'লে গেলেন।

২৬শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা শ্রবণ কর। রূপগোস্বামীকৃত শ্লোক মহাপ্রভু শ্রবণ ক'রছেন।

অকারুণ্যঃ কৃষ্ণো যদি ময়ি তবাগঃ কথমিদং,
মুধা মা রোদীর্ম্মে কুরু পরমিমামুত্তরকৃতিম্।
তমালস্য স্কন্ধে সখি! ললিত দোর্ব্বল্লরিরিয়ং,
যথা বৃন্দারণ্যে চিরমবিচলা তিষ্ঠতি তনুঃ॥

বিদগ্ধমাধবে—

শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

বিশাখাকে সম্বোধন করিয়া রাধিকা বলিয়াছিলেন, হে সখি! যদি শ্রীহরি আমার প্রতি নিষ্ঠুর হইলেন, তবে আমার অপরাধ কি, তুমি বৃথা রোদন করিও না। আমার মৃত্যুর পর তমাল তরুর মূল শাখায় মদীয় বাহুলতিকা এরূপভাবে বেষ্টন করিয়া রাখিও যেন, এই দেহ চিরদিন বৃন্দারণ্যে অচলভাবে প্রতিষ্ঠিত থাকে, এইরূপেই আমার ঔর্দ্ধদৈহিকী ক্রিয়া সম্পাদন করিও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুগন্ধৌ মাকন্দপ্রকরমকরন্দস্য মধুরে
বিনিস্যন্দে বন্দীকৃতমধুপবৃন্দং মুহুরিদম্।
কৃতান্দোলং মন্দোন্নতিভিরনিলৈশ্চন্দনগিরে-
র্মমানন্দং বৃন্দাবিপিনমতুলং তুন্দিলয়তি॥

বিদগ্ধমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

বৃন্দাবন দর্শন করিয়া শ্রীকৃষ্ণ বলিয়াছিলেন, এই বৃন্দাবনে আম্র মুকুলের মধুর সৌরভে মধুপবৃন্দ বন্দিভূত হইয়া রহিয়াছে, নিরন্তর মলয় সমীর প্রবাহিত হইয়া অল্পবিস্তর আন্দোলিত করিতেছে। সখে! এই সেই বৃন্দারণ্য আমার অসীম আনন্দবর্দ্ধন করিতেছে।

ক্বচিদ্‌ভৃঙ্গীগীতং ক্বচিদনিলভঙ্গীশিশিরতা
ক্বচিদ্‌বল্লীলাস্যং ক্বচিদমলমল্লীপরিমলঃ।
ক্বচিদ্ধারাশালী করকফলপালীরসভরো
হৃষীকাণাং বৃন্দং প্রমোদয়তি বৃন্দাবনমিদম্॥

বিদগ্ধমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

শ্রীকৃষ্ণ মধুমঙ্গলকে বলিয়াছিলেন, কোনস্থলে ভৃঙ্গকুল সঙ্গীত করিতেছে, কোনস্থলে শীতল সমীরণ প্রবাহিত হইতেছে, কোনস্থানে বনলতিকা নৃত্য করিতেছে, কোনস্থানে মল্লিকা পুষ্পের বিমলগন্ধ বিস্তারিত হইতেছে এবং কোনস্থানে বা পক্ব দাড়িম্বসমূহ বিদীর্ণ হওয়াতে রসধারা বিগলিত হইতেছে। হে সখে! দেখ বৃন্দাবন কেমন আমাদিগের ইন্দ্রিয় সুখ বৃদ্ধি করিয়া দিতেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, সেদিন সন্ধ্যা আরতির সময়* মহাপ্রভুর একজন ভক্ত গীত গোবিন্দের স্তোত্র পাঠ করছিলেন তুমি পাশেই দাঁড়িয়েছিলে, সময় হয় নাই সেজন্য পরিচয় দিলেন না। পরে আবার দেখা হবে।

২৭শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসে ব'ললেন, মা শ্রবণ কর।

অন্তঃক্লেশকলঙ্কিতাঃ কিল বয়ং যামোঽদ্য যাম্যাং পুরীং
নায়ং বঞ্চনসঞ্চয়প্রণয়িনং হাসং তথাপ্যুজ্‌ঝতি।
অস্মিন্ সম্পুটিতে গভীরকপটৈরাভীরপল্লীবিটে
হা মেধাবিনি রাধিকে তব কথং প্রেমা গরীয়ানভূৎ॥

বিদগ্ধমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

রাধিকাকে উদ্দেশ করিয়া ললিতা বলিয়াছিলেন, আমরা অন্তর্যাতনায় ব্যাকুল হইয়া সম্প্রতি শমন ভবনে গমনে প্রস্তুত আছি, তথাপি কৃষ্ণ এই কপটতাপূর্ণ হাস্য ত্যাগ করিলেন না। হা মেধাবিনি রাধিকে! কিরূপে এই গভীরকপটচরিত্র গোপনন্দনে তোমার মহাপ্রেমের উদয় হইল?

* শ্রীশ্রীজগন্নাথদেবের সন্ধ্যা আরতির সময়।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হিত্বা দূরে পথিধবতরোরন্তিকং ধর্ম্মসেতো-
র্ভঙ্গোদগ্রা গুরুশিখরিণং রংহসা লঙ্ঘয়ন্তী।
লেভে কৃষ্ণার্ণব নবরসা রাধিকাবাহিনী ত্বাং
বাগ্‌বীচিভিঃ কিমিব বিমুখীভাবমস্যাঃ করোষি॥

বিদগ্ধমাধবে—

শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

পৌর্ণমাসী শ্রীকৃষ্ণকে বলিয়াছিলেন, হে কৃষ্ণসাগর নবরস-সমন্বিতা রাধা তরঙ্গিনী পতিতরু পরিত্যাগপূর্ব্বক কুলধর্ম্মসেতু ভগ্ন করিয়া বেগে গুরুজনরূপ গিরি লঙ্ঘন করতঃ তোমাতে মিলিত হইতে আসিতেছিল, তুমি বাক্‌তরঙ্গ বিস্তার পূর্ব্বক তাহায় বিমুখী ভাব করিলে কেন?

তাঁরা প্রণাম ক'রে চ'লে গেলেন।

২৮শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে ব'ললেন, মা শ্রবণ কর।

স্তোত্রং যত্র তটস্থতাং প্রকটয়চ্চিত্তস্য ধত্তে ব্যথাং
নিন্দাপি প্রমদং প্রযচ্ছতি পরিহাসশ্রিয়ং বিভ্রতী।
দোষেণ ক্ষয়িতাং গুণেন গুরুতাং কেনাপ্যনাতন্বতী
প্রেয়ঃ স্বারসিকস্য কস্যচিদিয়ং বিক্রীড়তি প্রক্রিয়া॥

বিদগ্ধমাধবে—

শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পৌর্ণমাসী মধুমঙ্গলকে বলিয়াছিলেন, সকল প্রেমিকের প্রেমের প্রক্রিয়া এইরূপেই ক্রীড়া করে, তিনি স্বীয় প্রশংসা বাক্য শ্রবণে ঔদাসীন্য অবলম্বন পূর্ব্বক চিত্তে ব্যথা অনুভব করেন, নিন্দা পরিহাসরূপে পরিণত হইয়া তাঁহাকে বিপুল আনন্দ প্রদান করে এবং প্রেমাধারের দোষ শ্রবণে তাঁহার প্রেমের হ্রাস বা গুণ শ্রবণে প্রেমের বৃদ্ধি হয় না।

শ্রুত্বা নিষ্ঠুরতাং মমেন্দুবদনা প্রেমাঙ্কুরং ভিন্দতী
স্বান্তে শান্তিধুরাং বিধায় বিধুরে প্রায়ঃ পরাঞ্চিষ্যতি।
কিংবা পামরকামকার্ম্মুকপরিত্রস্তা বিমোক্ষ্যত্যসূন্
হা মৌগ্ধ্যাৎ ফলিনী মনোরথলতা মূর্ত্বী ময়োন্মূলিতা॥

বিদগ্ধমাধবে—

শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

শ্রীকৃষ্ণ মধুমঙ্গলের প্রতি বলিয়াছিলেন সেই বিধুমুখী রাধিকা সখীগণ প্রমুখাৎ আমার এই নিষ্ঠুরাচরণের কথা শুনিলে হয়তো প্রেমাঙ্কুর ছিন্ন করিয়া ধৈর্য্য ধরিয়াও হৃৎপদ্মে কত যাতনা ভোগ করিবেন, অথবা দুরন্ত মদনের বাণে চকিত হইয়া জীবন পরিত্যাগ করিবেন। হায়, মূর্খতা বশতঃ আমি সেই ফলোন্মুখী কোমলা মনোরথলতিকাকে সমূলে উন্মূলিত করিলাম!

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

২৯শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন, মা শ্রবণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সদ্‌বংশতস্তব জনিঃ পুরুষোত্তমস্য
পাণৌ স্থিতির্মুরলিকে সরলাসি জাত্যা।
কস্মাত্ত্বয়া সখি! গুরোর্বিষমা গৃহীতা
গোপাঙ্গনাগণবিমোহনমন্ত্রদীক্ষা॥

বিদগ্ধমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

শ্রীমতী রাধিকা বিশাখার সম্মুখে মুরলীকে ভৎর্সনা করিয়া বলিয়াছিলেন, হে মুরলীকে! সদ্বংশে তোমার জন্ম, পুরুষোত্তম হরির হস্তে তোমার বাস, জাত্যংশেও তুমি সরল, কিন্তু হায় তবে কেন তুমি গোপীবিমোহনকারী বিষম মন্ত্রে দীক্ষিত হইয়াছ?

সখি মুরলি! বিশালচ্ছিদ্রজালেন পূর্ণা
লঘুরতিকঠিনা ত্বং নীরসা গ্রন্থিলাসি।
তদপি ভজসি শশ্বচ্চুম্বনানন্দসান্দ্রং
হরিকরপরিরম্ভং কেন পুণ্যোদয়েন॥

বিদগ্ধমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

চন্দ্রাবলী বলিয়াছিলেন, হে সখি মুরলি! তুমি রন্ধ্রসমূহে পরিপূর্ণা, লঘু, অত্যন্ত কঠিন, শুষ্ক ও গ্রন্থিল তবে কোন্ পুণ্যপ্রভাবে সর্ব্বদা হরিহস্তের আলিঙ্গন ও শ্রীমুখের চুম্বন লাভ কারতেছ?

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৩০শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম। তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন, সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা শ্রবণ কর।

রুন্ধন্নম্বুভৃতশ্চমৎকৃতিপরং কুর্ব্বন্ মুহুস্তম্বুরুং
ধ্যানাদন্তরয়ন্ সনন্দনমুখান্ বিস্মারয়ন্ বেধসম্।
ঔৎসুক্যাবলিভির্বলিং চটুলয়ন্ ভোগীন্দ্রমাঘূর্ণয়ন্
ভিন্দন্নণ্ডকটাহভিত্তিমভিতো বভ্রাম বংশীধ্বনিঃ॥

বিদগ্ধমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

জলদ পটল স্তম্ভিত করতঃ পুনঃ পুনঃ গন্ধর্ব্বগণকে বিস্ময়ান্বিত করিয়া, সনন্দাদি তাপসকুলকে ধ্যানচ্যুত করিয়া, প্রজাপতিকে বিস্মিত করিয়া, পাতালস্থ বলিরাজের হর্ষবর্দ্ধন করিয়া, নাগরাজ অনন্তকে আঘুর্ণিত করিয়া এবং জলদ ব্রহ্মাণ্ড কটাহের মূল পর্যন্ত ভেদ করিয়া শ্রীকৃষ্ণের এই বংশীরব সমন্তাৎ বিস্তারিত হইল।

নিজপ্রণয়িতাসুধামুদয়মাপ্নুবন্ যঃ ক্ষিতৌ
কিরত্যলমুরীকৃতদ্বিজকুলাধিরাজস্থিতিঃ।
স লুঞ্চিততমস্ততির্মম শচীসুতাখ্যঃ শশী
বশীকৃতজগন্মনাঃ কিমপি শর্ম্ম বিন্যস্যতু॥

ললিতমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

যিনি ধরাতলে সমুদিত হইয়া ভূরি পরিমাণে নিজ প্রেমসুধা বিস্তার করিয়াছেন, দ্বিজকুলাধিরাজ এই আখ্যা যিনি লাভ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়াছেন, যিনি অজ্ঞানরূপ অন্ধকারহারী এবং যিনি জগতের সকলেরই মন হরণ করেন, সেই শচীসুতরূপ চন্দ্রমা আমার আনন্দ বিধান করুন।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, এই সব শ্লোক বৈষ্ণব গ্রন্থ থেকেই দিচ্ছেন সে কথা পূর্ব্বে ব'লেছি; উদ্দেশ্য সহজভাবে সকলেই যাহাতে গ্রহণ করে, লীলাতত্ত্ব জানবার অধিকার পাবে এই জন্য বৈষ্ণব শাস্ত্র থেকে মূল কথা বুঝবার জন্য দেওয়া হচ্ছে, সময়ে প্রকাশ হবে। শাস্ত্রেতে সবই আছে, প'ড়ে সেই মত চলে কয়জন, বার বার সেইজন্য নানাভাবে প্রকাশ করা প্রয়োজন হ'য়ে পড়েছে। শাস্ত্রে যাহা নাই সেই সব কল্পনা রঞ্জিত, সাবধানে বিচার ক'রে চ'লতে হয়।

৩১শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসে ব'ললেন, মা শ্রবণ কর।

প্রায়ো বতাম্ব মুনয়ো বিহগা বনেঽস্মিন্।
কৃষ্ণেক্ষিতং তদুদিতং কলবেণুগীতম্।
আরুহ্য যে দ্রুমভুজান্ রুচিরপ্রবালান্
শৃণ্বন্তি মীলিতদৃশো বিগতান্যবাচঃ।

শ্রীমদ্ভাগবত ১০।২১।১৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কোন গোপী বেণুগীত শুনিয়া বলিয়াছিলেন, হে অম্ব! কি বিস্ময়ের বিষয়, যে সকল পক্ষী এই বনে অবস্থিতি করিতেছে, বোধ হইতেছে তাহারা মুনি হইবার যোগ্য কারণ তাহারা সুন্দর নবপল্লবাবৃত বৃক্ষশাখায় আরূঢ়; হরি দর্শন করিতে করিতে যেন কতই আনন্দে নিমগ্ন হওত মুদিত লোচনে নীরবে মোহন বংশীগীত শুনিতেছে।

সরসি সারসহংসবিহঙ্গাশ্চারুগীতহৃতচেতস এত্য।
হরিমুপাসত তে যতচিত্তা হন্ত মীলিতদৃশো ধৃতমৌনাঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩৫।১১

তৎকালে সেই সরোবরে সারস, হংস প্রভৃতি পক্ষীরা মনোহর সঙ্গীতে আকৃষ্ট হইয়া আগমনপূর্ব্বক একাগ্রচিত্তে নিমীলিত নেত্রে ও নীরবে কৃষ্ণ সমীপে উপস্থিত হইত।

হৃষীকেশে হৃষীকাণি যস্য স্থৈর্য্যগতানি হি।
স এব ধৈর্য্যমাপ্নোতি সংসারে জীবচঞ্চলে।

গোস্বামিপাদোক্ত শ্লোকঃ—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২৪

যে ব্যক্তির ইন্দ্রিয়সমূহ ভগবানে স্থিরগতি প্রাপ্ত হইয়াছে, এই অনিত্য সংসারে তিনিই ধৈর্য্যলাভ করিয়াছেন।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

৩২শে শ্রাবণ—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসে বললেন, মা শ্রবণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পরামৃষ্টাঙ্গুষ্ঠত্রয়মসিতরত্নৈরুভয়তো
বহন্তী সঙ্কীর্ণে মণিভিররুণৈস্তৎ পরিসরৌ।
তয়োর্মধ্যে হীরোজ্জ্বলবিমলজাম্বুনদময়ী
করে কল্যাণীয়ং বিহরতি হরেঃ কেলিমুরলী ॥

বিদগ্ধমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

পৌর্ণমাসী বলিয়াছিলেন, অহো শ্রীকৃষ্ণের হস্তে এই মঙ্গলময়ী কেলিমুরলী কেমন শোভা পাইতেছে! ইহার মুখে ও পুচ্ছে অঙ্গুষ্ঠত্রয় পরিমিত স্থল ইন্দ্রনীল মণি দ্বারা খচিত, ঐ স্থলের দুইপার্শ্বে ঐ প্রমাণ পরিসর অরুণবর্ণ মণিদ্বারা পরিব্যপ্ত এবং উভয়ের মধ্যভাগ হীরক কাঞ্চনে গঠিত।

অয়ং নয়নদণ্ডিতপ্রবরপুণ্ডরীকপ্রভঃ
প্রভাতি নবজাগুড়দ্যুতিবিড়ম্বিপীতাম্বরঃ।
অরণ্যজপরিক্রিয়াদমিতদিব্যবেশাদয়ো
হরিন্মণিমনোহরদ্যুতিভিরুজ্জ্বলাঙ্গো হরিঃ ॥

বিদগ্ধমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

পৌর্ণমাসী নান্দীমুখীকে বলিয়াছিলেন, অহো, শ্রীকৃষ্ণ কি মনোহারিণী শোভা ধারণ করিয়াছেন, ইঁহার দেহকান্তি নীলমণি অপেক্ষাও দিব্য প্রভায় সমুজ্জ্বল, নয়নের দীপ্তিতে প্রফুল্ল পুণ্ডরীক প্রভাও পরাভূত হইয়াছে, ইঁহার পীতাম্বর নব কুসুম কান্তিকেও লজ্জিত করিতেছে এবং কাননজাত পত্রপুষ্পাদি-বিরচিত বেশভূষা দিব্য বেশের শোভাকে বিড়ম্বিত করিতেছে।

তাঁরা প্রণাম ক'রে চ'লে গেলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১লা ভাদ্র—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে ব'ললেন, মা শ্রবণ কর।

কুলবরতনুধর্ম্মপ্রাববৃন্দানি ভিন্দন্
সুমুখি! নিশিতদীর্ঘাপাঙ্গটঙ্কচ্ছটাভিঃ।
যুগপদময়পূর্ব্বঃ কঃ পুরো বিশ্বকর্ম্মা
মরকতমণিলক্ষৈর্গোষ্ঠকক্ষাং চিনোতি॥

বিদগ্ধমাধবে—

শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

শ্রীমতী-রাধা কৃষ্ণকে দেখিয়া বিস্ময়ে ললিতাকে কহিতেছেন, হে সুমুখি! অগ্রবর্ত্তী এ কোন্ অপূর্ব্ব বিশ্বকর্ম্মা তাহা বল। ইনি দীর্ঘ অপাঙ্গরূপ নিশিত অস্ত্রদীপ্তিতে কুলবালাগণের কুলধর্ম্মরূপ প্রস্তর ভেদপূর্ব্বক যুগপৎ লক্ষ মরকত মণি দ্বারা গোষ্ঠ কক্ষা রচনা করিতেছেন।

নবাম্বুধরমণ্ডলীমদবিড়ম্বিদেহদ্যুতি-
র্ব্রজেন্দ্রকুলচন্দ্রমাঃ স্ফুরতি কোঽপি নব্যো যুবা।
সখি! স্থিরকুলাঙ্গনানিকরনীবিবন্ধার্গল-
চ্ছিদাকরণকৌতুকী জয়তি যস্য বংশীধ্বনিঃ॥

বিদগ্ধমাধবে—

শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

ললিতা রাধিকাকে কহিলেন, সখি! ব্রজেন্দ্রকুল চন্দ্রমা কোন্ অপূর্ব্ব নবযুবা বিরাজ করিতেছেন, ইঁহার দেহকান্তি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নবনীরদমণ্ডলীর গর্ব্বকেও বিড়ম্বিত করিতেছে এবং ইহার বংশীরব যেন কৌতুক সহকারে কুলবালাগণের নীবিবন্ধন রূপ বন্ধন ছেদনপূর্ব্বক জয়যুক্ত হইতেছে।

তাঁরা প্রণাম ক'রে চ'লে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী ব'ললেন মা, শারদ রাস থেকে একমাস রাসলীলার শ্লোক বর্ণন ক'রবেন, তারপর শেষ হবে। সেই সময় তোমাকে নির্জ্জনে থাকতে হবে!

২রা ভাদ্র—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা, শ্রবণ কর।

আক্ষিপ্তঃ কাল সাম্যেন প্রবেশঃ স্যাৎ প্রবর্ত্তকঃ।

নাটকচন্দ্রিকায়াম্—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত-১

সময়ানুরূপ পাত্র সন্নিবেশের নাম প্রবর্ত্তক।

সোঽয়ং বসন্তসময়ঃ সমিয়ায় যস্মিন্
পূর্ণং তমীশ্বরমুপোঢ়নবানুরাগম্।
গূঢ়গ্রহা রুচিরয়া সহ রাধয়াসৌ
রঙ্গায় সঙ্গময়িতা নিশি পৌর্ণমাসী॥

বিদগ্ধমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

এই বসন্ত ঋতু উপস্থিত, এই সময়ে পৌর্ণমাসী তিথি অতি মনোহর বিশাখা নক্ষত্র সহ গ্রহকুলে পরিবেষ্টিত হইয়া নবরাগ-রঞ্জিত পূর্ণচন্দ্রমার সহিত সমবেতা হওত শোভা সম্পাদন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিতেছে। পক্ষান্তরে বসন্তকালীন রাত্রিতে দেবী পৌর্ণমাসী অতীব আগ্রহ সহকারে নবীনানুরাগে অনুরাগী পরিপূর্ণতম শ্রীহরির কৌতুক বর্দ্ধনার্থ সুরুচিরা রাধাকে সঙ্গে লইয়া আগমন পূর্ব্বক মিলিত হইলেন।

বলাদক্ষোর্ল্লক্ষ্মীঃ কবলয়তি নব্যং কুবলয়ং
মুখোল্লাসঃ ফুল্লং কমলবনমুল্লঙ্ঘয়তি চ।
দশাং কষ্টামষ্টাপদমপিনয়ত্যাঙ্গিকরুচি-
র্বিচিত্রং রাধায়াঃ কিমপি কিল রূপং বিলসতি॥

বিদগ্ধমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

শ্রীমতীর রূপ দেখিয়া পৌর্ণমাসী বলিয়াছিলেন আহা! শ্রীরাধিকার রূপ কি মনোহর! ইঁহার নেত্রশোভা নববিকসিত পদ্মশোভাকে বিড়ম্বিত করিতেছে, ইঁহার উল্লাসময়ী বদনশোভা পদ্মকাননের শোভাকে লজ্জিত করিয়াছে এবং ইঁহার দেহ-শোভা কাঞ্চনশোভাকেও ক্লেশের অবস্থায় ফেলিয়াছে।

তাঁরা প্রণাম করে চলে গেলেন।

৩রা ভাদ্র—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা, শ্রবণ কর।

বিধুরেতি দিবা বিরূপতাং
শতপত্রং বত! শর্ব্বরীমুখে।
ইতি কেন সদা প্রিয়োজ্জ্বলং
তুলনামর্হতি মৎপ্রিয়াননম্॥

বিদগ্ধমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীকৃষ্ণ মধুমঙ্গলকে বলিয়াছিলেন, দিবসে চন্দ্রমা এবং রাত্রিকালে পদ্ম প্রভাহীন হয়, অহো তবে শোভাময় মৎপ্রিয়ার বদন কাহার সহিত তুলনার যোগ্য হইবে!

প্রমোদরসতরঙ্গস্মেরগণ্ডস্থলায়াঃ
স্মরধনুরনুবন্ধিভ্রূলতালাস্য ভাজঃ।
মদকলচলভৃঙ্গীভ্রান্তিভঙ্গীং দধানো
হৃদয়মিদমদাক্ষীৎ পক্ষ্মলাক্ষ্যাঃ কটাক্ষম্॥

বিদগ্ধমাধবে—

শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

শ্রীকৃষ্ণ বলিয়াছিলেন, যাঁহার গণ্ডদ্বয় হর্ষরস তরঙ্গে ঈষৎ বিকসিত হইয়াছে, কামধনু সদৃশ ভ্রূলতা নৃত্য করিতেছে সেই পক্ষ্মযুক্ত নেত্র বিশিষ্টা শ্রীমতী রাধিকার কটাক্ষ মদোন্মত্তা মধুর রাবা চপলা ভ্রমরীর ভ্রম জন্মাইয়া মদীয় হৃদয়ে দংশন করিল।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, শরীর বেশী অসুস্থ হ'লে লেখা বন্ধ থাকবে।

৬ই ভাদ্র—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসে ব'ললেন—মা, শ্রবণ কর।

নির্ধূতামৃতমাধুরীপরিমলঃ কল্যাণি বিম্বাধরো
বক্ত্রং পঙ্কজসৌরভং কুহুরুতশ্লাঘাভিদস্তে গিরঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অঙ্গং চন্দনশীতলং তনুরিয়ং সৌন্দর্য্যসর্ব্বস্বভাক্
ত্বামাস্বাদ্য মমেদমিন্দ্রিয়কুলং রাধে মুহুর্মোদতে ॥

ললিতমাধবে—

শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-৪

শ্রীকৃষ্ণ কহিলেন, মঙ্গলময়ি ! তোমার বিম্বাধর সুধামাধুরী পরিমলকেও পরাজিত করিতেছে, ত্বদীয় বদন পদ্মগন্ধে সুবাসিত, বাক্যাবলী কোকিল কাকলির শ্লাঘাও দূর করিতেছে, অঙ্গ চন্দনবৎ সুশীতল এবং এই শরীর সর্ব্ব-সৌন্দর্য্যের আধার স্বরূপ, হে রাধে ! তোমাকে প্রাপ্ত হইয়া মদীয় ইন্দ্রিয়গ্রাম মুহুর্মুহুঃ আনন্দিত হইতেছে।

রূপে কংসহরস্য লুব্ধনয়নাং স্পর্শেঽতিহৃষ্যত্ত্বচং
বাণ্যামুৎকলিতশ্রুতিং পরিমলেসংহৃষ্টনাসাপুটাম্।
আরজ্যদ্রসনাং কিলাধরপুটে ন্যঞ্চন্মুখাম্ভোরুহাং
দম্ভোদগীর্ণমহাধৃতিং বহিরপি প্রোদ্যদ্ বিকারাকুলাম্ ॥

ললিতমাধবে—

শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-৪

শ্রীমতী রাধিকার নেত্রদ্বয় কংসারী শ্রীকৃষ্ণের রূপে লোলুপ; ত্বগিন্দ্রিয় স্পর্শে কণ্টকিত, কৃষ্ণের বচন শ্রবণার্থ তদীয় কর্ণ উৎকলিত, নাসাপুট অঙ্গগন্ধে আমোদিত, অধরপুটে সুধা পানার্থ রসনা অনুরক্ত, তাঁহার বিকসিত বদনকমল নম্রীভূত এবং ধৈর্য্য হারক, উৎকট রোমাঞ্চাদি বিকারসঙ্গে অঙ্গ পরিব্যাপ্ত।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৭ই ভাদ্র—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচ জন এসে প্রণাম ক'রে বসে বললেন—মা, শ্রবণ কর।

বিহারসুরদীর্ঘিকা মম মনঃকরীন্দ্রস্য যা
বিলোচনচকোরয়োঃ শরদমন্দচন্দ্রপ্রভা।
উরোঽম্বরতটস্য চাভরণচারুতারাবলী
ময়োন্নতমনোরথৈরিয়মলম্ভি সা রাধিকা॥

ললিতমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

শ্রীরাধিকাকে দেখিয়া কৃষ্ণ বলিতেছেন, যিনি মদীয় চিত্তরূপ হস্তীর বিহারার্থ সুরতরঙ্গিণীরূপিণী, যিনি মদীয় চিত্ত-চকোরের শারদীয় পূর্ণশশীপ্রভার সদৃশী এবং যিনি মদীয় বক্ষোরূপ গগনতটের অলঙ্করণ জন্য চারুতারাবলী সদৃশী, অধুনা আমি চিরবাঞ্ছিত ও অভিলষিত সিদ্ধির সহিত সেই রাধিকাকে প্রাপ্ত হইলাম।

নটতা কিরাতরাজং নিহত্য রঙ্গস্থলে কলানিধিনা।
সময়ে তেন বিধেয়ং গুণবতি তারাকরগ্রহণম্॥

ললিতমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১

কলানিধি কৃষ্ণ নৃত্য করিতে করিতে কিরাত নৃপতির (কংসের) প্রাণ সংহার পূর্ব্বক যথাকালে তথায় শ্রীমতী রাধিকার পাণিগ্রহণ করিবেন।

তাঁরা প্রণাম করে চলে গেলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৮ই ভাদ্র—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা, শ্রবণ কর।

সমীপে নীলাদ্রেশ্চটকগিরিরাজস্য কলনা-
দয়ে গোষ্ঠে গোবর্দ্ধনগিরিপতিং লোকিতুমিতঃ।
ব্রজন্নস্মীত্যুক্ত্বা প্রমদ ইব ধাবন্নবধৃতো
গণৈঃ স্বৈর্গৌরাঙ্গো হৃদয় উদয়ন্মাং মদয়তি॥

রঘুনাথদাস গোস্বামীকৃত গৌরাঙ্গ স্তব—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১৪

নীলাদ্রির সমীপবর্ত্তী চটকপর্ব্বত দেখিয়া আমি এস্থান হইতে বৃন্দাবন গোষ্ঠে গোবর্দ্ধন পর্ব্বত দর্শন করি বলিয়া যে গৌরাঙ্গ উন্মাদবৎ প্রধাবিত হইলে তদীয় ভক্তবৃন্দ পশ্চাৎ হইতে আসিয়া তাঁহাকে ধৃত করিয়াছিলেন, অহো সেই গৌরাঙ্গপ্রভু আমার হৃদয়ে সমুদিত হইয়া আমাকে নিরতিশয় আনন্দে উন্মত্ত করিতেছে।

দুর্গমে কৃষ্ণভাবাব্ধৌ নিমগ্নোন্মগ্নচেতসা।
গৌরেণ হরিণা প্রেম মর্য্যাদা ভূরি দর্শিতা।

শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১৫

শ্রীগৌরহরি কৃষ্ণভাবরূপ সাগরে নিমগ্ন ও ভাসমান হইয়া ভূরি পরিমাণে প্রেম মর্য্যাদা প্রদর্শন করিলেন।

সৌন্দর্য্যামৃতসিন্ধুভঙ্গললনাচিত্তাদ্রিসংপ্লাবকঃ
কর্ণানন্দিসনর্ম্মরম্যবচনঃ কোটীন্দুশীতাঙ্গকঃ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সৌরভ্যামৃতসংপ্লবাবৃতজগৎ পীযূষরম্যাধরঃ
শ্রীগোপেন্দ্রসুতঃ স কর্ষতি বলাৎ পঞ্চেন্দ্রিয়াণ্যালি মে ॥

শ্রীগোবিন্দলীলামৃতে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১৫

সৌন্দর্য্যরূপ সমুদ্রের তরঙ্গাঘাত অবলাগণের চিত্তগিরি প্লাবিত করিয়া, সস্মিত মধুর বচনে শ্রবণদ্বয়ের প্রীতি বর্দ্ধন করিয়া, কোটী চন্দ্রমা সদৃশ অঙ্গ বিলাস করিয়া এবং অমৃতবৎ অধরশোভা বিস্তার করিয়া গোপরাজনন্দন মদীয় ইন্দ্রিয় পঞ্চককে সবলে আকর্ষণ করিতেছেন।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, মহাপ্রভু ভাব নিমগ্ন অবস্থার মধ্যে আছেন, যখন যে ভাব তাঁর মধ্যে প্রকাশ হচ্ছে, তুমি সে সব শুনে লিখছো, শক্তিসঞ্চার ক'রে লেখান হ'চ্ছে।

৯ই ভাদ্র—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসে বললেন—মা, শ্রবণ কর।

বিশ্বেষামনুরঞ্জনেন জনয়ন্নানন্দমিন্দীবর-
শ্রেণীশ্যামলকোমলৈরুপনয়ন্নঙ্গৈরনঙ্গোৎসবম্ ।
স্বচ্ছন্দং ব্রজসুন্দরীভিরভিতঃ প্রত্যঙ্গমালিঙ্গিতঃ
শৃঙ্গারঃ সখি মূর্ত্তিমানিব মধৌ মুগ্ধো হরিঃ ক্রীড়তি ॥

শ্রীগীতগোবিন্দে—
শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে সখি, বাঞ্ছাতিরিক্ত প্রেমরস প্রদানে ব্রজসুন্দরীবৃন্দের আনন্দ বর্দ্ধনপূর্ব্বক ইন্দিবর অপেক্ষা মনোহর করচরণাদিদ্বারা ব্রজললনা হৃদয়ে মদনোৎসবের উদয় করাইয়া এবং তাঁহাদিগ কর্ত্তৃক প্রতি অঙ্গে সুখে আলিঙ্গিত হইয়া সাক্ষাৎ শৃঙ্গার স্বরূপ শ্রীহরি বসন্ত ঋতুতে বিহার করিতেছেন।

উপেত্য পথি সুন্দরীততিভিরাভিরভ্যর্চ্চিতং
স্মিতাঙ্কুরকরম্বিতেন যদপাদভঙ্গীশতৈঃ।
স্তনস্তবকসঞ্চরনয়নচঞ্চরীকাঞ্চলং
ব্রজে বিজয়িনং ভজে বিপিনদেশতঃ কেশবম্॥

শ্রীরূপগোস্বামিনা স্তবমালায়াম্—
শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-৪

যিনি বন হইতে ব্রজে প্রত্যাগমন কালে স্মিত শোভিত নটনশীল, কটাক্ষভঙ্গীশতদ্বারা ব্রজসুন্দরীগণ কর্ত্তৃক সৎকৃত হইতেছেন এবং গোপিকাদিগের স্তনস্তবকে যাঁহার ভ্রমরবৎ নেত্র প্রান্ত পরিভ্রমণ করিতেছে, আমি সেই হরিকে ভজনা করি।

তাঁরা প্রণাম ক'রে চ'লে গেলেন।

১১ই ভাদ্র—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসে বললেন—মা, শ্রবণ কর।

কস্মাদ্‌বৃন্দে প্রিয়সখি! হরেঃপাদমূলাৎ কুতোঽসৌ
কুণ্ডারণ্যে কিমিহ কুরুতে নৃত্যশিক্ষাং গুরুঃ কঃ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তং ত্বন্মূর্ত্তি প্রতিতরুলতাং দিগ্বিদিক্ষু স্ফুরন্তী
শৈলূষীব ভ্রমতি পরিতো নর্ত্তয়ন্তী স্বপশ্চাৎ ॥

শ্রীগোবিন্দলীলামৃতে—
শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-৪

শ্রীরাধিকা বলিলেন, বৃন্দে! কোথা হইতে আসিতেছ, বৃন্দা বলিলেন, শ্রীমতি! আমি শ্রীহরির পাদমূল হইতে আগমন করিতেছি. রাধিকা বলিলেন, কৃষ্ণ এখন কোথায়? বৃন্দা কহিলেন তিনি এখন কুঞ্জকাননে রাধাকুণ্ডারণ্যে। রাধিকা কহিলেন, তিনি এখন কি করিতেছেন? বৃন্দা কহিলেন নৃত্য শিক্ষায় নিযুক্ত আছেন। রাধিকা পুনরায় জিজ্ঞাসা করিলেন, নৃত্য শিক্ষার গুরু কে? বৃন্দা কহিলেন ত্বদীয় মূর্ত্তি কি দিক্, কি বিদিক্ সর্ব্বত্র স্ফুর্ত্তি প্রাপ্ত হইয়া শৈলূষীর (নর্ত্তকীর) ন্যায় পরিভ্রমণ সহকারে সেই শ্রীকৃষ্ণকে আপনার পশ্চাৎ পশ্চাৎ নৃত্য করাইতেছেন।

অপরিকলিতপূর্ব্বঃ কশ্চমৎকারকারী
স্ফুরতি মম গরীয়ানেব মাধুর্য্যপূরঃ।
অয়মহমপি হন্ত প্রেক্ষ্য যং লুব্ধচেতাঃ
সরভসমুপভোক্তুং কাময়ে রাধিকেব ॥

ললিতমাধবে—
শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-৪

অহো এই অদৃষ্টপূর্ব্ব চমৎকারকারী আমার মাধুর্য্য সম্মুখস্থিত মনিস্তম্ভে স্ফূর্ত্তি পাইতেছে, ইহা দর্শনপূর্ব্বক আমিও লুব্ধচিত্ত হইয়া রাধিকার ন্যায় সবলে উপভোগ করিতে ইচ্ছা করিতেছি।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

১২ই ভাদ্র—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা, শ্রবণ কর।

অপি বত মধুপুর্য্যামার্য্যপুত্রোঽধুনাস্তে
স্মরতি স পিতৃগেহান্ সৌম্য বন্ধূংশ্চ গোপান্।
ক্বচিদপি স কথাং নঃ কিঙ্করীণাং গৃণীতে
ভুজমগুরুসুগন্ধং মূর্দ্ধ্যধাস্যৎ কদা নু॥

শ্রীমদ্ভাগবত—১০।৪৭।২১

উদ্ধবের প্রতি কোন গোপী (শ্রীরাধিকা) বলিয়াছিলেন, সৌম্য! (শোভন স্বরূপ) আমাদিগের সেই আর্য্যপুত্র কি এক্ষণে মধুপুরীতেই অবস্থান করিতেছেন? তিনি তাঁহার পিতৃগৃহ, বন্ধুবান্ধব ও অন্যান্য গোপগণের কথা স্মরণ করেন কি? আর তাঁহার কিঙ্করী আমাদিগের কথা তিনি কখনও কি কহিয়া থাকেন? অহো তিনি কবে আগমন করিয়া তাঁহার সেই অগুরুসুগন্ধিহস্ত আমাদিগের মস্তকে অর্পণ করিবেন?

হা নাথ রমণ প্রেষ্ঠ ক্বাসি ক্বাসি মহাভুজ।
দাস্যাস্তে কৃপণায়া মে সখে দর্শয় সন্নিধিম্॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৩৯

শ্রীকৃষ্ণকে উদ্দেশ করিয়া কোন গোপিকা (শ্রীরাধিকা) কহিয়াছিলেন হা নাথ, হা রমণ, প্রিয়তম, হা মহাবাহো, তুমি এখন কোথায়, কোথায় রহিয়াছ? সখে আমি তোমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

দাসী, তোমার বিচ্ছেদ দুঃখ আর সহ্য করিতে পারিতেছি না। একবার নিকটে আসিয়া দেখা দাও।

তাঁরা প্রণাম ক'রে চ'লে গেলেন।

১৩ই ভাদ্র—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসে বললেন—মা, শ্রবণ কর।

অঙ্গস্তম্ভারম্ভমুত্তুঙ্গয়ন্তং
প্রেমানন্দং দারুকো নাভ্যনন্দৎ।
কংসারাতের্বীজনে যেন সাক্ষা-
দক্ষোদীয়ানন্তরায়ো ব্যধায়ি।

ভক্তিরসামৃতসিন্ধৌ—
শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-৪

দারুক শ্রীহরিকে চামর বীজন করিতেছিলেন, ইত্যবসরে প্রেমানন্দ উপস্থিত হইয়া তাঁহার সর্ব্বাঙ্গে স্তম্ভাধিক্য (জড়তা) বিস্তার করিতেছিল কিন্তু দারুক উহাকে সাক্ষাৎ হরি সেবার অন্তরায় জ্ঞানে তৎপ্রতি আদর প্রদর্শন করেন নাই।

গোবিন্দপ্রেক্ষণাক্ষেপিবাষ্পপূরাভিবর্ষিণম্।
উচ্চৈরনিন্দদানন্দমরবিন্দবিলোচনা॥

ভক্তিরসামৃতসিন্ধৌ—
শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পদ্মনয়না গোবিন্দভাবিনী রুক্মিণী কৃষ্ণ দরশনের অন্তরায় স্বরূপ অশ্রুরাশি বর্ষণশীল আনন্দকে যারপর নাই নিন্দা করিয়াছিলেন।

মৎসেবয়া প্রতীতং তে সালোক্যাদিচতুষ্টয়ম্।
নেচ্ছন্তি সেবয়া পূর্ণাঃ কুতোঽন্যৎ কালবিপ্লুতম্॥

শ্রীমদ্ভাগবত ৯।৪।৬৭

মদীয় সেবা দ্বারাই ভক্তগণের অন্তঃকরণ পরিপূর্ণ। তাঁহারা সেই সেবা প্রভাবে স্বয়ং উপস্থিত সালোক্যাদি মুক্তি চতুষ্টয়ই যখন কামনা করেন না তখন যাহা কালবশে বিনষ্ট হয় সেই স্বর্গাদির কামনা করিবেন কেন?

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

১৪ই ভাদ্র—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা শ্রবণ কর।

প্রেমচ্ছেদরুজোঽবগচ্ছতি হরির্নায়ং ন চ প্রেম বা
স্থানাস্থানমবৈতি নাপি মদনো জানাতি নো দুর্ব্বলাঃ।
অন্যো বেদ ন চান্যদুঃখমখিলং নো জীবনং বাশ্রবং
দ্বিত্রীণ্যেব দিনানি যৌবনমিদং হা হা বিধেঃ কা গতিঃ॥

জগন্নাথবল্লভ নাটকে—

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২

শ্রীরাধিকা মদনিকাকে কহিয়াছিলেন, সখি! এই হরি প্রেমভঙ্গ জনিত পীড়া যে কিরূপ গুরুতর তাহা অবগত

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নহেন। প্রেমও স্থান অস্থান বা পাত্র অপাত্র বিচার করেন না। মদন আমাদিগকে অবলা বলিয়া জানিলেন না, অন্যের সকল দুঃখ অন্যে জানে না। আমাদিগের জীবন চঞ্চল, এই যৌবনও দুই তিন দিনের জন্য ; হায় হায় বিধাতঃ, তোমার কি অপূর্ব্ব সৃষ্টি। (অথবা হায়, হায় আমাদের কি গতি হইবে)।

শ্রীকৃষ্ণরূপাদিনিষেবণং বিনা
ব্যর্থানি মেঽহান্যখিলেন্দ্রিয়াণ্যলম্।
পাষাণশুষ্কেন্ধনভারকাণ্যহো
বিভর্ম্মি বা তানি কথং হত ত্রপঃ॥

গোস্বামিপাদোক্তঃ শ্লোকঃ—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২

শ্রীকৃষ্ণের রূপাদির সেবন ব্যতিরেকে আমার সমস্ত ইন্দ্রিয় ও সমস্ত সময় (জীবন) অতিশয় বৃথাই হইতেছে। আহা আমি নির্লজ্জ হইয়া পাষাণ ও শুষ্ককাষ্ঠ সদৃশ সেই সকল ইন্দ্রিয়দিগকে কেমন করিয়া ধারণ করিতেছি!

তাঁরা প্রণাম ক'রে চ'লে গেলেন।

৯ই আশ্বিন—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন, —'মা, এই যে দেহের ভোগ হচ্ছে, প্রয়োজন ছিল, কারণ ছাড়া কার্য্য হয় না। সময়ের পরিবর্ত্তন ক'রে নিতে হল, আর এক সপ্তাহ পরে আসনে নিয়ম মত ব'সবে। এর পর এই অসুখ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হ'লে রাসলীলা লেখায় বাধা পড়তো, যে ভোগটুকু হবার হবেই, কতকটা গ্রহণ ক'রতে হয়। যে ভাবে আক্রমণ হ'য়েছিল, বহুদিন কষ্ট পেতে, সদ্‌গুরুর কৃপায় সামান্য ভোগ হ'ল। স্থিরভাবে থাক, প্রয়োজন বোধে এইভাবে শুইয়ে রাখা হল। রাসলীলা লেখার সময় আর বিচলিত হবে না। অধ্যাত্ম জগতের ব্যবস্থা বাস্তব জগতের সঙ্গে সম্পূর্ণ স্বতন্ত্র। কোন চিন্তা নাই। সে সময় মহাপ্রভু উপস্থিত থাকবেন, একমাস লেখা হবে, লেখা শেষ না হওয়া পর্য্যন্ত কাহাকেও দেখাবে না. রাসের পর শেষ হবে। মহাপ্রভুর ইচ্ছাতেই লেখা বন্ধ হয়ে আছে। এক সপ্তাহ পরে লেখা শেষ হ'য়ে পূর্ণিমাতে রাসলীলা আরম্ভ হবে। সে সময় একমাস নিয়মে থাকতে হবে। প্রয়োজন ছাড়া কথা বলবেনা, দুপুরে পায়েস রান্না ক'রে ভোগ দেবে; রাত্রে মহাপ্রসাদ ভোগ দেবে। মন্দিরে যাবে দর্শন ক'রে চলে আসবে। সর্ব্বদা ভগবতপ্রেমে মগ্ন থাকবে। সেই বৈষ্ণব পাঁচজন সময় মত আসবেন, তাঁদের পরিচয়ও পাবে। সুবিধামত আসনে বসলে সব কথা জানতে পারবে।'

১০ই আশ্বিন—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—'মা,...কে ব'লো তার আনা মহাপ্রসাদ পেয়ে পরম তৃপ্তি লাভ করেছি, কাল আমিই তাকে প্রেরণা দিয়ে আনিয়ে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ছিলাম। মহাপ্রসাদ ভোগ দেওয়ার বিশেষ প্রয়োজন ছিল। তিন চারিটী পরলোকগত আত্মার, আমার ভোগ দেওয়াতে তাদের ক্ষুধা নিবৃত্তি হয়ে তৃপ্তি পেল।'

আমি বললান—আপনাকে তো সমাধি মন্দিরে* মহাপ্রসাদ ভোগ দেওয়া হয়। শ্রীশ্রীগোঁসাইজী বললেন, 'ভোগ দেওয়ারও বিশেষত্ব আছে। ব্রজভাবই সর্ব্বশ্রেষ্ঠ, এভাব বৈকুণ্ঠতে নাই, দ্বারকাতে নাই, মথুরাতে নাই, একমাত্র শ্রীবৃন্দাবনেই এর মাধুর্য্য। নিজজন ভেবে অন্যস্থানে সেবা হয় না, তারা বিধি নিষেধ মনে চলে। ব্রজভাবে সে সব ছাড়তে হয়। একবার ক'রে আসনে ব'সো। বৈষ্ণব পাঁচজন সাত দিন পরে আসবেন।'

১১ই আশ্বিন—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম। তাঁরা আশীর্ব্বাদ করলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—'মা, এই সংসারে মহামায়া তাঁর মায়াজাল বিস্তার ক'রে জীবকে আবদ্ধ ক'রে রেখেছেন, সদ্‌গুরুর কৃপা ছাড়া মায়া কাটান কঠিন। দুস্তর ভবসাগরপারের একমাত্র কাণ্ডারী স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ, চেয়ে দেখ'। চেয়ে দেখি, সীমাহীন বিশাল জলধি, পরপারে যাবার মাত্র একখানি নৌকা। কর্ণধাররূপে সদ্‌গুরু জীবকে পরপারে নিয়ে যাচ্ছেন। সংসারে মিথ্যা মায়ায় যারা বদ্ধ তারা পারে যেতে পারছে না, সব দাঁড়িয়ে

* পুরী শ্রীশ্রীজটিয়া বাবার সমাধি আশ্রম।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

আছে, দুই একটী জীব পার হচ্ছে; তখন জলদগম্ভীর স্বরে শ্রীশ্রীগোঁসাইজী বললেন—'মা, মায়া থাকতে পরপারে যাওয়ার উপায় নাই, যাকে কৃপা করি তার মায়ার বাঁধন কাটিয়ে ওপারে নিয়ে যাই'। অসংখ্য জীব দাঁড়িয়ে হাহাকার ক'রছে—'কি নিয়ে ভুলে ছিলাম পেয়েও ধরতে পারি নাই, কি সম্বল নিয়ে এখন পার হব? সংসার সুখে মত্ত হ'য়ে তাঁর আদেশ পালন করি নাই'। 'তাদের আবার জন্ম নিতে হবে, শ্রীশ্রীগোঁসাইজী বললেন। সেই দৃশ্য দেখে স্তব্ধ হ'য়ে গেলাম। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—'মা, জন্ম মৃত্যুর খেলা এই ভাবে চ'লছে, মিথ্যা মায়ার বশীভূত না হ'য়ে সত্য স্বরূপ ভগবানকে সর্ব্বদা স্মরণ করাই একমাত্র জীবের উদ্ধারের উপায়।'

১২ই আশ্বিন—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—'মা, কাল বিমলা দেবী বললেন, 'একদিনও আমার বেশ দেখতে পায় নি, আজ নিয়ে এস'। তাই তোমাকে নিয়ে গেলাম'। জগন্নাথদেব বললেন-'আস্‌লে কোন কষ্ট হবে না।'

আমি বললাম কাল শরীরটা ভাল মনে হচ্ছিল না। বাহিরে ব'সেছিলাম এমন সময়···মন্দির যাচ্ছেন দেখে যাবার খুব ইচ্ছা হ'ল, তাঁর সঙ্গে চ'লে চ'লেই গেলাম, কোন কষ্ট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হল না। খুব ভাল দর্শন হল, জগন্নাথদেবের ছত্রভোগের বেশ হচ্ছিল, বিমলা মায়ের নারায়ণী বেশ হয়েছে, ভীড় ছিল না, খুব ভাল দর্শন হল দুর্গামাধবও চৌদোলাতে ব'সে আছেন, হাঁসিখুসি মুখ, খুব আনন্দ পেয়েছি। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, সোমবার থেকে সেই বৈষ্ণব পাঁচজন আসবেন।

১৪ই আশ্বিন—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন, মা যে সময় রাসলীলা লেখা হবে সকালে···এসে দিন একটু ক'রে পাঠ ক'রবে। উপদেশামৃত প্রথম খণ্ড থেকে আরম্ভ ক'রতে ব'লবে।

১৬ই আশ্বিন—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, মন্দিরে একবার ক'রে যাবে, পূর্ণিমা থেকে পরমান্নভোগ প্রত্যহ দেবে, ইচ্ছা হ'লে অন্ন ছাড়া অন্য কিছু ভোগ দিতে পার। একমাস পায়েসই দুপুরে ভোগ দিবে। পূর্ণিমার দিন থেকে মহাপ্রভুর দর্শন পাবে।

১৭ই আশ্বিন—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা, শ্রবণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গোলোকনাম্নি নিজধাম্নি তলে চ তস্য
দেবীমহেশহরিধামসু তেষু তেষু।
তে তে প্রভাবনিচয়া বিহিতাশ্চ যেন
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥

ব্রহ্মসংহিতায়াম্—
শ্রীচৈতন্যচরিতমৃত—মধ্য-২১

গোলোকাখ্য স্থানই ভগবানের নিজধাম, সেই গোলোকের নিম্নে দেবীধামে, মহেশধামে ও হরিধামে যিনি তত্তৎ সঙ্গক সুরগণকে স্থাপিত করিয়া রাখিয়াছেন, আমি সেই আদি পুরুষ গোবিন্দকে ভজনা করি।

তস্যাঃ পারে পরব্যোম ত্রিপাদ্ভুতং সনাতনম্।
অমৃতং শাশ্বতং নিত্যমনন্তং পরমং পদম্ ॥

লঘুভাগবতমৃতে পদ্মপুরাণবচনে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২১

বিরজা নদীর পারে তটপ্রান্তে ব্রহ্মময় ত্রিপাদৈশ্বর্য্য সমন্বিত অমৃত, নিত্য, অনন্ত পরমোৎকৃষ্ট ধাম শোভা পাইতেছে।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, তোমার শরীর অসুস্থ হওয়াতে লেখা বন্ধ ছিল এ কয়দিন অল্পই শ্লোক দেবেন।

১৮ই আশ্বিন—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা, শ্রবণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ত্রৈলোক্যে পৃথিবী ধন্যা যত্র বৃন্দাবনং পুরী।
তত্রাপি গোপিকাঃ পার্থ যত্র রাধাভিধা মম ॥

গোপীপ্রেমামৃতে—

শ্রীচৈতন্যচরিতামৃত—আদি-৪

পার্থ, বৃন্দাবনপুরী বিদ্যমান থাকাতেই ত্রিলোকীতলে পৃথিবী ধন্যা হইয়াছেন, সেই বৃন্দাবনে গোপিকাগণই ধন্যা কেননা তন্মধ্যে মৎ প্রিয়তমা শ্রীরাধিকা রহিয়াছেন।

হরিঃ পূর্ণতমঃ পূর্ণতরঃ পূর্ণ ইতি ত্রিধা।
শ্রেষ্ঠমধ্যাদিভিঃ সর্ব্বৈর্নাট্যে যঃ পরিকীর্ত্তিতঃ ॥

ভক্তিরসামৃতসিন্ধৌ—

শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-২০

ভগবান কৃষ্ণ পূর্ণতম, পূর্ণতর ও পূর্ণ এই প্রকার শ্রেষ্ঠ মধ্যাদি অখিল গুণদ্বারা ত্রিধা প্রকাশিত বলিয়া পরিকীর্ত্তিত। তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

২০শে আশ্বিন—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম করে কাছে বসলাম, তাঁহা আশীর্ব্বাদ করলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, বিমলা দেবী তোমাকে প্রসাদ পাঠাতে বললেন, তাই পাণ্ডাকে দিয়ে পাঠালাম। বিমলা দেবীকে ব'ললাম, তোমার প্রসাদ তিনদিন* নেবে না যে। তখন বললেন, তোমাকে সমর্পণ ক'রে প্রসাদ পেতে ব'লো, প্রসাদ না

* ৺দুর্গা পূজার তিন দিন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নেওয়াতে আমার দুঃখ হচ্ছে। আমার নাম ক'রে দিলে কি হবে, আমি সে সব* গ্রহণ করি না। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, নিয়ম অনুসারে কার্য্য হচ্ছে, তুমি যে ব্রহ্মচারিণী ব্রত পালন ক'রছ তোমার এসব মেনে চলা উচিত; প্রসাদ আমাকে সমর্পণ ক'রে কণিকা মাত্র গ্রহণ ক'রেছ, বিমলা দেবী খুসী হয়েছেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে বসে বললেন—মা, শ্রবণ কর।

হরিন্মণিকবাটিকা প্রততিহারিবক্ষঃস্থলঃ
স্মরার্ত্ততরুণীমনঃ কলুষহারিদোরর্গলঃ।
সুধাংশুহরিচন্দনোৎপলসিতাভ্রশীতাঙ্গকঃ
স মে মদনমোহনঃ সখি তনোতি রক্ষঃস্পৃহাম্॥

শ্রীগোবিন্দলীলামৃতে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১৫

শ্রীরাধিকা বিশাখাকে বলিয়াছিলেন হে সখি! মদনমোহন কৃষ্ণ তাহাকে আলিঙ্গন করাইবার জন্য মদীয় বক্ষঃস্পৃহা বিস্তার করিতেছে, আহা তদীয় বক্ষঃস্থল মরকত মণি নির্ম্মিত কবাটিকার বিস্তৃতিকেও নিন্দিত করিয়াছে। বাহুরূপ অর্গল কামার্ত্তা সুন্দরীগণকে আবদ্ধ করত তাহাদিগের যাতনাদি হরণে সুনিপুণ শশাঙ্করশ্মি, হরিচন্দন, নীলপদ্ম ও কর্পূর অপেক্ষাও তদীয় অঙ্গ সুস্নিগ্ধ।

---

* আমিষ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

রাসে হরিমিহ বিহিতবিলাসম্
স্মরতি মনো মম কৃতপরিহাসম্ ॥

শ্রীগীতগোবিন্দে—২।২
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত-১৫

সখীকে সম্বোধন করিয়া রাধিকা বলিয়াছিলেন, হে সখি! যিনি বৃন্দাবনপুলিনে মহারাসোৎসব সময়ে নানারূপ বিলাস পরিহাস প্রদর্শন করিয়াছিলেন অদ্য মদীয় চিত্ত সেই হরিকে স্মরণ করিতেছে।

তাঁরা প্রণাম ক'রে চ'লে গেলেন।

২১শে আশ্বিন—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা, শ্রবণ কর।

যুগায়িতং নিমেষেন চক্ষুষা প্রাবৃষায়িতম্।
শূন্যায়িতং জগৎসর্ব্বং গোবিন্দবিরহেণ মে ॥

পদ্যাবল্যাম্—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-২০

গোবিন্দবিরহে নিমেষকালও আমার পক্ষে যুগবৎ বোধ হয়, নেত্রদিয়া প্রাবৃটঋতুকালীন বারিধারার ন্যায় অশ্রুবারি বিগলিত হইতে থাকে এবং সমস্ত জগৎ যেন শূন্য জ্ঞান করি।

আশ্লিষ্য বা পাদরতাং পিনষ্টু মা-
মদর্শনান্মর্ম্মহতাং করোতু বা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যথাতথা বা বিদধাতু লম্পটো
মৎপ্রাণনাথস্তু স এব নাপরঃ ॥

পদ্যাবল্যাম্—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-২০

হে সখি ! সেই হরি আমাকে আলিঙ্গন পূর্ব্বক চরণতলে কিঙ্করীই করুন, বা মহাকষ্টে নিপাতিত করিয়া নিষ্পেষিতাই করুন, অথবা অদর্শন দিয়া মর্ম্মাহতা করুন কিংবা লম্পট (বহু-নারীর বল্লভ) হইয়া যথা তথা বিহার করুন, তিনিই আমার একমাত্র প্রাণনাথ অপর কেহ নহেন।

তাঁরা প্রণাম ক'রে চ'লে গেলেন।

২২শে আশ্বিন—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম, তাঁরা আশীর্ব্বাদ করলেন। সেই বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে ব'ললেন—মা, শ্রবণ কর।

সুরতবর্দ্ধনং শোকনাশনং
স্বরিতবেণুনা সুষ্ঠু চুম্বিতম্।
ইতররাগবিস্মারণং নৃণাং
বিতর বীর নস্তেঽধরামৃতম্ ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩১।১৪

শ্রীকৃষ্ণকে উদ্দেশ্য করিয়া গোপী (রাধিকা) বলিয়াছিলেন, হে বীর, ত্বদীয় অধরামৃত রমণলীলা কৌতুকাদি বর্দ্ধক, শোক নাশক এবং শব্দিত বেণুতে সম্যক্‌রূপে লগ্ন; উহা মনুষ্যের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ইতরসুখলিপ্সা বিস্মৃত করাইয়া দেয়, উহা আমাদিগকে দান কর।

ব্রজাতুলকুলাঙ্গনেতররসালিতৃষ্ণাহরঃ
প্রদীব্যদধরামৃতঃ সুকৃতিলভ্যফেলালবঃ
সুধাজিদহিবল্লিকাসুদলবীটিকাচর্ব্বিতঃ
স মে মদনমোহনঃ সখি। তনোতি জিহ্বাস্পৃহাম্।

শ্রীগোবিন্দলীলামৃতে—
শ্রীচৈতন্যচরিতামৃত—অন্ত্য-১৬

বিশাখাকে সম্বোধন করিয়া রাধিকা বলিয়াছিলেন, সখি! যাঁহাকে লাভ করিলে ব্রজকুলাঙ্গনাগণের ইতর রসে ইচ্ছা থাকে না, যাঁহার অধরামৃত প্রকৃষ্টরূপে বিরাজমান রহিয়াছে, বহুপূণ্য না থাকিলে যে অধরামৃতের কণিকা মাত্রও লাভ করা যায় না এবং যাঁহার নাগবল্লীবৎ সুবৃত্ত তাম্বুল চর্ব্বিত সুধার আস্বাদনকে পরাভূত করিয়াছে সেই মদনমোহন অদ্য আমার রসনার লিপ্সা বর্দ্ধিত করিতেছেন।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—মা, শারদপূর্ণিমা থেকে রাসলীলা লিখতে আরম্ভ কর। বহু জন্মের তপস্যার ফলে সদ্‌গুরুর কৃপালাভ করেছ। রাসলীলা ব্রজলীলার শ্রেষ্ঠলীলা, রাধারাণীর কৃপা প্রার্থনা করে লিখতে বস'বে।

২৩শে আশ্বিন—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে বসলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। সেই

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

বৈষ্ণব পাঁচজন এসে প্রণাম ক'রে ব'সে বললেন—মা, শ্রবণ কর।

অন্তঃস্মেরতয়োজ্জ্বলা জলকণব্যাকীর্ণপক্ষ্মাঙ্কুরা
কিঞ্চিৎপাটলিতাঞ্চলা রসিকতোৎসিক্তা পুরঃ কুঞ্চিতা।
রুদ্ধায়াঃ পথি মাধবেন মধুরব্যাভুগ্নতারোত্তরা
রাধায়াঃ কিলকিঞ্চিতস্তবকিনী দৃষ্টিঃ শ্রিয়ং বঃ ক্রিয়াৎ॥

উজ্জ্বলনীলমণৌ—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৪

শ্রীমতী রাধিকার গর্ব্বভাবসপ্তকসংযুক্ত, হর্ষজ, কিলকিঞ্চিত ভাবজনিত দৃষ্টি তোমাদিগের কল্যাণ বিধান করুন। দান ঘাটিপথে মাধব উপস্থিত হইয়া রাধিকার গতি রোধ করিতে শ্রীমতীর অন্তরে হাস্যের উদয় হইল, তদীয় নেত্র সমুদ্ভাসিত হইল, নবোত্থিত পক্ষ্মগুলি অশ্রুজলে পরিপূরিত হইল, অপাঙ্গদ্বয় ঈষৎ রক্তাভা ধারণ করিল, রসোচ্ছ্বাস নিবন্ধন নেত্রে উৎসাহ সঞ্চার হইল, নেত্র ঈষৎ নিমিলিত হইয়া আসিল এবং নেত্রের তারকাদ্বয় মনোহর ভাবে ঊর্দ্ধগতি ধারণ করিল।

পুরঃ কৃষ্ণালোকাৎ স্থগিতকুটিলাস্যা গতিরভূৎ
তিরশ্চীনং কৃষ্ণাম্বরদরবৃতং শ্রীমুখমপি।
চলত্তারং স্ফারং নয়নযুগমাভুগ্নমিতি সা
বিলাসাখ্যস্বালঙ্করণবলিতাসীৎ প্রিয়মুদে॥

শ্রীগোবিন্দলীলামৃতে—
শ্রীচৈতন্যচরিতামৃত—মধ্য-১৪

শ্রীকৃষ্ণকে পুরোভাগে দেখিয়া শ্রীমতী রাধিকার গতি স্থিরভাব ধারণপূর্ব্বক কুটিলতা ধারণ করিল। তদীয় মুখ-

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কমল নীলবসনে স্বল্প আবৃত হইলেও নেত্রতারকাদ্বয় বিস্ফারিত, চপল ও বক্র হইল।

তাঁরা প্রণাম ক'রে চলে গেলেন।

২৪শে আশ্বিন রাত্রি—

শ্রীবৃন্দাবন ধাম। শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণী ও শ্রীশ্রীমন্ মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্যকে প্রণাম করে কাছে ব'সলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রে ব'ললেন—মা, রাসলীলা লেখা আরম্ভ কর। শ্রীমতী রাধারাণীর কৃপা ভিক্ষা ক'রে এই লেখা আরম্ভ করলাম। সেই বৈষ্ণব পাঁচজন এসে শ্রীশ্রীগোঁসাইজী, শ্রীশ্রীমাতাঠাকুরাণী ও শ্রীশ্রীমন্ মহাপ্রভু শ্রীকৃষ্ণচৈতন্যকে সাষ্টাঙ্গ প্রণাম ক'রে ব'সলেন। আমি তাঁদের প্রণাম করলাম, আশীর্ব্বাদ ক'রে ব'ললেন—মা, শ্রবণ কর।

শারদ রাস হইতে মহারাস পর্য্যন্ত

ভগবানপি তা রাত্রীঃ শরদোৎফুল্লমল্লিকাঃ।
বীক্ষ্য রন্তুং মনশ্চক্রে যোগমায়ামুপাশ্রিতঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।১

স্বয়ং অখিল মাধুর্য্যরসবিগ্রহ পরমানন্দস্বরূপ হইয়াও ভগবান শ্রীকৃষ্ণচন্দ্র ব্রজকুমারীগণের নিকট পূর্ব্বপ্রতিশ্রুত সেই শরৎকালীন প্রস্ফুটিত মল্লিকাদি পুষ্প সমূহে সুশোভিত যামিনী সকল সমাগত অবলোকন করিয়া নিজ অচিন্ত্য যোগমায়া শক্তি অবলম্বন পূর্ব্বক গোপীগণের সহিত রাসক্রীড়া করিতে মনস্থ করিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS



শ্রীশ্রীগোপালের আসন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তদোড়ুরাজঃ ককুভঃ করৈর্মুখং প্রাচ্যা বিলিম্পন্নরুণেন শন্তমৈঃ।
স চর্ষনীনামুদগাচ্ছুচো মৃজন্ প্রিয়ঃ প্রিয়ায়া ইব দীর্ঘদর্শনঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।২

তাঁহার প্রীতি নিমিত্ত ঠিক সেই সময়েই নক্ষত্রাধিপতি শারদ পূর্ণচন্দ্র, বহুকাল পরে গৃহাগত পতি যেমন আপন প্রেয়সীর বদন কমল কুঙ্কুমরাগে রঞ্জিত করেন, সেইরূপ পূর্ব্বদিগ্বধূর মুখখানি স্বীয় সুখতম কিরণে অরুণিত করিয়া জনগণের তাপগ্লানী অপনয়ন করিতে করিতে উদিত হইলেন।

দৃষ্ট্বা কুমুদ্বন্তমখণ্ডমণ্ডলং রমাননাভং নবকুঙ্কুমারুণম্।
বনঞ্চ তৎ কোমলগোভিরঞ্জিতং জগৌ কলং বামদৃশাং মনোহরম্॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৩

ভগবান শ্রীকৃষ্ণ রমাদেবীর বদনকান্তির ন্যায় কান্তিবিশিষ্ট, নবকুঙ্কুমের ন্যায় অরুণবর্ণ ও কুমুদ সমূহের বিকাশকারী পূর্ণচন্দ্র সমুদিত দেখিয়া এবং তদীয় স্নিগ্ধ কিরণে বনস্থলী সুরঞ্জিত সন্দর্শন করিয়া শোভননয়না ব্রজ সুন্দরীগণের মনোমুগ্ধকর সুমধুর বেণুগীত করিতে লাগিলেন।

নিশম্যগীতং তদনঙ্গবর্দ্ধনং ব্রজস্ত্রিয়ঃ কৃষ্ণগৃহীতমানসাঃ।
আজগ্মুরন্যোন্যমলক্ষিতোদ্যমাঃ স যত্র কান্তো জবলোলকুণ্ডলাঃ।

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৪

সেই অনঙ্গবর্দ্ধন বেণুগান শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণাকৃষ্টচিত্তা ব্রজরমণীগণ স্ব স্ব গমনোদ্যম কেহ কাহাকেও না জানাইয়া, গমন বেগে দোদুল্যমান কর্ণকুণ্ডল সহ যে স্থানে সেই কান্ত আছেন তথায় আগমন করিতে লাগিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৫শে আশ্বিন—

দুহন্ত্যোঽভিযযুঃ কাশ্চিদ্দোহং হিত্বা সমুৎসুকাঃ।
পয়োঽধিশ্রিত্য সংযাবমনুদ্বাস্যাপরা যযুঃ ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৫

তৎসমীপে গমনের নিমিত্ত সমুৎসুকা কেহ কেহ তাঁহাদের গো দোহন কার্য্য পরিত্যাগ করিয়া শ্রীকৃষ্ণের উদ্দেশ্যে গমন করিলেন। এইরূপ যাঁহারা চুল্লীতে দুগ্ধপাত্র স্থাপন করিতেছিলেন এবং যাঁহারা গোধূমকণান্ন পাক করিতেছিলেন তাঁহারা চুল্লীস্থিত পাত্র চুল্লিতেই রাখিয়া শ্রীকৃষ্ণের উদ্দেশ্যে গমন করিলেন।

পরিবেষয়ন্ত্যস্তদ্ধিত্বা পায়য়ন্ত্যঃ শিশূন্ পয়ঃ।
শুশ্রূষন্ত্যঃ পতীন্ কাশ্চিদশ্নন্ত্যোঽপাস্য ভোজনম্ ॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।৬

কেহ কেহ পরিবেশন করিতেছিলেন, তাহা ছাড়িয়া, কোন কোন গোপী শিশুদের দুগ্ধ পান করাইতেছিলেন, তাহা পরিত্যাগ করিয়া, কেহ কেহ পতির শুশ্রূষা করিতেছিলেন, কেহ কেহ বা ভোজন করিতেছিলেন সমস্ত ত্যাগ করতঃ শ্রীকৃষ্ণ অভিমুখে গমন করিতে লাগিলেন।

লিম্পন্ত্যঃ প্রমৃজন্তোঽন্যা অঞ্জন্ত্যঃ কাশ্চ লোচনে।
ব্যত্যস্তবস্ত্রাভরণাঃ কাশ্চিৎ কৃষ্ণান্তিকং যযুঃ ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৭

কেহ কেহ অঙ্গে কুঙ্কুমাদি লেপন করিতেছিলেন, কেহ কেহ অঙ্গ মার্জ্জন করিতেছিলেন, কেহ কেহ নয়নে অঞ্জন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

লাগাইতেছিলেন, সকলে সব পরিত্যাগ করিয়া কেহ কেহ বা ব্যস্ততা প্রযুক্ত বিপরীত ক্রমে বস্ত্রাভরনাদি ধারণ করিয়া শ্রীকৃষ্ণ সমীপে গমন করিলেন।

তা বার্য্যমাণাঃ পতিভিঃ পিতৃভির্ভ্রাতৃবন্ধুভিঃ।
গোবিন্দাপহৃতাত্মানো ন ন্যবর্ত্তন্ত মোহিতাঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৮

গোবিন্দ কর্ত্তৃক হৃতাত্মা সেই সকল মোহিতা গোপী, পতি, পিতা, ভ্রাতা ও বন্ধুগণ নিষেধ করিলেও গৃহে ফিরিলেন না।

২৬শে আশ্বিন—

অন্তর্গৃহগতাঃ কাশ্চিদ্‌গোপ্যোঽলব্ধবিনির্গমাঃ।
কৃষ্ণং তদ্ভাবনাযুক্তা দধ্যুর্ম্মীলিতলোচনাঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৯

কোন কোন গোপী গৃহমধ্যে অবরুদ্ধা হইয়া নির্গমলাভ করিতে না পাইয়া সমুৎকণ্ঠিতচিত্তে নয়নমুদ্রিত করিয়া শ্রীকৃষ্ণকে ধ্যান করিতে লাগিলেন।

দুঃসহপ্রেষ্ঠবিরহতীব্রতাপধুতাশুভাঃ।
ধ্যান প্রাপ্তাচ্যুতাশ্লেষনির্বৃত্যা ক্ষীণমঙ্গলাঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।১০

দুঃসহ শ্রীকৃষ্ণবিরহজনিত তীব্রতাপে অশুভ সকল নষ্ট হইল, ধ্যানযোগে শ্রীকৃষ্ণ মিলন প্রাপ্তিজনিত পরমানন্দে সর্ব্ব প্রকার মঙ্গলের ক্ষয় হইল।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তমেব পরমাত্মানং জারবুদ্ধ্যাপি সঙ্গতাঃ।
জহুর্গুণময়ং দেহং সদ্যঃ প্রক্ষীণবন্ধনাঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।১১

তখন তাঁহারা ধ্যানযোগে উপপতি বুদ্ধিতেও সেই পরমাত্মার সহিত সঙ্গত হইয়া সর্ব্বপ্রকার বন্ধন হইতে মুক্ত হইলেন এবং তৎক্ষণাৎ গুণময় দেহ পরিত্যাগ করিলেন।

রাজোবাচ—

কৃষ্ণং বিদুঃ পরং কান্তং ন তু ব্রহ্মতয়া মুনে।
গুণপ্রবাহোপরমস্তাসাং গুণধিয়াং কথম্॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।১২

রাজা পরীক্ষিত বলিলেন, হে মুনে, গোপিকাগণ শ্রীকৃষ্ণকে কেবলমাত্র কান্ত বলিয়াই জানিতেন; শ্রীকৃষ্ণে তাঁহাদের ব্রহ্মবুদ্ধি ছিল না, তথাপি সেই গুণবুদ্ধিসম্পন্নাগণের কি প্রকারে গুণময় দেহের নিবৃত্তি হইল?

শ্রীশুক উবাচ—

উক্তং পুরস্তাদেতৎ তে চৈদ্যঃ সিদ্ধিং যথা গতঃ।
দ্বিষন্নপি হৃষীকেশং কিমুতাধোক্ষজপ্রিয়াঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।১৩

শ্রীশুক বলিলেন—আমি তোমাকে এ বিষয়ে পূর্ব্বেই বলিয়াছি। শিশুপাল শ্রীকৃষ্ণকে দ্বেষ করিয়াও সিদ্ধিলাভ করিয়াছিলেন। শ্রীকৃষ্ণবল্লভাগণ সম্বন্ধে আর কথা কি!

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

নৃণাং নিঃশ্রেয়সার্থায় ব্যক্তির্ভগবতো নৃপ।
অব্যয়স্যাপ্রমেয়স্য নির্গুণস্য গুণাত্মনঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।১৪

হে রাজন্, মনুষ্যগণের পরম মঙ্গলের জন্যই সেই অব্যয়, অপ্রমেয়, নির্গুণ ও গুণনিয়ন্তা শ্রীভগবানের জগতে আবির্ভাব হইয়া থাকে।

কামং ক্রোধং ভয়ং স্নেহমৈক্যং সৌহৃদমেব চ।
নিত্যং হরৌ বিদধতো যান্তি তন্ময়তাং হি তে॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।১৫

শ্রীহরিতে সর্ব্বদা কাম, ক্রোধ, ভয়, স্নেহ, ঐক্য বা সৌহৃদ্য স্থাপন করিতে পারিলে তাঁহাতে নিশ্চয়ই তন্ময়তা লাভ হয়।

ন চৈবং বিস্ময়ঃ কার্য্যো ভবতা ভগবত্যজে।
যোগেশ্বরেশ্বরে কৃষ্ণে যত এতদ্বিমুচ্যতে॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।১৬

যাঁহা হইতে এই স্থাবরাদিও বিযুক্ত হয়, সেই যোগেশ্বরেশ্বর নিত্য ভগবান সম্বন্ধে আপনার এ প্রকার বিস্ময় হওয়া উচিত নহে।

তা দৃষ্টান্তিকমায়াতা ভগবান্ ব্রজযোষিতঃ।
অবদদ্বদতাং শ্রেষ্ঠো বাচঃপেশৈর্বিমোহয়ন্॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।১৭

সেই ব্রজবনিতাগণকে নিকটে সমাগত দেখিয়া সকল বাগ্মিশিরোমণি ভগবান শ্রীকৃষ্ণ বিবিধ বাক্যভঙ্গীদ্বারা বিমোহিত করিয়া বলিতে লাগিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

২৭শে আশ্বিন—

শ্রীশ্রীগোঁসাইজী ও শ্রীশ্রীমাতাঠাকুরাণীকে প্রণাম ক'রে কাছে ব'সলাম, তাঁরা আশীর্ব্বাদ ক'রলেন। শ্রীশ্রীগোঁসাইজী বললেন—'মা, শ্রীমদ্ভাগবতে যেভাবে রাসলীলার বর্ণনা আছে মহাপ্রভুর ভক্তরা সেই শ্লোকই শোনাবেন তুমি লিখে যাও।' শ্রীশ্রীমন্ মহাপ্রভু 'হরিবোল' 'হরিবোল' ব'লতে ব'লতে এসে ব'সলেন, আমি প্রণাম ক'রলাম, আশীর্ব্বাদ ক'রে ব'ললেন—'মা, লিখতে লিখতেই তোমার রাসলীলা দরশন হবে, শ্রবণ, দরশন একসঙ্গেই হবে।' এমন সময় সেই বৈষ্ণব পাঁচজন এসে সকলকে প্রণাম করে ব'সলেন। আমি তাঁদের প্রণাম ক'রলাম, আশীর্ব্বাদ ক'রে ব'ললেন—'মা, আমাদের মুখ দিয়ে মহাপ্রভু ও গোঁসাইজী এই অপূর্ব্ব রাসলীলা কীর্ত্তন করাচ্ছেন, তুমি তো ধন্য হ'লেই, আমরাও ধন্য হ'লাম।

শ্রীভগবানুবাচ—

স্বাগতং বো মহাভাগাঃ! প্রিয়ং কিং করবাণি বঃ।
ব্রজস্থানাময়ং কচ্চিদ্ ব্রূতাগমনকারণম্ ॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।১৮

শ্রীভগবান বলিলেন—হে মহাসৌভাগ্যশালিনী ব্রজঙ্গনা সকল, সুখে আসিয়াছ ত? আমি তোমাদের কি প্রিয় কার্য্য করিব? ব্রজের সব কুশল তো? আগমনের কারণ কি বল।

রজন্যেষা ঘোররূপা ঘোরসত্ত্বনিষেবিতা।
প্রতিযাত ব্রজং নেহ স্থেয়ং স্ত্রীভিঃ সুমধ্যমাঃ ॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে সুমধ্যমা সুন্দরীগণ! এই রজনী ঘোররূপা, এখন এখানে ভয়ঙ্কর প্রাণিসকল চারিদিকে ভ্রমণ করিতেছে, তোমরা ব্রজে ফিরিয়া যাও। এ সময় এস্থানে স্ত্রীলোকের থাকা উচিত নহে।

মাতরঃ পিতরঃ পুত্রা ভ্রাতরঃ পতয়শ্চ বঃ।
বিচিন্বন্তি হ্যপশ্যন্তো মা কৃঢ্বং বন্ধুসাধ্বসম্॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।২০

তোমাদিগের মাতা, পিতা, ভ্রাতা, পতি এবং পুত্রগণ তোমাদিগকে গৃহে না দেখিয়া নানাস্থানে অন্বেষণ করিতেছে। তাঁহাদের চিত্তে তোমাদের অনিষ্টাশঙ্কা উৎপাদন করিও না।

দৃষ্টং বনং কুসুমিতং রাকেশকররঞ্জিতম্।
যমুনানিললীলৈজত্তরুপল্লবশোভিতম্॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।২১

এই বিবিধ কুসুমাবলীপরিশোভিত, পূর্ণশশধরকিরণে সুরঞ্জিত এবং যমুনাস্পর্শী পবনের মন্দগতিতে কম্পমান তরুপল্লবে শোভিত বৃন্দাবন দেখিয়াছ ত?

তদ্‌যাত মা চিরং গোষ্ঠং শুশ্রূষধ্বং পতীন্ সতীঃ।
ক্রন্দন্তি বৎসা বালাশ্চ তান্ পায়য়ত দুহ্যত॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।২২

অতএব হে সাধ্বীশিরোমণিগণ! এক্ষণে ব্রজে ফিরিয়া যাও, আর বিলম্ব করিও না এবং নিজ নিজ পতি সেবনে রত হও। তোমাদের বৎস ও বালকগণ রোদন করিতেছে তাহাদিগকে দুগ্ধপান করাও এবং গো দোহন কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অথবা মদভিস্নেহাদ্ভবত্যো যন্ত্রিতাশয়াঃ।
আগতা হ্যুপপন্নং তৎ প্রীয়ন্তে ময়ি জন্তবঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।২৩

অথবা যদি আমার প্রতি স্নেহ বশতঃ বশীভূতচিত্ত হইয়া এখানে আসিয়াছ, ইহা তোমাদের পক্ষে যুক্ত বটে, যেহেতু সকল প্রাণীই আমার প্রতি প্রীতি করিয়া থাকে।

ভর্ত্তুঃ শুশ্রূষণং স্ত্রীণাং পরো ধর্ম্মো হ্যমায়য়া।
তদ্বন্ধুনাঞ্চ কল্যাণ্যঃ প্রজানাঞ্চানুপোষণম্॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।২৪

অয়ি কল্যাণী সকল! অকপট পতিসেবন এবং তদীয় বন্ধুবর্গের শুশ্রূষা ও পুত্রকন্যাদিগের লালনপালনই স্ত্রীলোকদিগের পরমধর্ম্ম।

দুঃশীলো দুর্ভগো বৃদ্ধো জড়ো রোগ্যধনোঽপি বা।
পতিঃ স্ত্রীভির্ন হাতব্যো লোকেপ্সুভিরপাতকী॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।২৫

যাহারা ঐহিক ও পারলৌকিক কল্যাণ কামনা করে, তাহাদের পক্ষে অসচ্চরিত্র, দুর্ভাগা, বৃদ্ধ, জড়, রোগী বা নির্ধন হইলেও অপাতকী পতি পরিত্যাগ করা কর্ত্তব্য নহে।

অস্বর্গ্যমযশস্যঞ্চ ফল্গু কৃচ্ছ্রং ভয়াবহম্।
জুগুপ্সিতঞ্চ সর্ব্বত্র হ্যৌপপত্যং কুলস্ত্রিয়াঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।২৬

কুলবতী রমণীগণের পক্ষে উপপতির সম্বন্ধ করা স্বর্গপ্রাপ্তির প্রতিবন্ধক, অযশস্কর, তুচ্ছফলদায়ক, কষ্টসাধ্য, ভয়াবহ এবং সর্ব্বত্র নিন্দাজনক।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রবণাদ্দর্শনাদ্ধ্যানান্ময়ি ভাবোঽনুকীর্ত্তনাৎ।
ন তথা সন্নিকর্ষেণ প্রতিযাত ততো গৃহান্॥

শ্রীমদ্ভাগবত—১০।২৯।২৭

শ্রবণ, দর্শন, ধ্যান ও কীর্ত্তনে আমার প্রতি যেমন ভক্তি-ভাব জন্মে আমার নিকট মিলনে তেমন হয় না, অতএব তোমরা গৃহে প্রতিনিবৃত্ত হও।

২৮শে আশ্বিন—

শ্রীশুক উবাচ—

ইতি বিপ্রিয়মাকর্ণ্য গোপ্যো গোবিন্দভাষিতম্।
বিষণ্ণা ভগ্নসঙ্কল্পাশ্চিন্তামাপুর্দুরত্যয়াম্॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।২৮

শ্রীশুকদেব বলিলেন—ব্রজরমণীগণ শ্রীকৃষ্ণের এই প্রকার অপ্রিয় বচন শুনিয়া বিষণ্ণ ও ভগ্নসঙ্কল্প হইয়া অপার চিন্তায় নিমগ্ন হইলেন।

কৃত্বা মুখান্যবশুচঃ শ্বসনেন শুষ্য-
দ্বিম্বাধরাণি চরণেন ভুবং লিখন্ত্যঃ।
অস্রৈরুপাত্তমষিভিঃ কুচকুঙ্কুমানি
তস্থুর্মৃজন্ত্য উরুদুঃখভরাঃ স্ম তূষ্ণীম্॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।২৯

মহাদুঃখভারপীড়িতা এবং শোকবেগ জনিত দীর্ঘশ্বাসে বিশুষ্ক বিম্বাধরা ব্রজগোপীগণ চরণাঙ্গুষ্ঠে ভূমিলিখন এবং কজ্জলাক্ত অশ্রুপ্রবাহে বক্ষোলিপ্ত কুঙ্কুম ক্ষালন করিতে করিতে অধোমুখে নির্ব্বাক হইয়া রহিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রেষ্ঠং প্রিয়েতরমিব প্রতিভাষমাণং
কৃষ্ণং তদর্থবিনিবর্ত্তিতসর্ব্বকামাঃ।
নেত্রে বিমৃজ্য রুদিতোপহতে স্ম কিঞ্চিৎ
সংরম্ভগদ্গদগিরোঽব্রুবতানুরক্তাঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৩০

শ্রীকৃষ্ণানুরাগিনী গোপিকাগণ তাঁহার নিমিত্ত সর্ব্বকামনা ত্যাগ করিয়া আসিয়া তাঁহাদের প্রাণপ্রতিম ব্রজরাজনন্দনকে অপ্রিয়জনের ন্যায় উপেক্ষা বচন বলিতে দেখিয়া তাঁহারা মহাক্ষোভে গলদশ্রুব্যাপ্ত নয়ন মার্জ্জনা করিতে করিতে কিঞ্চিৎ গদগদবাক্যে বলিতে লাগিলেন।

শ্রীগোপ্য উচুঃ—

মৈবং বিভোঽর্হতি ভবান্ গদিতুং নৃশংসং
সন্ত্যজ্য সর্ব্ববিষয়াংস্তব পাদমূলম্।
ভক্তা ভজস্ব দুরবগ্রহ! মা ত্যজাস্মান্
দেবো যথাদিপুরুষো ভজতে মুমুক্ষূন্॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৩১

শ্রীগোপীরা বলিলেন—হে প্রভো, হে স্বচ্ছন্দবিহারিন্! এ প্রকার নিষ্ঠুর বাক্য বলা তোমার উচিত হয় না। আমরা সকল বিষয় পরিত্যাগ পূর্ব্বক তোমার চরণসেবা কামনা করি, আমাদিগকে গ্রহণ কর, পরিত্যাগ করিও না। আদিপুরুষ নারায়ণ যেমন মুমুক্ষুগণের মনোরথ পূরণ করেন সেইরূপ তুমিও আমাদিগের মনোরথ পূরণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

যৎ পত্যপত্যসুহৃদামনুবৃত্তিরঙ্গ !
স্ত্রীণাং স্বধর্ম্ম ইতি ধর্ম্মবিদা ত্বয়োক্তম্ ।
অস্ত্বেবমেতদুপদেশপদে ত্বয়ীশে
প্রেষ্ঠো ভবাংস্তনুভৃতাং কিল বন্ধুরাত্মা ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৩২

হে কৃষ্ণ ! তুমি পরমধর্ম্মজ্ঞ, সেইজন্য পতিপুত্র ও সুহৃদগণের যথাযথ সেবাই যে স্ত্রীগণের স্বধর্ম্ম তোমার কথিত এই বাক্য সমস্ত উপদেশের যোগ্যপাত্র তুমি ঈশ্বর তোমাতেই থাকুক, কারণ তুমি প্রাণিমাত্রের প্রিয়তম বন্ধু ও আত্মা।

কুর্ব্বন্তি হি ত্বয়ি রতিং কুশলাঃ স্ব আত্মন্
নিত্যপ্রিয়ে পতিসুতাদিভিরার্ত্তিদৈঃ কিম্ ।
তন্নঃ প্রসীদ পরমেশ্বর ! মাস্ম ছিন্দ্যা
আশাং ধৃতাং ত্বয়ি চিরাদরবিন্দনেত্র !

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৩৩

হে কৃষ্ণ ! তুমি সকলের পরম বান্ধব আত্মা এবং নিত্য-প্রিয়, এইজন্য শাস্ত্রজ্ঞ ব্যক্তিগণ তোমাতে রতি করিয়া থাকেন। পতিপুত্রাদি কেবল পীড়াদায়ক, সে সকলে কি হইবে ? অতএব হে পরমেশ্বর, আমাদের প্রতি প্রসন্ন হও। হে কমললোচন ! আমরা যে আশা পোষণ করিয়া আসিতেছি তাহা ছেদন করিওনা।

চিত্তং সুখেন ভবতাপহৃতং গৃহেষু
যন্নির্বিশত্যুত করাবপি গৃহ্যকৃত্যে ।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পাদৌ পদং ন চলতস্তব পাদমূলাদ্-
যামঃ কথং ব্রজমথো করবাম কিং বা ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৩৪

হে কৃষ্ণ! আমাদের যে চিত্ত সুখে গৃহব্যাপারে রত ছিল এবং যে দুই কর গৃহকর্ম্মে ব্যাপৃত ছিল পরমানন্দ স্বরূপ তুমি অনায়াসে তাহা অপহরণ করিয়াছ, আমাদের পদদ্বয় তোমার পাদমূল ছাড়িয়া এক পদও চলিতেছে না। অতএব আমরা কি প্রকারেই বা ব্রজে গমন করিব বা অতঃপর কি করিব।

সিঞ্চাঙ্গ! নস্তদধরামৃতপূরকেণ
হাসাবলোককলগীতজহৃচ্ছয়াগ্নিম্।
নো চেদ্বয়ং বিরহজাগ্ন্যুপযুক্তদেহা
ধ্যানেন যাম পদয়োঃ পদবীং সখে! তে ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৩৫

হে কৃষ্ণ! তোমার সহাস্য দৃষ্টি ও মধুর মুরলীরবে আমাদের হৃদয়ে যে কামাগ্নি প্রজ্জলিত হইয়াছে, তাহা তোমারই অধরামৃত প্রবাহে নির্ব্বাপণ কর। হে সখে! নচেৎ আমরা তোমার বিরহাগ্নিতে দগ্ধ শরীর হইয়া ধ্যান যোগে তোমার চরণপদবী লাভ করিব।

২৯শে আশ্বিন—

যর্হ্যম্বুজাক্ষ! তব পাদতলং রমায়া
দত্তক্ষণং ক্বচিদরণ্যজনপ্রিয়স্য।
অস্প্রাক্ষ্ম তৎপ্রভৃতি নান্যসমক্ষমঙ্গ!
স্থাতুং ত্বয়াভিরমিতা বত পারয়ামঃ ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৩৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে কমললোচন! অরণ্যবাসিজন তোমার প্রিয়; সেই-হেতু কদাচিৎ তোমার ঐ রমারও আনন্দউৎসবপ্রদ পদতল যেদিন স্পর্শ করিয়াছিলাম এবং তুমিও আমাদিগকে আনন্দিত করিয়াছিলে সেইদিন হইতে আর আমরা অন্য সমক্ষে স্বচ্ছন্দে থাকিতে পারি না!

শ্রীর্যৎপদাম্বুজরজশ্চকমে তুলস্যা
লব্ধ্বাপি বক্ষসি পদং কিল ভৃত্যজুষ্টম্।
যস্যাঃ স্ববীক্ষণকৃতেঽন্যসুরপ্রয়াস-
স্তদ্বদ্বয়ঞ্চ তব পাদরজঃ প্রপন্নাঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৩৭

যে কমলার কৃপাদৃষ্টি লাভের জন্য অন্য ব্রহ্মাদি সুরগণের তপস্যা, সেই কমলাও তোমার বক্ষে স্থান লাভ করিয়াও তুলসী দেবীর সহিত তোমার ভৃত্যগণপরিসেবিত চরণকমলরেণু প্রাপ্তির কামনা করিয়া থাকেন, আমরাও তদ্রূপ তোমার চরণ-কমলের রজঃকণার শরণাপন্ন হইয়াছি।

তন্নঃ প্রসীদ বৃজিনার্দ্দন! তেঽঙ্ঘ্রিমূলং
প্রাপ্তা বিসৃজ্য বসতীস্ত্বদুপাসনাশাঃ।
ত্বৎসুন্দরস্মিতনিরীক্ষণতীব্রকাম-
তপ্তাত্মনাং পুরুষভূষণ! দেহি দাস্যম্॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৩৮

হে সর্ব্বদুঃখ হারিন! আমরা তোমার ভজনাই একমাত্র আশা করিয়া গৃহত্যাগপূর্ব্বক তোমার চরণমূল পাইয়াছি; অতএব আমাদের প্রতি প্রসন্ন হও। হে পুরুষরত্ন! তোমার

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মনোহর সহাস্য কটাক্ষদৃষ্টি নিক্ষেপে আমাদিগের দেহ ও মন প্রখর স্মরতাপে দগ্ধ হইতেছে। আমাদিগকে দাসী বলিয়া গ্রহণ কর।

বীক্ষ্যালকাবৃতমুখং তব কুণ্ডলশ্রী-
গণ্ডস্থলাধরসুধং হসিতাবলোকম্।
দত্তাভয়ঞ্চ ভুজদণ্ডযুগং বিলোক্য
বক্ষঃ শ্রিয়ৈকরমণঞ্চ ভবাম দাস্যঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৩৯

তোমার কুণ্ডলশোভান্বিত গণ্ডস্থল, সুধাপূর্ণ অধর, সহাস্য কটাক্ষদৃষ্টি ও চূর্ণকুন্তলাবৃত শ্রীমুখমণ্ডল দেখিয়া এবং অভয়প্রদ বাহুযুগল ও লক্ষ্মীর একমাত্র রমণের স্থান তোমার বক্ষঃস্থল দেখিয়া আমরা তোমার দাসী হইয়াছি।

কা স্ত্র্যঙ্গ! তে কলপদায়তবেণুগীত-
সম্মোহিতার্য্যচরিতান্ন চলেৎ ত্রিলোক্যাম্।
ত্রৈলোক্যসৌভগমিদঞ্চ নিরীক্ষ্য রূপং
যদ্গোদ্বিজদ্রুমমৃগাঃ পুলকান্যবিভ্রন্॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৪০

হে কৃষ্ণ! ত্রিভুবনে এমন কোন্ রমণী আছে যে সে তোমার মধুরাস্ফুট পদাবলী ও স্বরালাপযুক্ত বেণুগীত শ্রবণে এবং তোমার ঐ ত্রিভুবনের সৌভাগ্যরূপ শ্যামসুন্দর মূর্ত্তি দর্শনে নিজ ধর্ম্ম হইতে বিচলিত না হয়! তোমার ঐ ভুবনমোহন রূপে ও বংশীতানে গো, পক্ষী, মৃগ এবং বৃক্ষ সকলও পরমানন্দে পুলক ধারণ করে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্যক্তং ভবান্ ব্রজভয়ার্ত্তিহরোঽভিজাতো
দেবো যথাদিপুরুষঃ সুরলোকগোপ্তা।
তন্নো নিধেহি করপঙ্কজমার্ত্তবন্ধো!
তপ্তস্তনেষু চ শিরঃসু চ কিঙ্করীণাম্।

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৪১

হে কাতরভঞ্জন! আদিপুরুষ শ্রীনারায়ণ যেমন সুর-লোকের রক্ষাকর্ত্তা সেইরূপ নিশ্চয়ই তুমি তদ্বৎ ব্রজবাসিগণের সর্ব্ববিধ ভয় ও দুঃখ হরণের জন্য আবির্ভূত হইয়াছ, অতএব তোমার এই দাসীগণের সন্তপ্ত স্তনে ও মস্তকে তোমার করকমল অর্পণ কর।

শ্রীশুক উবাচ—

ইতি বিক্লবিতং তাসাং শ্রুত্বা যোগেশ্বরেশ্বরঃ।
প্রহস্য সদয়ং গোপীরাত্মারামোঽপ্যরীরমৎ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৪২

শ্রীশুক দেব বলিলেন,—যোগেশ্বরদিগের ঈশ্বর স্বয়ং ভগবান শ্রীকৃষ্ণ যদিও স্বয়ং নিজানন্দে পূর্ণ তথাপি প্রেমবতী ব্রজগোপীদিগের ঐ প্রকার সপ্রেম দৈন্য বচন শুনিয়া সদয় হইলেন এবং হাসিতে হাসিতে তাহাদিগকে রমণ করাইলেন।

তাভিঃ সমেতাভিরুদারচেষ্টিতঃ
প্রিয়েক্ষণোৎফুল্লমুখীভিরচ্যুতঃ।
উদারহাসদ্বিজকুন্দদীধিতি-
র্ব্যরোচতৈণাঙ্ক ইবোড়ুভির্বৃতঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৪৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সেই সকল সম্মিলিতা এবং প্রিয়তমের ঈক্ষণে প্রফুল্লমুখী গোপীগণে পরিবৃত হইয়া পরমসুখপ্রদ চেষ্টাসমন্বিত এবং উদার হাস্যজনিত কুন্দকুসুমবৎ শুভ্র দন্তপ্রভাসুশোভিত শ্রীকৃষ্ণচন্দ্র তারকাবলী পরিবেষ্টিত পূর্ণচন্দ্রের ন্যায় শোভা পাইতে লাগিলেন।

উপগীয়মান উদগায়ন্ বনিতাশতযূথপঃ।
মালাং বিভ্রদ্বৈজয়ন্তীং ব্যচরন্মণ্ডয়ন্ বনম্॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৪৪

গোপীগণ শ্রীকৃষ্ণের রূপগুণ লীলাদি গান করিতে লাগিলেন এবং শতগোপীযূথবল্লভ শ্রীকৃষ্ণ বৈজয়ন্তী মালা ধারণ পূর্ব্বক তাঁহাদের সহিত শ্রীবৃন্দাবন অলঙ্কৃত করতঃ উচ্চৈঃস্বরে গান করিতে করিতে বিচরণ করিতে লাগিলেন।

নদ্যাঃ পুলিনমাবিশ্য গোপীভির্হিমবালুকম্।
রেমে তত্তরলানন্দিকুমুদামোদবায়ুনা॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৪৫

এইরূপে শ্রীকৃষ্ণ গোপীগণের সহিত বিলাস বিহারাদি করিতে করিতে যমুনাতরঙ্গস্পর্শসুশীতল ও প্রফুল্লকুমুদগন্ধবাসিত মন্দবায়ুসেবিত এবং হিমবালুকাকীর্ণ যমুনাপুলিনে আসিয়া উপস্থিত হইলেন।

বাহুপ্রসারপরিরম্ভকরালকোরু-
নীবীস্তনালভননর্ম্মনখাগ্রপাতৈঃ।
ক্ষ্বেল্যাবলোকহসিতৈর্ব্রজসুন্দরীণামুত্তম্ভয়ন্
রতিপতিং রময়াঞ্চকার॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৪৬

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ভগবান শ্রীকৃষ্ণ বাহু প্রসারণ দ্বারা আলিঙ্গন, হস্ত, কেশপাশ, উরু, নীবী ও স্তনাদির স্পর্শ, নখাগ্রপাত, পরিহাস-বচন, বিবিধ ক্রীড়া, কটাক্ষপাত মধুর হাস্য প্রভৃতি দ্বারা ব্রজঙ্গনাদিগের কামোদ্দীপনপূর্ব্বক তাহাদিগকে রমণ করাইলেন।

এবং ভগবতঃ কৃষ্ণাল্লব্ধমানা মহাত্মনঃ।
আত্মানং মেনিরে স্ত্রীণাং মানিন্যোঽভ্যধিকং ভুবি॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৪৭

ব্রজরমণীগণ স্বয়ং ভগবান অনাসক্তচিত্ত শ্রীকৃষ্ণচন্দ্রের নিকট এইপ্রকার পরমাদর লাভ করতঃ মানিনী হইয়া প্রত্যেকেই ধরাধামে সকল রমণীর মধ্যে নিজেকেই শ্রেষ্ঠ মনে করিতে লাগিলেন।

তাসাং তৎ সৌভগমদং বীক্ষ্য মানঞ্চ কেশবঃ।
প্রশমায় প্রসাদায় তত্রৈবান্তরধীয়ত॥

শ্রীমদ্ভাগবত ১০।২৯।৪৮

শ্রীকৃষ্ণ ঐ সকল ব্রজরমণীগণের তাদৃশ সৌভাগ্যগর্ব্ব এবং মান দেখিয়া তাহা প্রশমিত করিয়া তাঁহাদের প্রতি অনুগ্রহ প্রদর্শন নিমিত্ত সেই স্থানেই অন্তর্হিত হইলেন।

৩০শে আশ্বিন—

শ্রীশুক উবাচ—

অন্তর্হিতে ভগবতি সহসৈব ব্রজাঙ্গনাঃ।
অতপ্যংস্তমচক্ষাণাঃ করিণ্য ইব যূথপম্॥

শ্রীমদ্ভাগবত ১০।৩০।১

CC0. In Public Domain, Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

শ্রীশুকদেব বলিলেন—ভগবান শ্রীকৃষ্ণের সহসা অন্তর্ধানে ব্রজরমণীগণ তাঁহাকে না দেখিয়া যূথপতির অদর্শনে করিণী-সমূহের ন্যায় বিরহ সন্তপ্তা হইয়া উঠিলেন।

গত্যানুরাগস্মিতবিভ্রমেক্ষিতৈ-
র্ম্মনোরমালাপবিহারবিভ্রমৈঃ।
আক্ষিপ্তচিত্তাঃ প্রমদা রমাপতে-
স্তাস্তা বিচেষ্টা জগৃহুস্তদাত্মিকাঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।২

শ্রীকৃষ্ণের মধুরগমনভঙ্গী, অনুরাগ, মন্দহাস্য, সপ্রেম নিরীক্ষণ, মনোহর আলাপ এবং বিবিধ বিহার বিভ্রমাদিতে আকৃষ্টচিত্ত ব্রজরমণীগণ তন্ময় হইয়া তদীয় পূর্ব্বকৃত তত্তৎচেষ্টা গ্রহণ করিলেন অর্থাৎ তদনুকরণে ক্রীড়া করিতে আরম্ভ করিলেন।

গতিস্মিতপ্রেক্ষণভাষণাদিষু প্রিয়াঃ প্রিয়স্য প্রতিরূঢ়মূর্ত্তয়ঃ।
অসাবহং ত্বিত্যবলাস্তদাত্মিকা ন্যবেদিষুঃ কৃষ্ণবিহারবিভ্রমাঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৩

পরমশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের গমন, হাস্য, দৃষ্টিসঞ্চার, বচন প্রভৃতিতে আবিষ্টদেহা ও কৃষ্ণগতচিত্তা শ্রীকৃষ্ণ প্রেয়সীগণ কৃষ্ণবিহার স্মরণজনিত মহোন্মাদ ভাবগ্রস্তা হইয়া পরস্পর "আমিই কৃষ্ণ" এই প্রকার বলিতে লাগিলেন।

গায়ন্ত্য উচ্চৈরমুমেব সংহতা বিচিক্যুরুন্মত্তকবদ্বনাদ্বনম্।
পপ্রচ্ছুরাকাশবদন্তরং বহির্ভূতেষু সন্তং পুরুষং বনস্পতীন্॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৪

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

ব্রজরমণীগণ সকলে মিলিত হইয়া উচ্চৈঃস্বরে শ্রীকৃষ্ণগান করিতে করিতে উন্মাদিনীর ন্যায় বন হইতে বনান্তরে তাঁহারই অন্বেষণ করিতে লাগিলেন এবং বনস্থ বৃক্ষসমূহের নিকট সেই আকাশবৎ সর্ব্বভূতের অন্তরে ও বাহিরে অবস্থিত সর্ব্বাত্মক শ্রীকৃষ্ণের কথা জিজ্ঞাসা করিতে লাগিলেন।

দৃষ্টো বঃ কচ্চিদশ্বত্থ! প্লক্ষ! ন্যগ্রোধ! নো মনঃ।
নন্দসূনুর্গতো হৃত্বা প্রেমহাসাবলোকনৈঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৫

হে অশ্বত্থ! হে প্লক্ষ! হে ন্যগ্রোধ! নন্দনন্দন শ্রীকৃষ্ণ সপ্রেম হাস্য এবং অবলোকন দ্বারা আমাদের মনোহরণ করিয়া গমন করিয়াছেন, তোমরা কি তাঁহাকে দেখিয়াছ?

কচ্চিৎ কুরবকাশোকনাগপুন্নাগচম্পকাঃ।
রামানুজো মানিনীনামিতো দর্পহরস্মিতঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৬

হে কুরুবক! অশোক! নাগ! পুন্নাগ! চম্পক! যাঁহার মধুর হাস্যে মানিনীগণের দর্প চূর্ণ হয় সেই রামানুজ শ্রীকৃষ্ণ কি এই পথে গিয়াছেন?

কচ্চিৎ তুলসি! কল্যাণি! গোবিন্দচরণপ্রিয়ে!।
সহ ত্বালিকুলৈর্বিভ্রদ্ দৃষ্টস্তেঽতিপ্রিয়োঽচ্যুতঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৭

হে তুলসি! হে কল্যাণি! হে গোবিন্দচরণপ্রিয়ে! ভগবান অচ্যুত যিনি অলিকুলের সহিত তোমাকে সদা ধারণ করেন, যিনি তোমার অতি প্রিয় তাঁহাকে কি দেখিয়াছ?

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মালত্যদর্শি বঃ কচ্চিন্মল্লিকে! জাতিযূথিকে।
প্রীতিং বো জনয়ন্ যাতঃ করস্পর্শেন মাধবঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৮

হে মালতি! হে মল্লিকে! হে জাতিকে! হে যূথিকে! করস্পর্শে তোমাদের প্রীতি উৎপাদন করিয়া আমাদের মাধব কোথায় গেলেন, তোমরা কি দেখিয়াছ?

১লা কার্ত্তিক—

চূতপিয়ালপনসাসনকোবিদার—
জম্ব্বর্কবিল্ববকুলাম্রকদম্বনীপাঃ।
যেঽন্যে পরার্থভবিকা যমুনোপকূলাঃ
শংসন্তু কৃষ্ণপদবীং রহিতাত্মনাং নঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৯

হে চ্যুত! পিয়াল, পনস, অসন, কোবিদার, জম্বু, অর্ক, বিল্ব, বকুল, আম্র, কদম্ব, নীপ, তোমরা এবং অপর যমুনাতীরবাসী বৃক্ষগণ, তোমরা পরের প্রয়োজনের জন্যই জন্মগ্রহণ করিয়াছ, এই শূন্যহৃদয়া আমাদিগকে কৃষ্ণপ্রাপ্তির পথ দেখাইয়া দাও।

কিং তে কৃতং ক্ষিতি! তপো বত কেশবাঙ্ঘ্রি-
স্পর্শোৎসবোৎপুলকিতাঙ্গরুহৈর্বিভাসি।
অপ্যঙ্ঘ্রি সম্ভব উরুক্রমবিক্রমাদ্বা
আহো বরাহবপুষঃ পরিরম্ভণেন॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।১০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে ক্ষিতি! তুমি কি তপস্যাই করিয়াছিলে যে চরণস্পর্শ জনিত পরমানন্দে তৃণাঙ্কুরোদ্গমচ্ছলে পুলকিত হইয়া শোভা পাইতেছ, জিজ্ঞাসা করি, তোমার এই আনন্দ কি সম্প্রতি কৃষ্ণচরণ স্পর্শেই প্রকাশ হইয়াছে? কিম্বা পূর্ব্বকালে ভগবান ত্রিবিক্রমমূর্ত্তিতে তোমার অঙ্গে চরণ স্পর্শ করিয়াছিলেন বলিয়া, অথবা তাহারও পূর্ব্বে বরাহ মূর্ত্তিতে তোমাকে আলিঙ্গন করিয়াছিলেন বলিয়া সম্ভব হইয়াছে?

অপ্যেণপত্ন্যুপগতঃ প্রিয়য়েহ গাত্রৈ-
স্তন্বন্ দৃশাং সখি! সুনির্বৃতিমচ্যুতো বঃ
কান্তাঙ্গসঙ্গকুচকুঙ্কুমরঞ্জিতায়াঃ
কুন্দস্রজঃ কুলপতেরিহ বাতি গন্ধঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩০।১১

হে হরিণি! সখি এণপত্নি! শ্রীকৃষ্ণ কি কোন প্রেয়সীর সহিত মিলিত হইয়া আসিয়াছিলেন? এবং তাঁহার পরমমোহন অঙ্গ প্রত্যঙ্গ দর্শনে তোমাদের নয়নের কি নিরতিশয় তৃপ্তি বর্দ্ধন হইয়াছিল? কেননা শ্রীকৃষ্ণের কান্তাঙ্গসঙ্গ জনিত কুচকুঙ্কুমে রঞ্জিত কুন্দমালার সদ্গন্ধ এই স্থানে পাওয়া যাইতেছে।

বাহুং প্রিয়াংস উপধায় গৃহীতপদ্মো
রামানুজস্তুলসিকালিকুলৈর্ম্মদান্ধৈঃ।
অন্বীয়মান ইহ বস্তরবঃ! প্রণামং
কিং বাভিনন্দতি চরন্ প্রণয়াবলোকৈঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।১২

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তদনন্তর ফলভারাবনত তরুগণকে শ্রীকৃষ্ণ দর্শনে প্রণত মনে করিয়া তাহাদের নিকট জিজ্ঞাসা করিলেন, হে বৃক্ষগণ! রামানুজ (শ্রীকৃষ্ণ) তাঁহার প্রিয়ার স্কন্ধদেশে বাম বাহু স্থাপন করিয়া এবং দক্ষিণ হস্তে লীলাকমল ধারণ করিয়া তুলসীস্থ মধুপান মত্ত ভ্রমরকুল পরিবেষ্টিত হইয়া আসিয়া সপ্রেম দৃষ্টিপাতে তোমাদের প্রণাম অভিবাদন করিয়াছেন কি ?

পৃচ্ছতেমা লতা বাহূনপ্যাশ্লিষ্টা বনস্পতেঃ।
নূনং তৎকরজস্পৃষ্টা বিভ্রত্যুৎপুলকান্যহো ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।১৩

কতিপয় গোপী বলিলেন, হে সখিগণ! এই সকল বনস্পতিশাখালিঙ্গিত লতাগণকে জিজ্ঞাসা কর, শ্রীকৃষ্ণ নিশ্চয়ই পুষ্পচয়নচ্ছলে ইহাদিগকে নখদ্বারা স্পর্শ করিয়াছেন এবং সেইজন্য ইহারা অঙ্কুরোদ্গমচ্ছলে রোমাঞ্চিত হইয়া অবস্থান করিতেছে।

২রা কার্ত্তিক—

ইত্যুন্মত্তবচোগোপ্যঃ কৃষ্ণান্বেষণকাতরাঃ।
লীলা ভগবতস্তাস্তা হ্যনুচক্রুস্তদাত্মিকাঃ ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩০।১৪

গোপীগণ এই প্রকার উন্মত্তবৎ প্রলাপ বচন বলিতে বলিতে শ্রীকৃষ্ণ অন্বেষণ নিমিত্ত বিহ্বল হইলেন এবং তদ্‌গতচিত্তে পূর্ব্ব বর্ণিত শ্রীকৃষ্ণের পুতনাবধাদি লীলাসকল অনুকরণ করিতে লাগিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কস্যাশ্চিৎ পূতনায়ন্ত্যাঃ কৃষ্ণায়ন্ত্যপিবৎ স্তনম্।
তোকায়িত্বা রুদন্ত্যন্যা পদাহন্ শকটায়তীম্॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।১৫

কোন গোপী পূতনার ন্যায় আচরণ করিতে প্রবৃত্ত হইলে অন্য একজন গোপী শ্রীকৃষ্ণের অনুকরণে তাহার স্তনপান করিতে লাগিলেন। কোন গোপী আপনাকে শিশু-কৃষ্ণবৎ করিয়া রোদন করিতে করিতে কোন শকটানুকারিণী গোপীকে পদাঘাত করিলেন।

দৈত্যায়িত্বা জহারান্যামেকা কৃষ্ণার্ভভাবনাম্।
রিঙ্গয়ামাস কাপ্যন্যা কর্ষন্তী ঘোষনিঃস্বনৈঃ।

শ্রীমদ্ভাগবত—১০।৩০।১৬

একজন গোপী আপনাকে তৃণাবর্ত্ত দৈত্যের ন্যায় করিয়া অপর শিশু-কৃষ্ণানুকারিণী গোপীকে হরণ করিলেন। কেহ বা কিঙ্কিণী ধ্বনি করিতে করিতে বালক কৃষ্ণের অনুকরণে চরণদ্বয় আকর্ষণ করতঃ হামাগুড়ি দিয়া চলিতে লাগিলেন।

কৃষ্ণরামায়িতে দ্বে তু গোপায়ন্ত্যশ্চ কাশ্চন।
বৎসায়তীং হন্তি চান্যা তত্রৈকা তু বকায়তীম্॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।১৭

অন্যা দুই গোপী আপনাদিগকে রাম ও কৃষ্ণের ন্যায় করিয়া এবং কতকগুলি গোপী গোপবালকদিগের অনুকরণ করিয়া ক্রীড়া করিতে লাগিলেন। তাহার মধ্যে একজন বৎসাসুরের ন্যায় আচরণ করিলে অন্যা গোপী শ্রীকৃষ্ণের অনুকরণে তাহার বধানুকরণ করিলেন এবং অপর এক গোপী বকাসুরের অনুকরণ

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিলে অন্য এক গোপী শ্রীকৃষ্ণানুকরণে তাহার বধানুকরণ করিলেন।

আহূয় দূরগা যদ্বৎ কৃষ্ণস্তমনুবর্ত্ততীম্।
বেণুং ক্বণন্তীং ক্রীড়ন্তীমন্যাঃ শংসন্তি সাধ্বিতি ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।১৮

শ্রীকৃষ্ণ যেমন দূরগামিনী গাভীগণকে বংশীনাদে আহ্বান করেন, একজন গোপী তদ্রূপে তাঁহার বংশীনাদের অনুকরণ করতঃ ক্রীড়া আরম্ভ করিলে অন্যান্য কতকগুলি গোপী গোপ বালকদের অনুকরণে সাধু সাধু বলিয়া প্রশংসা করিতে লাগিলেন।

কস্যাঞ্চিৎ স্বভুজং ন্যস্য চলন্ত্যাহাপরা ননু।
কৃষ্ণোঽহং পশ্যত গতিং ললিতামিতি তন্মনাঃ ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।১৯

শ্রীকৃষ্ণাবিষ্টচিত্তা কোন গোপী অন্য একজন গোপীর স্কন্ধে নিজ হস্ত স্থাপনপূর্ব্বক শ্রীকৃষ্ণের ন্যায় চলিতে চলিতে বলিলেন —হে গোপীগণ! আমি কৃষ্ণ এই আমার মনোরম গতিভঙ্গী দেখ।

মা ভৈষ্ট বাতবর্ষাভ্যাং তত্রাণং বিহিতং ময়া।
ইত্যুক্ত্বৈকেন হস্তেন যতন্ত্যুন্নিদধেঽম্বরম্ ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।২০

একজন গোপী শ্রীকৃষ্ণের গোবর্দ্ধন ধারণ লীলার অনুকরণে বলিলেন—তোমরা ঝটিকা এবং বারিবর্ষণ দেখিয়া ভয় পাইও না। তাহা হইতে তোমাদের রক্ষা বিধানের ব্যবস্থা

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

করিয়াছি। এই কথা বলিয়া অতি যত্নে আপনার উত্তরীয় বসন ঊর্দ্ধে ধারণ করিলেন।

আরুহ্যৈকা পদাক্রম্য শিরস্যাহাপরাং নৃপ!
দুষ্টাহে! গচ্ছ জাতোঽহং খলানাং নন্বু দণ্ডধৃক্॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।২১

কোন গোপী কালীয় নাগের অনুকরণ করিলে অন্য একজন গোপী শ্রীকৃষ্ণের অনুকরণ করিয়া আপনার চরণ দ্বারা আক্রমণ পূর্ব্বক তাঁহার মস্তকে আরোহণ করিলেন এবং বলিলেন, অরে দুষ্ট কালিয়! তুই যমুনা হ্রদ হইতে অন্যত্র চলিয়া যা, আমি খলগণের দণ্ডবিধানের জন্য অবতীর্ণ হইয়াছি।

তত্রৈকোবাচ হে গোপা দাবাগ্নিং পশ্যতোল্বণম্।
চক্ষূংষ্যাশ্বপিদধ্বং বো বিধাস্যে ক্ষেমমঞ্জসা॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।২২

কোন গোপী শ্রীকৃষ্ণানুকরণ করিয়া বলিলেন, হে গোপগণ! ভয়ানক দাবানল অবলোকন কর। তোমরা সত্বর নয়ন মুদ্রিত কর আমি অনায়াসে তোমাদের মঙ্গল বিধান করিব।

বদ্ধান্যয়া স্রজা কাচিৎ তন্বী তত্র উদূখলে।
বধ্নামি ভাণ্ডভেত্তারং হৈয়ঙ্গবমুষস্ত্বিতি
ভীতা সুদৃক্ পিধায়াস্যং ভেজে ভীতিবিড়ম্বনম্॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।২৩

কোন গোপী মা যশোদার অনুকরণে "ভাণ্ডভঙ্গকারী নবনীত চোরকে বন্ধন করিব" এই কথা বলিয়া আর এক কৃষ্ণানুকারিণী গোপীকে মাল্য দ্বারা কোন উদূখলানুকারিণী

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

গোপীর সহিত বন্ধন করিলেন এবং তিনি ভীত হইয়া দুই হস্তে ভীতিপূর্ণ সুন্দর নয়নসহ বদন আচ্ছাদন করতঃ ভয়ানুকরণ করিতে লাগিলেন।

এবং কৃষ্ণং পৃচ্ছমানা বৃন্দাবনলতাস্তরূন্।
ব্যচক্ষত বনোদ্দেশে পদানি পরমাত্মনঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।২৪

সেই সকল গোপী এই প্রকারে শ্রীকৃষ্ণলীলা গান ও লীলানুকরণ করিয়া পুনরায় বৃন্দাবনের লতা ও বৃক্ষগণের নিকট শ্রীকৃষ্ণের কথা জিজ্ঞাসা করিতে করিতে বনপ্রদেশে পরমাত্মা শ্রীকৃষ্ণের পদচিহ্ন দেখিতে পাইলেন।

৩রা কার্ত্তিক—

পদানি ব্যক্তমেতানি নন্দসূনোর্মহাত্মনঃ।
লক্ষ্যন্তে হি ধ্বজাম্ভোজবজ্রাঙ্কুশযবাদিভিঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।২৫

পরস্পর বলিতে লাগিলেন, এই সমস্ত পদচিহ্ন নিশ্চয়ই মহাত্মা শ্রীনন্দনন্দনেরই, কেননা ইহাতে ধ্বজ, পদ্ম, বজ্র, অঙ্কুশ, যব প্রভৃতি চিহ্নসকল পরিলক্ষিত হইতেছে।

তৈস্তৈঃ পদৈস্তৎপদবীমন্বিচ্ছন্ত্যোঽগ্রতোঽবলাঃ।
বধ্বাঃ পদৈঃ সুপৃক্তানি বিলোক্যার্ত্তাঃ সমব্রুবন॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।২৬

পরে সেইসকল অবলা সেই সেই পদচিহ্নের সাহায্যে তাঁহার গমনমার্গ অন্বেষণ করিতে করিতে পুরোভাগে শ্রীকৃষ্ণের

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

পদচিহ্নে সম্মিলিত কোন বধূর পদচিহ্ন দেখিতে পাইয়া অতি দুঃখিত চিত্তে পরস্পর বলাবলি করিতে লাগিলেন।

কস্যাঃ পদানি চৈতানি যাতায়া নন্দসূনুনা।
অংসন্যস্তপ্রকোষ্ঠায়াঃ করেণোঃ করিণা যথা॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।২৭

করিণী যেমন করীর সহিত যায়, নিজ স্কন্ধে শ্রীকৃষ্ণ বাহুধারিণী এ আবার শ্রীকৃষ্ণসহগামিনী কোন্ ব্রজগোপীর এই সকল পদচিহ্ন দেখা যাইতেছে?

অনয়া রাধিতো নূনং ভগবান্ হরিরীশ্বরঃ।
যন্নো বিহায় গোবিন্দঃ প্রীতো যামনয়দ্রহঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩০।২৮

এই কৃষ্ণসহগামিনী ব্রজগোপীই নিশ্চয় ভক্তবাসনা পূরণকারী সর্ব্বদুঃখহারী ঈশ্বরের আরাধনা করিয়াছে যেহেতু শ্রীকৃষ্ণ আমাদিগকে পরিত্যাগ করিয়া প্রীতচিত্তে সেই ভাগ্যবতীকে লইয়া নির্জ্জন স্থানে আগমন করিয়াছেন।

ধন্যা অহো অমী আল্যো গোবিন্দাঙ্ঘ্র্যব্জরেণবঃ।
যান্ ব্রহ্মেশৌ রমা দেবী দধুর্মূর্দ্ধ্ন্যঘনুত্তয়ে॥

শ্রীমদ্ভাগবত ১০।৩০।২৯

হে সখীগণ! শ্রীকৃষ্ণের এই চরণকমলরেণুরাজি অতি পবিত্রকর, সেইজন্য ব্রহ্মা, শিব এবং রমাদেবী সর্ব্ববিধ পাপ ক্ষালনের জন্য ইহাই মস্তকে ধারণ করেন।

তস্যা অমূনি নঃ ক্ষোভং কুর্ব্বন্ত্যুচ্চৈঃ পদানি যৎ।
যৈকাপহৃত্য গোপীনাং রহো ভুঙ্‌ক্তেঽচ্যুতাধরম্॥

শ্রীমদ্ভাগবত ১০।৩০।৩০

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

এই রমণীর পদচিহ্নগুলিতে আমাদের আরও ক্ষোভ হইতেছে যে ইনি, সকল গোপীদেরই ভাগ্য যে শ্রীকৃষ্ণের অধরসুধা, তাহা অপহরণ করিয়া একা ভোগ করিতেছেন।

ন লক্ষ্যন্তে পদান্যত্র তস্যা নূনং তৃণাঙ্কুরৈঃ।
খিদ্যৎসুজাতাঙ্ঘ্রিতলামুন্নিন্যে প্রেয়সীং প্রিয়ঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩০।৩১

এই স্থানে তো সেই ব্রজগোপীর পদচিহ্নতো দেখা যাইতেছে না, সেজন্য মনে হয় নিশ্চয়ই সেই প্রেয়সীর সুকোমল চরণতল তৃণাঙ্কুরসমূহ দ্বারা ব্যথিত হওয়ায় তাঁহার প্রিয় কৃষ্ণ তাঁহাকে উচ্চে তুলিয়া লইয়া গিয়াছেন।

ইমান্যধিকমগ্নানি পদানি বহতো বধূম্।
গোপ্যঃ! পশ্যত কৃষ্ণস্য ভারাক্রান্তস্য কামিনঃ।
অত্রাবরোপিতা কান্তা পুষ্পহেতোর্মহাত্মনা॥

শ্রীমদ্ভাগবত ১০।৩০।৩২

হে গোপীগণ! দেখ, দেখ, ভারাক্রান্ত কামাসক্ত কৃষ্ণের এই সকল পদচিহ্ন বধূকে বহন প্রযুক্ত অধিকতর মগ্ন হইয়াছে। দেখ, দেখ এই স্থানে বিদগ্ধশিরোমণি শ্রীকৃষ্ণ পুষ্পচয়নের জন্য তাঁহার কান্তাকে ভূমিতে নামাইয়াছিলেন।

অত্র প্রসূনাবচয়ঃ প্রিয়ার্থে প্রেয়সা কৃতঃ।
প্রপদাক্রমণে এতে পশ্যতাসকলে পদে।

শ্রীমদ্ভাগবত ১০।৩০।৩৩

এই স্থানে শ্রীকৃষ্ণ তাঁহার প্রেয়সীর জন্য পুষ্পচয়ন করিয়াছেন, এই দেখ তিনি পদাগ্র দ্বারা দাঁড়াইয়াছিলেন বলিয়া তাঁহার অর্দ্ধমগ্ন পদচিহ্ন দেখা যাইতেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

কেশপ্রসাধনং ত্বত্র কামিন্যাঃ কামিনা কৃতম্।
তানি চূড়য়তা কান্তামুপবিষ্টমিহ ধ্রুবম্॥

শ্রীমদ্ভাগবত ১০।৩০।৩৪

এই স্থানে সেই কামুক কৃষ্ণ তাঁহার প্রেয়সী কামিনীর কেশ প্রসাধন করিয়াছেন আর এই স্থানে সেই সকল ফুলে কান্তার চূড়া রচনার জন্য নিশ্চয় উপবিষ্ট হইয়াছিলেন।

রেমে তয়া স্বাত্মরত আত্মারামোঽপ্যখণ্ডিতঃ।
কামিনাং দর্শয়ন্ দৈন্যং স্ত্রীণাঞ্চৈব দুরাত্মতাম্॥

শ্রীমদ্ভাগবত ১০।৩০।৩৫

হে রাজন্! ভগবান স্বতঃ পরিতৃপ্ত স্বক্রীড় এবং নারী বিভ্রমে অনাকৃষ্ট হইয়াও স্ত্রৈণ ব্যক্তিগণের দৈন্য ও স্ত্রীগণের দৌরাত্ম দেখাইবার নিমিত্ত সেই ব্রজরমণীর সহিত বিবিধভাবে রমণ করিলেন।

ইত্যেবং দর্শয়ন্ত্যস্তাশ্চেরুর্গোপ্যো বিচেতসঃ।

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৩৬

এইরূপে সেইসকল গোপীকাগণ বিহ্বলচিত্তা হইয়া পদ-চিহ্নাদি পরস্পর দেখাইতে দেখাইতে ভ্রমণ করিতে লাগিলেন।

যাং গোপীমনয়ৎ কৃষ্ণো বিহায়ান্যাঃ স্ত্রিয়ো বনে।
সা চ মেনে তদাত্মানং বরিষ্ঠং সর্ব্বযোষিতাম্।
হিত্বা গোপীঃ কাময়ানা মামসৌ ভজতে প্রিয়ঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৩৭

শ্রীকৃষ্ণ অন্য সমস্ত গোপীগণকে পরিত্যাগ করিয়া যে গোপীকে নির্জ্জন বনে আনয়ন করিয়াছিলেন, সেই গোপী তখন

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

প্রিয় শ্রীকৃষ্ণচন্দ্র তাঁহার চরণ সেবা প্রার্থিনী সমস্ত গোপীগণ পরিত্যাগ করিয়া আমাকেই প্রেমাদর করিতেছেন, এই হেতু নিজেকে সমস্ত গোপী অপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া মনে করিতে লাগিলেন।

ততো গত্বা বনোদ্দেশং দৃপ্তা কেশবমব্রবীৎ।
ন পারয়েঽহং চলিতুং নয় মাং যত্র তে মনঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৩৮

তদনন্তর সেই গোপী বনপ্রদেশে গমন করিয়া গর্ব্বিতা হইয়া শ্রীকৃষ্ণকে বলিলেন, আমি আর চলিতে পারিতেছি না। আমাকে তোমার যেখানে ইচ্ছা তুলিয়া লইয়া যাও।

এবমুক্তঃ প্রিয়ামাহ স্কন্ধ আরুহ্যতামিতি।
ততশ্চান্তর্দ্দধে কৃষ্ণঃ সা বধূরন্বতপ্যত॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৩৯

শ্রীকৃষ্ণ এই কথা শুনিয়া প্রয়সীকে বলিলেন, তবে তুমি আমার স্কন্ধে আরোহণ কর এবং তৎপরে শ্রীকৃষ্ণ সেখান হইতে অন্তর্হিত হইলেন, সেই রমণীও বিলাপ করিতে লাগিলেন।

হা নাথ! রমণ! প্রেষ্ঠ! ক্বাসি ক্বাসি মহাভুজ!
দাস্যাস্তে কৃপণায়া মে সখে! দর্শয় সন্নিধিম্॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৪০

হা নাথ, হা রমণ, হা প্রিয়তম, হা মহাবাহো! তুমি কোথায় আছ? তোমার এই দীনা কিঙ্করীকে তোমার সান্নিধ্য দেখাও।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

৫ই কার্ত্তিক—

শ্রীশুকঃ উবাচ—

অন্বিচ্ছন্ত্যো ভগবতো মার্গং গোপ্যোঽবিদূরতঃ।
দদৃশুঃ প্রিয়বিশ্লেষমোহিতাং দুঃখিতাং সখীম্ ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৪১

শ্রীশুক বলিলেন,—

গোপরমণীগণ এইরূপে শ্রীকৃষ্ণের গমন পথের অনুসরণ করিতে করিতে অনতিদূরে কোন শ্রীকৃষ্ণবিচ্ছেদে দুঃখীতা ও মোহিতা সখীকে দেখিতে পাইলেন।

তয়া কথিতমাকর্ণ্য মানপ্রাপ্তিঞ্চ মাধবাৎ।
অবমানঞ্চ দৌরাত্ম্যাদ্বিস্ময়ং পরমং যযুঃ ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৪২

তাঁহার নিকট হইতে মাধব কর্ত্তৃক তাঁহার সমাদর লাভের কথা এবং নিজের মানগর্ব্বাদির ফলে অবমাননার কথা শুনিয়া তাঁহারা যারপরনাই বিস্ময় প্রাপ্ত হইলেন।

ততোঽবিশন্ বনং চন্দ্রজ্যোৎস্না যাবদ্বিভাব্যতে।
তমঃপ্রবিষ্ট্যমালক্ষ্য ততো নিবব্বৃতুঃ স্ত্রিয়ঃ ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৪৩

তদনন্তর ব্রজরমণীগণ সেই কৃষ্ণ প্রিয়ার সহিত যতদূর পর্য্যন্ত জ্যোৎস্না লোক দেখা গেল ততদূর পর্য্যন্ত কৃষ্ণান্বেষণের জন্য বনে প্রবেশ করিলেন এবং পরে নিবিড় বনে অন্ধকার প্রবিষ্ট হইতে দেখিয়া শ্রীকৃষ্ণের অন্বেষণ হইতে নিবৃত্ত হইলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তন্মনস্কাস্তদালাপাস্তদ্বিচেষ্টাস্তদাত্মিকাঃ।
তদ্‌গুণানেব গায়ন্ত্যো নাত্মাগারাণি সস্মরুঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৪৪

শ্রীকৃষ্ণ নিবিষ্টচিত্তা গোপরমণীগণ তাঁহারই কথালাপে এবং তাঁহারই অন্বেষণ চেষ্টায় তন্ময়তা প্রাপ্ত হইয়া তাঁহারই গুণগান করিতে করিতে দেহ গৃহাদি স্মরণ করেন নাই।

পুনঃ পুলিনমাগত্য কালিন্দ্যাঃ কৃষ্ণভাবনাঃ।
সমবেতা জগুঃ কৃষ্ণং তদাগমনকাঙ্ক্ষিতাঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩০।৪৫

তখন তাঁহারা শ্রীকৃষ্ণের বিষয় ভাবিতে ভাবিতে পুনর্ব্বার কালিন্দীপুলিনে আগমনপূর্ব্বক সমবেত হইয়া শ্রীকৃষ্ণের আগমনাশায় শ্রীকৃষ্ণ গুণগানে প্রবৃত্ত হইলেন।

৬ই কার্ত্তিক—

শ্রীগোপ্য উচুঃ—
জয়তি তেঽধিকং জন্মনা ব্রজঃ শ্রয়ত ইন্দিরা শশ্বদত্র হি।
দয়িত! দৃশ্যতাং দিক্ষু তাবকাস্ত্বয়ি ধৃতাসবস্ত্বাং বিচিন্বতে॥

শ্রীমদ্ভাগবত—১০।৩১।১

গোপীগণ বলিলেন—হে দয়িত! তোমার জন্ম দ্বারা এই ব্রজভূমি সমধিক সমৃদ্ধিশালিনী হইয়াছে এবং সর্ব্বসম্পদধিষ্ঠাত্রী দেবী মহালক্ষ্মী এই ব্রজভূমি নিরন্তর অলঙ্কৃত করিয়া রহিয়াছেন, কিন্তু হায়! এই সেই আনন্দময় ব্রজে তদ্‌গতাপ্রাণা গোপীগণ তোমারই নিমিত্ত কোনরূপে প্রাণ ধারণ করিয়া কাতরে

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

তোমাকে চারিদিকে খুজিয়া বেড়াইতেছে। হে প্রিয়! একবার সেই আমাদের দৃষ্টিগোচর হও।

শরদুদাশয়ে সাধুজাতসৎসরসিজোদরশ্রীমূষা দৃশা।
সুরতনাথ! তেঽশুল্কদাসিকা বরদ! নিঘ্নতো নেহ কিং বধঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩১।২

হে সম্ভোগপতে! হে অভীষ্টপ্রদ! আমরা তোমার বিনামূল্যের দাসী; শরৎকালীন স্বচ্ছ সরোবরে সুবিকসিত কমলগর্ভের কান্তিহারী নয়নদ্বারা আমাদের জীবন হরণ করিলে কি লোকে বধ বলিয়া গণ্য হয় না?

বিষজলাপ্যয়াদ্ব্যালরাক্ষসাদ্ বর্ষমারুতাদ্ বৈদ্যুতানলাৎ!
বৃষময়াত্মজাদ্বিশ্বতো ভয়াদৃষভ! তে বয়ং রক্ষিতা মুহুঃ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩১।৩

হে পুরুষশ্রেষ্ঠ! কালীয়হ্রদের বিষময় জল হইতে, মহাসর্প-রূপধারী অঘাসুরের কবল হইতে, ইন্দ্রকৃত বর্ষণ ও ঝটিকা এবং অশনিপাত হইতে, বৃষাসুর, ব্যোমাসুর এবং অন্য সর্ব্ববিধ ভয় হইতে তুমি আমাদিগকে বারম্বার রক্ষা করিয়াছ, এক্ষণে উপেক্ষা করিতেছ কেন?

ন খলু গোপিকানন্দনো ভবানখিল দেহিনামন্তরাত্মদৃক্।
বিখনসার্থিতো বিশ্বগুপ্তয়ে সখ! উদেযিবান্ সাত্বতাং কুলে॥

শ্রীমদ্ভাগবত—১০।৩১।৪

হে সখে! তুমি যশোদার তনয় নহ; তুমি সর্ব্বজীবের বুদ্ধি সাক্ষী। কিন্তু ব্রহ্মার প্রার্থনায় বিশ্বপালনের জন্য তুমি

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সাত্বত কুলে জন্মগ্রহণ করিয়াছ। (বিশ্ব পালনার্থ অবতীর্ণ হইয়া ভক্তজনে উপেক্ষা করা অত্যন্ত অনুচিত)।

বিরচিতাভয়ং বৃষ্ণিধুর্য্য ! তে চরণমীয়ুষাং সংসৃতের্ভয়াৎ।
করসরোরুহং কান্ত ! কামদং শিরসি ধেহি নঃ শ্রীকরগ্রহম্ ॥

শ্রীমদ্ভাগবত—১০।৩১।৫

হে বৃষ্ণিশ্রেষ্ঠ ! হে কান্ত ! সংসার ভয়ে চরণে শরণাগত-জনের অভয়পদ সর্ব্বাভীষ্টপূরক কমলার করগ্রাহী তোমার করকমল আমাদের মস্তকে অর্পণ কর।

ব্রজজনার্ত্তিহন্ বীর ! যোষিতাং নিজজনস্ময়ধ্বংসনস্মিত।
ভজ সখে ! ভবৎকিঙ্করীঃ স্ম নো জলরুহাননং চারু দর্শয় ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।৬

হে ব্রজজনের আর্ত্তিনাশন ! হে বীর ! তোমার মৃদুমধুর হাস্য নিজজনগণের গর্ব্বনাশক, হে সখে ! আমরা তোমার কিঙ্করী আমাদিগের মনোরথ পূর্ণ কর। একবার তোমার মনোহর বদনকমল দেখাও।

প্রণতদেহিনাং পাপকর্ষণং তৃণচরানুগং শ্রীনিকেতনম্।
ফণিফণার্পিতং তে পদাম্বুজং কৃণু কুচেষু নঃ কৃন্ধি হৃচ্ছয়ম্ ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।৭

প্রণত জনের পাপনাশক, গোচারণকালে গবাদি পশুগণের অনুগ, সৌভাগ্যলক্ষ্মীর নিকেতন এবং কালীয়নাগের ফণায় নৃত্যচ্ছলে সমর্পিত তোমার ঐ চরণকমল আমাদের স্তনোপরি অর্পণ করিয়া আমাদের হৃদয়ের কাম নাশ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

মধুরয়া গিরা বল্গুবাক্যয়া বুধমনোজ্ঞয়া পুষ্করেক্ষণ।
বিধিকরীরিমা বীর! মুহ্যতীরধরসীধুনাপ্যায়য়স্ব নঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।৮

হে কমললোচন! হে বীর! পদলালিত্যাদি সমন্বিত বিজ্ঞচিত্তাকর্ষক তোমার মধুর বচনে মুগ্ধ এই কিঙ্করীগণকে তোমার অধরমধুদ্বারা আপ্যায়িত কর।

তব কথামৃতং তপ্তজীবনং কবিভিরীড়িতং কল্মষাপহম্।
শ্রবণমঙ্গলং শ্রীমদাততং ভুবি গৃণন্তি তে ভূরিদা জনাঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।৯

হে প্রিয়! তদীয় কথামৃত সর্ব্ববিধ তাপদগ্ধজনের জীবনপ্রদ, ব্রহ্মবিৎজনসংস্তুত, কামকর্ম্ম নিরসনকারী, শ্রবণমাত্র মঙ্গলপ্রদ সর্ব্বোৎকৃষ্ট এবং সর্ব্বত্র পরিণীত অতএব যে ব্যক্তি তোমার কথা কীর্ত্তন করে জগতে সে-ই শ্রেষ্ঠ দাতা।

৭ই কার্ত্তিক—

প্রহসিতং প্রিয়! প্রেমবীক্ষণং বিহরণঞ্চ তে ধ্যানমঙ্গলম্।
রহসি সংবিদো যা হৃদিস্পৃশঃ কুহক! নো মনঃ ক্ষোভয়ন্তি হি॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।১০

হে প্রিয়, হে কপট! তোমার ভাবোল্লাস হেতু প্রকট হাস্য, সপ্রেম অবলোকন, ধ্যানেও মঙ্গলপ্রদ, তোমার লীলা বিহার এবং নির্জ্জনে হৃদয়স্পর্শী মিলনসঙ্কেত এবং পরিহাস বচন আমাদের চিত্ত বিক্ষুব্ধ করিতেছে।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

চলসি যদ্‌ব্রজাচ্চারয়ন্ পশূন্ নলিনসুন্দরং নাথ! তে পদম্।
শিলতৃণাঙ্কুরৈঃ সীদতীতি নঃ কলিলতাং মনঃ কান্ত! গচ্ছতি॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।১১

হে নাথ, হে কান্ত! যখন তুমি গোচারণ করিবার জন্য গোষ্ঠ হইতে বনদেশে যাও তখন তোমার পদ্মকোষ হইতেও মনোহর এবং সুকোমল চরণতল কঙ্কর এবং তৃণাঙ্কুরাঘাতে ব্যথিত হইতেছে সম্ভাবনা করিয়া আমাদের মন ব্যাকুল হইয়া পড়ে।

দিনপরিক্ষয়ে নীলকুন্তলৈর্বনরুহাননং বিভ্রদাবৃতম্।
ধনরজস্বলং দর্শয়ন্ মুহুর্ম্মনসি নঃ স্মরং বীর! যচ্ছসি॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।১২

হে বীর! তুমি দিবা অবসানসময়ে আসিয়া নীলকুন্তলে আবৃত এবং গোরজশ্ছুরিত তোমার কমলাননখানি আমাদের বার বার দেখাইয়া, হে কপট! আমাদের হৃদয়ে কেবল কামই সঞ্চার করিতে থাক।

প্রণতকামদং পদ্মজার্চ্চিতং ধরণিমণ্ডনং ধ্যেয়মাপদি।
চরণপঙ্কজং শন্তমঞ্চ তে রমণ! নঃ স্তনেষ্বর্পয়াধিহন্॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।১৩

হে আধিহারিন্! হে রমণ! প্রণত জনের সর্ব্বাভীষ্ট পূরক, ব্রহ্মা কর্ত্তৃক অর্চ্চিত, ধরণীর ভূষণ, ধ্যানমাত্রে সর্ব্বাপদ বিনাশন, সেবাসময়েও পরমসুখপ্রদ তোমার চরণপদ্ম কামতাপ শান্তি নিমিত্ত আমাদের স্তনে অর্পণ কর।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

সুরতবর্দ্ধনং শোকনাশনং স্বরিতবেণুনা সুষ্ঠু চুম্বিতম্।
ইতররাগবিস্মারণং নৃণাং বিতর বীর! নস্তেঽধরামৃতম্॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।১৪

হে বীর! তোমার অধরামৃত সম্ভোগরসবর্দ্ধক, শোকনাশক, স্বরসংযোযিত বেণু যাহাকে সুন্দররূপে চুম্বন করিতেছ, যাহাতে সার্ব্বভৌমাদি সুখেচ্ছাও বিস্মরণ করায় তোমার সেই অধরামৃত আমাদিগকে বিতরণ কর।

অটতি যদ্ভবানহ্নি কাননং ত্রুটির্যুগায়তে ত্বামপশ্যতাম্।
কুটিলকুন্তলং শ্রীমুখঞ্চ তে জড় উদীক্ষতাং পক্ষ্মকৃদ্ দৃশাম্॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।১৫

(হে প্রিয়) তুমি দিবসে যখন বৃন্দাবন গমন কর তোমাকে না দেখাতে আমাদের নিকট ক্ষণার্দ্ধকালও যুগতুল্য মনে হয় এবং দিনান্তে তুমি প্রত্যাগত হইলে তোমার কুটিলকুন্তলমণ্ডিত সুশোভন শ্রীমুখ যখন ঊর্দ্ধমুখে নিরীক্ষণ করি, নিমেষমাত্র ব্যবধান অসহ্য হওয়ায় আমাদের নিকট চক্ষুর পক্ষ্মকৃৎ ব্রহ্মা হীনবুদ্ধি বলিয়া গণ্য হন।

পতিসুতান্বয়ভ্রাতৃবান্ধবানতিবিলঙ্ঘ্য তেঽন্ত্যচ্যুতাগতাঃ।
গতিবিদস্তবোদ্গীতমোহিতাঃ কিতব! যোষিতঃ কস্ত্যজেন্নিশি॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।১৬

হে অচ্যুত! তুমি আমাদের আগমন কারণ জান। তোমার উচ্চগীতে মোহিত হইয়া পতি, পুত্র, জ্ঞাতি, ভ্রাতা ও বান্ধবসকলকে অনাদরপূর্ব্বক অতিক্রম করিয়া তোমার নিকট

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu. Trust. Funding by MoE-IKS

আমরা আসিয়াছি। হে শঠ! রাত্রিকালে স্বয়ং আগতা প্রমদাজনকে কোন্ পুরুষ পরিত্যাগ করিয়া থাকে?

রহসি সম্বিদং হৃচ্ছয়োদয়ং প্রহসিতাননং প্রেমবীক্ষণম্।
বৃহদুরঃ শ্রিয়ো বীক্ষ্য ধাম তে মুহুরতিস্পৃহা মুহ্যতে মনঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।১৭

হে প্রিয়! নির্জ্জনে তোমার মর্ম্মসঙ্কেত এবং যাহাতে কামোদয় হয় তাদৃশ সহাস্য বদন, সপ্রেম দৃষ্টি এবং লক্ষ্মীর নিকেতন তদীয় বিশাল বক্ষঃস্থল নিরীক্ষণ করিয়া আমাদের যে অতিশয় স্পৃহা জন্মিয়াছে সেই স্পৃহাবশতঃ আমাদের মন পুনঃ পুনঃ মোহগ্রস্ত হইয়া পড়িতেছে।

ব্রজবনৌকসাং ব্যক্তিরঙ্গ! তে বৃজিনহন্ত্র্যলং বিশ্বমঙ্গলম্।
ত্যজ মনাক্ চ নস্ত্বৎ স্পৃহাত্মনাং স্বজনহৃদ্রুজাং যন্নিসূদনম্॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।১৮

হে প্রভো! তোমার এই আবির্ভাব ব্রজবাসী সকলেরই দুঃখ নিরসনের জন্য এবং ইহা বিশ্বের মঙ্গল স্বরূপ। অতএব যাহা তোমার নিজ জনের হৃদ্‌রোগের নিবর্ত্তক ঔষধ, তোমাতেই স্পৃহান্বিতচিত্তা আমাদিগকে সেই ঔষধ কিঞ্চিৎ প্রদান কর।

যৎ তে সুজাতচরণাম্বুরুহং স্তনেষু
ভীতাঃ শনৈঃ প্রিয়! দধীমহি কর্কশেষু।
তেনাটবীমটসি তদ্ব্যথতে ন কিং স্বিৎ
কূর্পাদিভির্ভ্রমতি ধীর্ভবদায়ুষাং নঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩১।১৯

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

হে প্রিয়! তোমার সুকোমল পদকমল আমাদের কঠিন স্তনমণ্ডলে আমরা ভীত হইয়া ধীরে ধীরে ধারণ করিয়া থাকি, তুমি সেই চরণে এখন বনে বনে ভ্রমণ করিতেছ উহা কি তীক্ষ্ণ সূক্ষ্ম শিলাদি দ্বারা ব্যথিত হইতেছে না? তুমিই আমাদের জীবন, এইজন্য আমাদের চিত্ত অতিশয় ব্যাকুল হইয়া পড়িতেছে।

৮ই কার্ত্তিক—

শ্রীশুকঃ উবাচ—

ইতি গোপ্যঃ প্রগায়ন্ত্যঃ প্রলপন্ত্যশ্চ চিত্রধা।
রুরুদুঃ সুস্বরং রাজন্! কৃষ্ণদর্শনলালসাঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩২।১

শ্রীশুকদেব বলিলেন—হে রাজন! এইরূপে গোপীগণ অতিশয় প্রকৃষ্টরূপে গান ও নানাপ্রকার প্রলাপপূর্ব্বক সুস্বরে রোদন করিতে লাগিলেন।

তাসামাবিরভূচ্ছৌরিঃ স্মরমানমুখাম্বুজঃ।
পীতাম্বরধরঃ স্রগ্বী সাক্ষান্মন্মথমন্মথঃ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩২।২

সহাস্য মুখপঙ্কজ, পীতবসনধর, মাল্যবিভূষিত, শূরবংশোদ্ভব শ্রীকৃষ্ণ জগন্মোহন কামদেবেরও সাক্ষাৎ মোহজনক রূপে, সেই রোদনপরায়ণা গোপীগণের মধ্যে আবির্ভূত হইলেন।

তং বিলোক্যাগতং প্রেষ্ঠং প্রীত্যুৎফুল্লদৃশোঽবলাঃ।
উত্তস্থুর্যুগপৎ সর্ব্বাস্তন্বঃ প্রাণমিবাগতম্॥

শ্রীমদ্ভাগবত ১০।৩২।৩

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

অবলাগণ সেই প্রিয়তমকে আগত দেখিয়া প্রীতি হেতু উৎফুল্ল নয়নে দেহে বিগতপ্রাণ ফিরিয়া আসিলে কর চরণাদি যেমন উত্থিত হয়, সেইরূপ সকলে যুগবৎ উত্থিত হইলেন।

কাচিৎ করাম্বুজং শৌরের্জাগৃহেঽঞ্জলিনা মুদা।
কাচিদ্দধার তদ্বাহুমংসে চন্দনরূষিতম্॥

শ্রীমদ্ভাগবত ১০।৩২।৪

কোন গোপী আনন্দ সহকারে যুক্ত করে শ্রীকৃষ্ণের কর কমল গ্রহণ করিলেন, কোন গোপী শ্রীকৃষ্ণের চন্দনলিপ্ত বাহু নিজের স্কন্ধদেশে ধারণ করিলেন।

কাচিদঞ্জলিনাগৃহ্লাৎ তন্বী তাম্বূলচর্ব্বিতম্।
একা তদঙ্ঘ্রিকমলং সন্তপ্তা স্তনয়োরধাৎ॥

শ্রীমদ্ভাগবত ১০।৩২।৫

কোন গোপী তাঁহার চর্ব্বিত তাম্বুল অঞ্জলিপুটে গ্রহণ করিলেন; অপর এক বিরহসন্তপ্তা ব্রজাঙ্গনা তদীয় চরণকমল নিজ স্তনদ্বয়ে স্থাপন করিলেন।

একা ভ্রুকুটিমাবধ্য প্রেমসংরম্ভবিহ্বলা।
ঘ্নন্তীবৈক্ষৎ কটাক্ষেপৈঃ সন্দষ্টদশনচ্ছদা॥

শ্রীমদ্ভাগবত ১০।৩২।৬

একজন গোপী প্রণয় কোপাবেশে বিবশা হইয়া ওষ্ঠাধর দংশনপূর্ব্বক ভ্রূভঙ্গী করতঃ কটাক্ষ বিক্ষেপে শ্রীকৃষ্ণকে যেন তাড়না করিতে করিতে দর্শন করিতে লাগিলেন।

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi

Digitization by eGangotri and Sarayu Trust. Funding by MoE-IKS

CC0. In Public Domain. Sri Sri Anandamayee Ashram Collection, Varanasi